


প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য যোগ্যতাভিত্তিক মূল্যায়ন বিষয়ক
প্রশিক্ষণ ম্যানুয়াল



জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী
(নেপ)

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য Competency based item development, marking and test
administration বিষয়ক প্রশিক্ষণ ম্যানুয়াল

রচনায়

শেলী দত্ত
বীথি সরকার
ফারহানা আজাদ
মো. জহুরুল হক
মো. আব্দুল জলিল
মো. মাজহারুল হক
মো. নজরুল ইসলাম
মো. শাহ আলম সরকার
মোহাম্মদ নাজমুল হাসান
এম.এইচ.এম. রুহুল আমিন

পরিমার্জনে

মোঃ জহুরুল হক
আয়েশা আখতার খাতুন
মোঃ মাজহারুল হক
মোঃ মাজহারুল ইসলাম খান

সম্পাদনায়

মোঃ শাহ আলম
পরিচালক, নেপ
সৈয়দ নাজিম উদ্দিন
উপ-পরিচালক, নেপ

সেপ্টেম্বর, ২০১৪

জাতিয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)

ক্রমিক নম্বর	দিন ও অধিবেশন	বিষয়	পৃষ্ঠা নম্বর
১	দিন-১ অধিবেশন-১	পরিচিতি, উদ্দেশ্য, প্রশিক্ষণের নিয়মাবলি	৬
২	দিন-১ অধিবেশন-২	যোগ্যতাভিত্তিক প্রাথমিক শিক্ষাক্রম	৮
৩	দিন-১ অধিবেশন-৩	বেঞ্জামিন ব্লুমের শিখনক্ষেত্র	১৭
৪	দিন-১ অধিবেশন-৪	কৃতিত্ব অভীক্ষা, নৈর্ব্যক্তিক অভীক্ষাপদ	২৫
৫	দিন-১ অধিবেশন-৫	কৃতিত্ব অভীক্ষা, নৈর্ব্যক্তিক অভীক্ষাপদ	২৫
৬	দিন-২ অধিবেশন-১	যোগ্যতা অনুসারে বিষয়ভিত্তিক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞানমূলক, উপলব্ধিমূলক ও প্রয়োগমূলক)	৩৬
৭	দিন-২ অধিবেশন-২	যোগ্যতা অনুসারে বিষয়ভিত্তিক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞানমূলক, উপলব্ধিমূলক ও প্রয়োগমূলক)	৩৬
৮	দিন-২ অধিবেশন-৩	কাঠামোবদ্ধ অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞান, অনুধাবন ও প্রয়োগমূলক)	৪৯
৯	দিন-২ অধিবেশন-৪	কাঠামোবদ্ধ অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞান, অনুধাবন ও প্রয়োগমূলক)	৪৯
১০	দিন-২ অধিবেশন-৫	কাঠামোবদ্ধ অভীক্ষাপদের উত্তর লিখন ও মার্কিং স্কিম প্রণয়ন	৬৫
১১	দিন-৩ অধিবেশন-১	মার্কিং স্কিম অনুসরণে অভীক্ষাপদের উত্তর মূল্যায়ন ও পর্যালোচনা	১২১
১২	দিন-৩ অধিবেশন-২	মার্কিং স্কিম অনুসরণে অভীক্ষাপদের উত্তর মূল্যায়ন ও পর্যালোচনা	১২১
১৩	দিন-৩ অধিবেশন-৩	টেস্ট এ্যাডমিনিস্ট্রেশন	১২৫
১৪	দিন-৩ অধিবেশন-৪	মূল্যায়ন অনুশীলন ও উত্তরপত্র মূল্যায়ন পর্যালোচনা	১২৮
১৫	দিন-৩ অধিবেশন-৫	মুক্ত আলোচনা	

প্রশিক্ষণ কর্মসূচি

ক্রমিক নং	অধিবেশন	সময়	বিষয়
দিন-১	অধিবেশন-১	০৯:১৫-১০:৩০	পরিচিতি. উদ্দেশ্য, প্রশিক্ষণের নিয়মাবলি
	চা বিরতি (১০:৩০-১১:০০)		
	অধিবেশন-২	১১:০০-১২:১৫	যোগ্যতাভিত্তিক প্রাথমিক শিক্ষাক্রম
	অধিবেশন-৩	১২:১৫-০১:৩০	বেঞ্জামিন ব্রুমের শিখনক্ষেত্র
	মধ্যাহ্ন বিরতি ও নামাজ (০১:৩০-০২:৩০)		
	অধিবেশন-৪	০২:৩০-০৩:৪৫	কৃতিত্ব অভীক্ষা, নৈর্ব্যক্তিক অভীক্ষাপদ
	চা বিরতি (০৩:৪৫-০৪:০০)		
	অধিবেশন-৫	০৪:০০-০৫:১৫	কৃতিত্ব অভীক্ষা, নৈর্ব্যক্তিক অভীক্ষাপদ
দিন-২	অধিবেশন-১	০৯:১৫-১০:৩০	যোগ্যতা অনুসারে বিষয়ভিত্তিক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞানমূলক, উপলব্ধিমূলক ও প্রয়োগমূলক)
	চা বিরতি (১০:৩০-১১:০০)		
	অধিবেশন-২	১১:০০-১২:১৫	যোগ্যতা অনুসারে বিষয়ভিত্তিক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞানমূলক, উপলব্ধিমূলক ও প্রয়োগমূলক)
	অধিবেশন-৩	১২:১৫-০১:৩০	কাঠামোবদ্ধ অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞান, অনুধাবন ও প্রয়োগমূলক)
	মধ্যাহ্ন বিরতি ও নামাজ (০১:৩০-০২:৩০)		
	অধিবেশন-৪	০২:৩০-০৩:৪৫	কাঠামোবদ্ধ অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞান, অনুধাবন ও প্রয়োগমূলক)
	চা বিরতি (০৩:৪৫-০৪:০০)		
	অধিবেশন-৫	০৪:০০-০৫:১৫	কাঠামোবদ্ধ অভীক্ষাপদের উত্তর লিখন ও মার্কিং স্কিম প্রণয়ন
দিন-৩	অধিবেশন-১	০৯:১৫-১০:৩০	মার্কিং স্কিম অনুসরণে অভীক্ষাপদের উত্তর মূল্যায়ন ও পর্যালোচনা
	চা বিরতি (১০:৩০-১১:০০)		
	অধিবেশন-২	১১:০০-১২:১৫	মার্কিং স্কিম অনুসরণে অভীক্ষাপদের উত্তর মূল্যায়ন ও পর্যালোচনা
	অধিবেশন-৩	১২:১৫-০১:৩০	টেস্ট এ্যাডমিনিস্ট্রেশন
	মধ্যাহ্ন বিরতি ও নামাজ (০১:৩০-০২:৩০)		
	অধিবেশন-৪	০২:৩০-০৩:৪৫	মূল্যায়ন অনুশীলন ও উত্তরপত্র মূল্যায়ন পর্যালোচনা
	চা বিরতি (০৩:৪৫-০৪:০০)		
	অধিবেশন-৫	০৪:০০-০৫:১৫	মুক্ত আলোচনা ও সমাপনী

দিন - ১
অধিবেশন -১

১। অধিবেশনের শিরোনাম: পরিচিতি, উদ্দেশ্য, প্রশিক্ষণের নিয়মাবলি
২। মূলভাব: কর্মশিবিরের প্রথম দিন অংশগ্রহণকারীদের মধ্যে কিছুটা জড়তা বিরাজ করে। কর্মশিবির সৃষ্টিভাবে পরিচালনার জন্য তাদের জড়তামুক্তকরণ একান্ত প্রয়োজন। এজন্য প্রথমদিন থেকেই প্রতিটি অধিবেশনে তারা যাতে সহজ ও স্বাচ্ছন্দ্যবোধ করেন সে জন্য একটি আনন্দঘন পরিবেশ সৃষ্টি করতে হয়। পরিচয় পর্বেই ভাব বিনিময় ও হাস্যরস সৃষ্টির মাধ্যমে এ আনন্দময় পরিবেশ সৃষ্টি করা যায়। প্রতিটি কর্মশিবিরের কিছু সুনির্দিষ্ট উদ্দেশ্য থাকে। এ উদ্দেশ্যসমূহ যদি অংশগ্রহণকারীদের ধ্যান-ধারণার সঙ্গে সংগতিপূর্ণ হয় তাহলে সে উদ্দেশ্যসমূহ অর্জনে তারা স্বভাবতই সচেষ্ট হন। তাই কর্মশিবিরের উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের কিছু নিয়মাবলি অনুসরণ করা প্রয়োজন। এ অধিবেশনে অংশগ্রহণকারীগণ পরস্পরের সাথে পরিচিত হবেন এবং কর্মশিবিরের উদ্দেশ্য ও নিয়মাবলি সম্পর্কে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে অবহিত হবেন।

৩। সময়: ১ ঘন্টা ১৫ মিনিট

৪। শিখনফল: এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

- একে অপরের সাথে পরিচিত হবেন
- কর্মশিবিরের উদ্দেশ্য বলতে পারবেন
- কর্মশিবিরের নিয়মাবলি নির্ধারণ করতে পারবেন

৫। সহায়ক সামগ্রী: নেমকার্ড, মার্কার, পোস্টার পেপার, সংখ্যাকার্ড, মাল্টিমিডিয়া, ল্যাপটপ ইত্যাদি।

৬। পদ্ধতি ও কৌশল: ব্রেইনস্টর্মিং, জোড়ায় আলোচনা, প্লেনারি আলোচনা, উপস্থাপন ইত্যাদি।

৭। কার্যাবলি

কাজ - ১: একে অপরের সাথে পরিচিত হওয়া

সময়: ৩৫মিনিট

- অধিবেশনের প্রস্তুতি হিসেবে পূর্বেই সহায়কসহ যতজনকে অংশগ্রহণে আমন্ত্রণ জানান হয়েছে ততটি নম্বর কার্ড তৈরি করে রাখুন। প্রত্যেক অংশগ্রহণকারীকে একটি করে নম্বর কার্ড দিন। (ধরুন সহায়ক ও অংশগ্রহণকারীর সংখ্যা সর্বমোট ২৫জন অংশগ্রহণকারীগণের মধ্যে বিতরণকৃত শেষ কার্ডের নম্বরের (এ ক্ষেত্রে ২৫) সাথে ১ যোগ করে যোগফল বলতে বলুন। (এ ক্ষেত্রে যোগফল = ২৫+১=২৬)। যে দুজনের কার্ডের নম্বরের যোগফল নির্ধারিত যোগফলের (এ ক্ষেত্রে ২৬) সমান হবে তাদেরকে জোড়া বাঁধতে বলুন।
- একজন কার্ডধারী কোন সঙ্গী না পেলে (এ ক্ষেত্রে ১৩ নম্বর কার্ডধারী) নিজে তার সঙ্গী হোন।
- প্রত্যেক জোড়াকে পরস্পরের সঙ্গে আলাপ করে একে অপরের সম্পর্কে নিম্নের তথ্যাদি সংগ্রহ করতে বলুন।

ক. নাম ও পদবী	:
খ. কর্মস্থল	:
গ. পারিবারিক তথ্য:	:
ঘ. নিজের একটি যোগ্যতা	:
ঙ. মজার ঘটনা	:
- প্রত্যেক জোড়াকে পর পর ডাকুন এবং সংগৃহীত তথ্যের আলোকে একে অন্যের পরিচয় করিয়ে দিতে বলুন।

কাজ - ২: কর্মশিবিরের উদ্দেশ্য জানা

সময়: ২৫মিনিট

- এ প্রশিক্ষণ থেকে অংশগ্রহণকারীগণ কী প্রত্যাশা করেন তা ১ মিনিট চিন্তা করে এবং পাশের জনের সঙ্গে আলোচনা করে তা বলতে সহায়তা করুন। প্রতি ২জন থেকে ১জনকে একটি করে প্রত্যাশা বলতে দিন।
- প্রাপ্ত উত্তরসমূহ হোয়াইট বোর্ড/পোস্টার পেপারে নিজে লিখুন বা একজন অংশগ্রহণকারীকে লিখতে বলুন।
- এবার প্রশিক্ষণ ম্যানুয়ালে উল্লেখিত উদ্দেশ্যসমূহ (সহায়ক তথ্য-১) লেখা স্লাইড/পোস্টার পেপার প্রদর্শন করুন। প্রদর্শিত উদ্দেশ্যের সাথে অংশগ্রহণকারীদের প্রত্যাশার মিল করতে সহায়তা করুন। প্রয়োজনে ব্যাখ্যা দিন।

- অংশগ্রহণকারীদের প্রশ্ন করুন, “প্রশিক্ষণ কর্মশিবির সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কী কী নিয়ম মেনে চলা উচিত বলে মনে করেন?” প্রত্যেককে একটি করে প্রশিক্ষণ কালীন অনুসরণীয় নিয়ম বলতে বলুন। অংশগ্রহণকারীদের একজনকে বোর্ডে লিখতে বলুন।
- পূর্বে লেখা ‘কর্মশিবিরের নিয়মাবলি’(সহায়ক তথ্য-২) স্লাইড/পোস্টার পেপার টানিয়ে অংশগ্রহণকারীদের দৃষ্টি আকর্ষণ করুন। নতুন কোন নিয়ম পেলে তা যোগ করুন। নিয়মাবলিগুলো সকলকে মেনে চলতে হবে তা স্মরণ করিয়ে দিন।
- অতপর সকলকে কর্মশালার প্রয়োজনীয়তা বিষয়ক মতামতপত্র দিন। ৫ মিনিট সময় দিন মতামত প্রদানের জন্য।

সহায়ক তথ্য-১

প্রশিক্ষণের উদ্দেশ্য

- প্রাথমিক স্তরের যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম সম্পর্কে জানা সম্পর্কে জানা।
- শিখনের ক্ষেত্র কয়টি ও কী কী তা জানা
- শিখনক্ষেত্রের ধারণা প্রয়োগ করে যোগ্যতাভিত্তিক অভীক্ষাপদ প্রণয়ন সম্পর্কে জানা।
- বিভিন্ন ধরনের অভীক্ষা সম্পর্কে ধারণা লাভ করে অভীক্ষাপদ প্রণয়ন কৌশল অবহিত হওয়া।
- অভীক্ষাপদ মূল্যায়ন কৌশল সম্পর্কে জানা।
- মার্কিং স্কিম তৈরি কৌশল জানা
- মার্কিং স্কিম অনুযায়ী মূল্যায়ন করতে পারা।

সহায়ক তথ্য-২

কর্মশিবিরের নিয়মাবলি

- সময় মেনে চলা
- মনোযোগী হওয়া
- প্রশ্ন করতে হলে হাত তোলা
- দলগত কাজে সক্রিয় অংশগ্রহণ করা
- অন্যের কথা বলার সময় কথা না বলা
- অন্যের ওপর নিজের মতামত চাপিয়ে না দেয়া
- অন্যের মতামত গুরুত্ব সহকারে বিবেচনা করা
- দায়িত্বশীল আচরণ করা
- কোন বিষয় না বুঝলে নিঃসংকোচে জানতে চাওয়া
- নেম কার্ড ব্যবহার করা
- প্রশিক্ষণ কক্ষের পরিবেশ পরিচ্ছন্ন রাখা
- বক্তব্য সুস্পষ্ট, সুনির্দিষ্ট ও সংক্ষিপ্ত আকারে বলা
- শ্রবনযোগ্য স্বরে কথা বলা
- মোবাইল ফোন silent রাখা

দিন-১
অধিবেশন-২

১। শিরোনাম: যোগ্যতাভিত্তিক প্রাথমিক শিক্ষাক্রম

২। মূলভাব: বাংলাদেশে প্রাক-প্রাথমিক এবং প্রাথমিক স্তরে যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম চালু আছে এবং উক্ত শিক্ষাক্রমের আলোকে ১ম শ্রেণি হতে ৫ম শ্রেণি পর্যন্ত পাঠ্যপুস্তক রচিত হয়েছে। প্রতি বিষয়ের জন্য বিষয়ভিত্তিক প্রাস্তিক যোগ্যতা নির্ধারণ করা আছে। বিষয়ভিত্তিক প্রাস্তিক যোগ্যতাকে ভেঙ্গে শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা নির্ধারণ করা হয়েছে। শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা অর্জনের জন্য শিখনফল নির্ধারণ করা হয়েছে। শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতার প্রেক্ষিতে বিভিন্ন শ্রেণিতে বিষয়বস্তু সন্নিবেশে সহজ হতে কঠিন অনুক্রম অনুসরণ করা হয়েছে। শিক্ষার্থীরা যদি পাঠের নির্ধারিত শিখনফলসমূহ যথাযথভাবে অর্জন করতে পারে তবে তা বাস্তব জীবনে দক্ষতার সাথে প্রয়োগ করতে পারবে। এ অধিবেশন শেষে যোগ্যতাভিত্তিক কারিকুলাম সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা সমৃদ্ধ হবে।

৩। শিখনফল: এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

- যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রণয়ন কৌশল বর্ণনা করতে পারবেন।
- প্রাস্তিক যোগ্যতা, অর্জন উপযোগী যোগ্যতা এবং পাঠের শিখনফল ব্যাখ্যা করতে পারবেন।

৪। সময়: ১ঘন্টা ১৫ মিনিট

৫। সহায়ক সামগ্রী: ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, পোস্টার পেপার, মার্কার, তথ্যপত্র ইত্যাদি।

৬। পদ্ধতি ও কৌশল: প্রশ্নোত্তর, আলোচনা, ব্রেইনস্টর্মিং, একক কাজ, জোড়ায় কাজ, দলীয় কাজ উপস্থাপন ইত্যাদি।

৭। কার্যাবলি:

কাজ-১: যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রণয়ন কৌশল বর্ণনা করতে পারবেন

সময়: ২০ মিনিট

- যোগ্যতার প্রতিফলন আছে এরূপ কোনো সজীবকরণ কাজ অংশগ্রহণকারীদের ১/২ জনকে সংক্ষেপে করতে সহায়তা করুন।
- বোর্ডে 'যোগ্যতা' শব্দটি লিখে যোগ্যতা সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা ব্যক্ত করতে সহায়তা করুন এবং তাদের করা সজীবকরণ কাজে যোগ্যতার প্রতিফলন আছে কিনা, থাকলে কীরকম প্রতিফলন আছে তা প্রকাশ করতে সহায়তা করুন।
- সহায়ক তথ্যের (সহায়ক তথ্য-৩) কারিকুলাম প্রণয়নের ফ্লু-চার্টটি মাল্টিমিডিয়ার মাধ্যমে প্রদর্শন করে এবং আলোচনার সুযোগ দিয়ে অংশগ্রহণকারীদের যোগ্যতাভিত্তিক কারিকুলাম প্রণয়ন কৌশল জানতে সহায়তা করুন।

কাজ-২: প্রাস্তিক যোগ্যতা, অর্জন উপযোগী যোগ্যতা এবং পাঠের শিখনফল ব্যাখ্যা করা

সময়: ৫০ মিনিট

- মাল্টিমিডিয়ায় প্রাস্তিক যোগ্যতার তালিকা (সহায়ক তথ্য-৪) প্রদর্শন করে অংশগ্রহণকারীদের মনোযোগসহকারে দেখতে বলুন এবং প্রশ্ন করতে উদ্বুদ্ধ করে আলোচনার মাধ্যমে সকলের ধারণা সুস্পষ্ট করতে সহায়তা করুন।
- সহায়ক তথ্যের বিষয়ভিত্তিক প্রাস্তিক যোগ্যতার চার্টটি (সহায়ক তথ্য-৫) মাল্টিমিডিয়ায় প্রদর্শন করে এব্যাপারে জানতে সহায়তা করুন এবং কোনো প্রশ্ন থাকলে তা আলোচনার মাধ্যমে সুস্পষ্ট করুন।
- অংশগ্রহণকারীদের ৬টি দলে (বাংলা/ইংরেজি/গণিত/প্রাথমিক বিজ্ঞান/বাংলাদেশ ও বিশ্ব পরিচয়/ধর্ম ও নৈতিক শিক্ষা) ভাগ করুন এবং প্রতি দলে বিষয়ভিত্তিক কর্মপত্র-১ দিন। দলে আলোচনা করে প্রতিটি যোগ্যতা/শিখনফলের বিপরীতে প্রয়োজ্য ঘরে টিক চিহ্ন দিতে বলুন। প্রতি ক্ষেত্রে ১ম সারি- শিখনফল; ২য় সারি- শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, ৩য় সারি- বিষয়ভিত্তিক প্রাস্তিক যোগ্যতা। এবার যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল বলতে কী বুঝায় তা বলতে বলুন এবং আলোচনাক্রমে সিদ্ধান্তে উপনীত হোন।

৭। মূল্যায়ন:

সময়: ৫ মিনিট

- (ক) শিখন শেখানো কার্যক্রম পরিচালনার পূর্বে শিখনফল সনাক্ত করা প্রয়োজন কেন?
(খ) শিক্ষাক্রমের প্রবাহ চিত্রের সর্বশেষ ধাপটি কী? ধাপটির প্রয়োজনীয়তা কী?
(গ) বিষয়বস্তু নির্ধারণের ক্ষেত্রে প্রবাহ চিত্রের কোন ধাপটি সরাসরি বিবেচনা করা হয়?

৮। স্ব-অনুচিন্তণ:

- অধিবেশনটি কতটা দক্ষতার সাথে পরিচালনা করতে সক্ষম হয়েছেন, চিন্তা করুন।
- দলীয় কাজে সবার অংশগ্রহণ ছিল কি? কেউ নিষ্ক্রিয় থাকলে তার কারণ ভাবুন।
- সকলে শিখনফল অর্জন করতে পেরেছেন কি? না পারলে তার জন্য কী পদক্ষেপ নেয়া প্রয়োজন ছিল তা লিখুন

সহায়ক তথ্য-৩: যোগ্যতার ধারণা

২০১২ সনে পরিমার্জিত প্রাথমিক শিক্ষাক্রমে ২৯টি প্রান্তিক যোগ্যতা নির্ধারণ করা হয়েছে। এ প্রান্তিক যোগ্যতাসমূহ প্রাথমিক শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য ও জাতীয় আদর্শের ভিত্তিতে এবং শিশুর শারীরিক, মানসিক ও আবেগিক বিকাশ সাধন এবং তাদেরকে দেশাত্মবোধে, বিজ্ঞান মনস্কতায়, সৃজনশীলতায় ও উন্নত জীবন দর্শনে উদ্বুদ্ধ করার প্রয়াসে নির্ধারণ করা হয়েছে।

যোগ্যতা: শিখন শেখানোর মধ্য দিয়ে কোন জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি পরিপূর্ণভাবে আয়ত্ত করার পর শিশু তার বাস্তব জীবনে প্রয়োজনের সময়ে তা কাজে লাগাতে পারলে সেই জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গিকে তার একটি যোগ্যতা বলা হয়। উদাহরণ- বাংলা বিষয়ের শিখন শেখানো প্রক্রিয়ার মাধ্যমে শুদ্ধভাবে ও স্পষ্ট স্বরে কথা বলতে পারার দক্ষতা আয়ত্ত করার পর শিশু যদি নিজ গৃহে এবং বন্ধুদের সাথে শুদ্ধ ভাষায় ও স্পষ্ট স্বরে কথা বলতে পারে অর্থাৎ জীবনের সর্বক্ষেত্রে যদি তা সঠিকভাবে প্রয়োগ করতে পারে তবে সেটি তার যোগ্যতা বলে বিবেচিত হবে।


প্রান্তিক যোগ্যতা: প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত পাঁচ বছর মেয়াদি প্রাথমিক শিক্ষা শেষে যে নির্ধারিত যোগ্যতাগুলো অর্জন করবে বলে আশা করা হয় সেগুলো প্রাথমিক শিক্ষা স্তরের প্রান্তিক যোগ্যতা। যেমন- বাংলাদেশ ও বিশ্ব পরিচয় বিষয়ে সংশ্লিষ্ট প্রান্তিক যোগ্যতা- জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে জানা এবং এ বিষয়ের প্রতি শ্রদ্ধাশীল হওয়া।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা: প্রতিটি বিষয়ের মাধ্যমে প্রাথমিক স্তরের শিক্ষা শেষে ২৯টি প্রান্তিক যোগ্যতা অর্জিত হবে, যা শিক্ষার্থী কোন নির্দিষ্ট বিষয়ের মাধ্যমে প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত অধ্যয়ন শেষে তা অর্জন করবে। এসব যোগ্যতাকে বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা বলে।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা: বিভিন্ন শ্রেণিতে ধাপে ধাপে নির্ধারিত যোগ্যতা অর্জনের মাধ্যমে প্রান্তিক যোগ্যতা অর্জিত হয়। শ্রেণিভিত্তিক যোগ্যতার এই বিভাজিত ক্রমকে শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা বলে।

শিখনফল: কোন একটি পাঠ শেষে শিক্ষার্থী কী জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জন করবে সে সম্পর্কে পূর্ব নির্ধারিত সুস্পষ্ট ও সুনির্দিষ্ট বাক্য হলো শিখনফল। এই শিখনফল অর্জনের মাধ্যমে শিক্ষার্থীর কোন একটি যোগ্যতা অর্জিত হবে। এই শিখনফলের মাধ্যমে শিক্ষার্থীর আচরণের পরিবর্তন ঘটায় বলে একে আচরণিক উদ্দেশ্যও বলা হয়।

যোগ্যতাভিত্তিক কারিকুলামের ফ্লু-চার্ট



সহায়ক তথ্য-৪
প্রাথমিক শিক্ষার প্রান্তিক যোগ্যতাসমূহ:

১. সর্বশক্তিমান আল্লাহতা'য়াল্লা/সৃষ্টিকর্তার প্রতি আস্থা ও বিশ্বাস স্থাপন, সকল সৃষ্টির প্রতি ভালোবাসায় উদ্দীপ্ত হওয়া।
২. নিজ নিজ ধর্ম প্রবর্তকের আদর্শ এবং ধর্মীয় অনুশাসন অনুশীলনের মাধ্যমে নৈতিক ও চারিত্রিক গুণাবলি অর্জন করা।
৩. সকল ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধাশীল হওয়া।
৪. কল্পনা, কৌতুহল, সৃজনশীলতা ও বুদ্ধির বিকাশে আগ্রহী হওয়া।
৫. সংগীত, চারণ ও কারুকলা ইত্যাদির মাধ্যমে সৃজনশীলতা, সৌন্দর্যচেতনা, সুকুমারবৃত্তি ও নান্দনিকবোধের প্রকাশ এবং সৃজনশীলতার আনন্দ ও সৌন্দর্য উপভোগে সামর্থ্য অর্জন করা।
৬. প্রকৃতির নিয়মগুলো জানার মাধ্যমে বিজ্ঞানের জ্ঞান অর্জন করা।
৭. বিজ্ঞানের নীতি ও পদ্ধতি এবং যৌক্তিক চিন্তার মাধ্যমে সমস্যা সমাধানের অভ্যাস গঠন বিজ্ঞান মনস্কতা অর্জন করা।
৮. প্রযুক্তি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্পর্কে জানা ও প্রয়োগের মাধ্যমে জীবন যাত্রার মান উন্নয়ন করা।
৯. বাংলা ভাষার মৌলিক দক্ষতা এবং জীবনের সর্বক্ষেত্রে তা কার্যকরভাবে ব্যবহার করা।
১০. বিদেশি ভাষা হিসেবে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতা অর্জন ও ব্যবহার করা।
১১. গাণিতিক ধারণা ও দক্ষতা অর্জন করা।
১২. যৌক্তিক চিন্তার মাধ্যমে গাণিতিক সমস্যার সমাধান করতে পারা।
১৩. মানবাধিকার, আন্তর্জাতিকতাবোধ, বিশ্বভ্রাতৃত্ব ও বিশ্বসংস্কৃতির প্রতি আগ্রহী ও শ্রদ্ধাশীল হওয়া।
১৪. স্বাধীন ও মুক্ত চিন্তায় উৎসাহিত হওয়া এবং গণতান্ত্রিক রীতি-নীতি অনুশীলন করা।
১৫. নৈতিক ও সামাজিক গুণাবলি অর্জনের মাধ্যমে ভাল-মন্দের পার্থক্য নিরূপণ এবং তা বাস্তব জীবনে প্রয়োগ করা।
১৬. ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় সম্পদের সুষ্ঠু ব্যবহার ও সংরক্ষণে যত্নশীল হওয়া।
১৭. বিশেষ চাহিদা সম্পন্ন শিশুসহ নারী-পুরুষ, জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের সঙ্গে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহ-অবস্থানের মানসিকতা অর্জন করা।
১৮. অন্যকে অগ্রাধিকার দেয়ার মাধ্যমে ত্যাগের মনোভাব অর্জন এবং পরমতসহিষ্ণুতা প্রদর্শন করা।
১৯. সামাজিক কর্মকাণ্ডে সক্রিয় অংশগ্রহণ এবং নিজের দায়িত্ব ও অধিকার সম্পর্কে সচেতন হওয়া।
২০. প্রতিকূলতা ও দুর্ভোগ সম্পর্কে জানা এবং তা মোকাবেলায় দক্ষ ও আত্মপ্রত্যয়ী হওয়া।
২১. নিজের কাজ নিজে করা এবং শ্রমের মর্যাদা দেওয়া।
২২. প্রকৃতি, পরিবেশ ও বিশ্বজগৎ সম্পর্কে জানা ও ভালোবাসা এবং পরিবেশের উন্নয়ন ও সংরক্ষণে উদ্বুদ্ধ হওয়া।
২৩. আবহাওয়া ও জলবায়ুর পরিবর্তনের সমস্যা মোকাবেলায় ইতিবাচক ভূমিকা গ্রহণ।
২৪. মানুষের মৌলিক চাহিদা ও পরিবেশের ওপর জনসংখ্যার প্রভাব এবং জনসম্পদের গুরুত্ব সম্পর্কে জানা।
২৫. শরীরচর্চা ও খেলাধুলার মাধ্যমে শারীরিক ও মানসিক বিকাশ সাধন এবং নেতৃত্বের গুণাবলি অর্জন করা।
২৬. নিরাপদ ও স্বাস্থ্যকর জীবন যাপনের অভ্যাস গঠন করা।
২৭. মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেম ও জাতীয়তাবোধে উদ্দীপ্ত হওয়া এবং ত্যাগের মনোভাব গঠন ও দেশ গড়ার কাজে সক্রিয় অংশগ্রহণ করা।
২৮. জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে জানা এবং এগুলোর প্রতি শ্রদ্ধাশীল হওয়া।
২৯. বাংলাদেশকে জানা ও ভালোবাসা।

সহায়ক তথ্য-৫ বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা

ক্রমিক নং	বিষয়	যোগ্যতা
১.	বাংলা	শোণা-৩, বলা-৪, পড়া-৩ ও লেখা-৪ মোট-১৪
২.	ইংরেজী	Listening-4 Speaking-8 Reading-7 & Writing-12 total-31
৩.	গণিত	৩০
৪.	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	১৬
৫.	প্রাথমিক বিজ্ঞান	১৮
৬.	ইসলাম ও নৈতিক শিক্ষা	৫
৭.	শারীরিক শিক্ষা	১০
৮.	সংগীত	১০
৯.	চারু ও কারুকলা	১৩

শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা				
	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
৫. কোটি পর্যন্ত সংখ্যা পড়তে ও লিখতে পারা।	৫.১ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে।	৫.১ ৫১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে।	৫.১ ১০১ থেকে ১০,০০০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে।	৫.১ কোটি পর্যন্ত যেকোনো সংখ্যা পড়তে পারবে।	
	৫.২ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে।	৫.২ ৫১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে।	৫.২ ১০১ থেকে ১০,০০০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে।	৫.২ কোটি পর্যন্ত অঙ্কে লেখা যেকোনো সংখ্যা লিখতে পারবে।	
	৫.৩ ১ থেকে ২০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারবে।	৫.৩ ২১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারবে।	৫.৩ ১০১ থেকে ১০,০০০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারবে।		

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা, শিখনফল

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু
২৩। শতকরার ধারণা লাভ করা এবং সমস্যা সমাধানে ব্যবহার করতে পারা।	২৩.১ শতকরার ধারণা লাভ করবে এবং সাধারণ ভগ্নাংশকে শতকরায় এবং শতকরাকে সাধারণ ভগ্নাংশে রূপান্তর করতে পারবে। ২৩.২ জনসংখ্যা, লাভ-ক্ষতি, মুনাফা ইত্যাদি নির্ণয়ে শতকরার ব্যবহার করতে পারবে।	২৩.১.১ শতকরা কী তা বলতে পারবে ও প্রতীক লিখতে পারবে। ২৩.১.২ সাধারণ ভগ্নাংশকে শতকরায় রূপান্তর করতে পারবে। ২৩.১.৩ শতকরাকে সাধারণ ভগ্নাংশে রূপান্তর করতে পারবে। ২৩.১.৪ নন্দিন জীবনে জনসংখ্যা, লাভ-ক্ষতি, মুনাফা ইত্যাদি সংক্রান্ত বাস্তবভিত্তিক সমস্যার সমাধানে শতকরার ব্যবহার করতে পারবে।	শতকরা

কর্মপত্র-১:

নিচে প্রদত্ত বাংলা বিষয়ের শিখনফল ও যোগ্যতাগুলো পড়ুন এবং সেগুলো সনাক্ত করার জন্য প্রযোজ্য বক্সে টিক (✓) চিহ্ন দিন।

যোগ্যতা/শিখনফল (বাংলা)	বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল
ভাষার দক্ষতা: পড়া			
১. গল্প পড়ে মূলভাব বুঝতে পারবে।			
২. গল্প ও রূপকথার পড়ে মূল বিষয় ও ভাব বুঝতে পারবে।			
৩. ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি পড়ে মূলভাব বুঝতে পারা।			
১. পত্র-পত্রিকার শিঙদের পাতা পড়ে বুঝতে পারবে			
২. পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ বই এবং শিঙদের পাতা পত্রিকা পড়ে বুঝতে পারবে।			
৩. হাতের লেখা ও মুদ্রিত লেখা পড়তে পারা।			
ভাষার দক্ষতা: লেখা			
১. সমমানের নির্দিষ্ট বিষয়ে বর্ণনা পড়ে মূলভাব লিখতে পারবে।			
২. পাঠ্যবই ও সমমানের বইয়ের ছড়া, কবিতা, গল্প, রূপকথা, কথোপকথন, বর্ণনা ইত্যাদির বিষয়ে পড়ে মূলভাব লিখতে পারবে।			
৩. ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদির বিষয়বস্তু ও মূলভাব বুঝে লিখতে পারা।			
১. পাঠ্যবহির্ভূত কোন বিষয়ে নিজের মনোভাব লিখতে পারবে।			
২. অভিমত সহ পরিচিত পরিবেশ ও অভিজ্ঞতার বিবরণ লিখতে পারবে।			
৩. পর্যবেক্ষণ, অভিজ্ঞতা ও মনোভাব শুদ্ধ ও স্পষ্টভাবে নিজের ভাষায় লিখে প্রকাশ করতে পারা।			

দলে আলোচনা করে নিচের উক্তিগুলোর প্রতিটির জন্য সমন্বিত মতামত লিখুন।

- ১) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বইভিত্তিক হওয়া আবশ্যিক।
- ২) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বই বহির্ভূত হওয়া বাধ্যতামূলক।

নিচে প্রদত্ত গণিত বিষয়ের যোগ্যতা ও শিখনফলগুলো পড়ুন এবং সেগুলো সনাক্ত করার জন্য প্রযোজ্য বক্সে টিক (✓) চিহ্ন দিন।

যোগ্যতা/শিখনফল (গণিত)	বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল
১. যোগ ও বিয়োগ সংক্রান্ত অনূর্ধ্ব চার স্তরবিশিষ্ট সমস্যার সমাধান করতে			
২. যোগ-বিয়োগ সংক্রান্ত সমস্যার সমাধান করতে পারবে।			
৩. যোগ, বিয়োগ, গুণ ও ভাগ প্রক্রিয়া ব্যবহার করে সমস্যা সমাধান করতে পারা (কার্যবিধির যে-কোনো পর্যায়ে ৪ অঙ্কবিশিষ্ট সংখ্যার চেয়ে বড় সংখ্যা ব্যবহৃত হবে না)।			
১. সমলব বিশিষ্ট ভগ্নাংশের মানের তুলনা করতে পারবে।			
২. ভগ্নাংশের তুলনা করে ছোট-বড় নির্ণয় করতে পারবে এবং প্রতীক ব্যবহার করে ছোট থেকে বড় ও বড় থেকে ছোট ক্রমানুসারে সাজাতে পারবে।			
৩. সাধারণ ভগ্নাংশের ধারণা লাভ করা (হর অনূর্ধ্ব ২ অঙ্কের সংখ্যা) এবং বিভিন্ন প্রকারের ভগ্নাংশ চেনা ও ব্যবহার করতে পারা।			

দলে আলোচনা করে নিচের উক্তিগুলোর প্রতিটির জন্য সমন্বিত মতামত লিখুন।

- ১) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বইভিত্তিক হওয়া আবশ্যিক।
- ২) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বই বহির্ভূত হওয়া বাধ্যতামূলক।

নিচে প্রদত্ত প্রাথমিক বিজ্ঞান বিষয়ের শিখনফল ও যোগ্যতাগুলো পড়ুন এবং সেগুলো সনাক্ত করার জন্য প্রযোজ্য বক্সে টিক (✓) চিহ্ন দিন।

যোগ্যতা/শিখনফল (প্রাথমিক বিজ্ঞান)	বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল
১. আমাদের জীবনে প্রযুক্তির অপব্যবহার ও ঝুঁকি উদাহরণসহ বর্ণনা করতে পারবে।			
২. প্রযুক্তির উন্নয়নে বিজ্ঞানের ব্যবহার সম্পর্কে জানবে।			
৩. আমাদের জীবনে প্রযুক্তির ব্যবহার, বিকাশ ও প্রভাব জানা।			
১. মানুষ ও অন্যান্য জীবের বেঁচে থাকার জন্য পরিবেশ সংরক্ষণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে।			
২. পরিবেশ সংরক্ষণের গুরুত্ব অনুধাবন করে পরিবেশ সংরক্ষণে সচেতন হবে।			
৩. পরিবেশ, পরিবেশের উপাদান ও পরিবেশ দূষণ সম্পর্কে জেনে পরিবেশ সংরক্ষণে সচেতন হওয়া।			

দলে আলোচনা করে নিচের উক্তিগুলোর প্রতিটির জন্য সমন্বিত মতামত লিখুন।

- ১) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বইভিত্তিক হওয়া আবশ্যিক।
- ২) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বই বহির্ভূত হওয়া বাধ্যতামূলক।

নিচে প্রদত্ত বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিখনফল ও যোগ্যতাগুলো পড়ুন এবং সেগুলো সনাক্ত করার জন্য প্রযোজ্য বক্সে টিক (✓) চিহ্ন দিন।

যোগ্যতা/শিখনফল)	বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল
১. মৌলিক মানবাধিকার ক্ষুণ্ণ হয় এ ধরনের বিষয়গুলো সম্পর্কে সচেতন হবে।			
২. মানবাধিকার বাস্তবায়ন সম্পর্কে সচেতন হবে।			
৩. মৌলিক চাহিদা ও মানবাধিকার সম্পর্কে ধারণা অর্জন এবং বাস্তব জীবনে অনুশীলন করা।			
১. ব্যক্তি, পরিবার, সমাজ ও পরিবেশের ওপর আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের প্রভাব বর্ণনা করতে পারবে।			
২. বাংলাদেশে আবহাওয়া ও জলবায়ু পরিবর্তন ও সামাজিক কারণে সৃষ্ট দুর্যোগ সম্পর্কে জানবে এবং তা মোকাবেলার প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জন করবে।			
৩. দুর্যোগ সম্পর্কে জানা এবং দুর্যোগ মোকাবেলার দক্ষতা অর্জন করা।			

দলে আলোচনা করে নিচের উক্তিগুলোর প্রতিটির জন্য সমন্বিত মতামত লিখুন।

- ১) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বইভিত্তিক হওয়া আবশ্যিক।
- ২) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বই বহির্ভূত হওয়া বাধ্যতামূলক।

নিচে প্রদত্ত যোগ্যতা ও শিখনফলগুলো পড়ুন এবং সেগুলো সনাক্ত করার জন্য প্রযোজ্য বক্সে টিক চিহ্ন (✓) দিন।

যোগ্যতা/শিখনফল (ইংরেজি)	বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল
1. read silently with understanding personal letters and other texts materials.			
2. to read silently with understanding paragraphs, stories, dialogues, personal, letters and others texts materials.			
3. to read silently with understanding paragraphs, stories and other text materials.			
1. to write a short piece of composition by answering a set of questions.			
2. to write short compositions on familiar objects, people, places and events.			
3. to write short and simple compositions.			

দলে আলোচনা করে নিচের উক্তিগুলোর প্রতিটির জন্য সমন্বিত মতামত লিখুন।

- ১) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বইভিত্তিক হওয়া আবশ্যিক।
- ২) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বই বহির্ভূত হওয়া বাধ্যতামূলক।

নিচে প্রদত্ত ইসলাম ও নৈতিক শিক্ষা বিষয়ের শিখনফল ও যোগ্যতাগুলো পড়ুন এবং সেগুলো সনাক্ত করার জন্য প্রযোজ্য বক্সে টিক (✓) চিহ্ন দিন।

যোগ্যতা/শিখনফল (ইসলাম ও নৈতিক শিক্ষা)	বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল
১. আল্লাহ তা'আলার পরিচয় বলতে পারবে এবং আল্লাহ তা'আলাকে একমাত্র সৃষ্টা হিসেবে বিশ্বাস করে তার প্রতি আত্মসমর্পণ করবে ও তার আদেশমত চলবে।			
২. আল্লাহ তা'আলার পরিচয় জানা এবং আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করা।			
৩. ঈমান ও আকাঈদ: আল্লাহ, রাসুল (আ), কিতাব, ফেরেশতা ও আখিরাত সম্পর্কে জানা এবং ঈমান আনা।			
১. সালাতের অর্থ, গুরুত্ব, তাৎপর্য, শিক্ষা ও নিয়ম বর্ণনা করতে পারবে এবং নিয়মিত জামাআতে সালাত আদায় করবে।			
২. সালাতের তাৎপর্য বলতে পারা এবং সালাত কায়েম করা।			
৩. ইবাদাত: পাক-পবিত্রতা, সালাত, সাওম, হাজ্জ, যাকাত ও ব্যবহারিক দু'আ জানা এবং অনুশীলন করা।			

দলে আলোচনা করে নিচের উক্তিগুলোর প্রতিটির জন্য সমন্বিত মতামত লিখুন।

- ১) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বইভিত্তিক হওয়া আবশ্যিক।
- ২) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বই বহির্ভূত হওয়া বাধ্যতামূলক।

নিচে প্রদত্ত হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের যোগ্যতা ও শিখনফলগুলো পড়ুন এবং সেগুলো সনাক্ত করার জন্য প্রযোজ্য বক্সে টিক (✓) চিহ্ন দিন।

যোগ্যতা/শিখনফল (হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা)	বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল
১. উপাসনার পদ্ধতি বর্ণনা করতে পারবে।			
২. উপাসনা ও প্রার্থনার ধারণা ব্যাখ্যা করতে পারবে।			
৩. ঈশ্বরের স্বরূপ ও মাহাত্ম সম্পর্কে জানা এবং উপাসনা-পূজা-প্রার্থনার মাধ্যমে নিজের মানসিক উৎকর্ষ ও সমাজের মঙ্গল সাধনে আগ্রহী হওয়া।			
১. হিন্দুধর্ম ও সনাতন ধর্ম এ ধারণা দুটি ব্যাখ্যা করতে পারবে।			
২. হিন্দুধর্মের সাধারণ পরিচয় দিতে পারবে।			
৩. হিন্দুধর্মের সাধারণ বৈশিষ্ট্য ও হিন্দুধর্মগ্রন্থ সম্পর্কে জানা এবং হিন্দুধর্মের অনুশাসন, উপাখ্যান, মুনি-ঋষি ও মহাপুরুষদের জীবন-চরিত অনুসরণ ও অনুশীলনের মাধ্যমে নৈতিক ও চারিত্রিক গুণাবলি অর্জন করা।			

দলে আলোচনা করে নিচের উক্তিগুলোর প্রতিটির জন্য সমন্বিত মতামত লিখুন।

- ১) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বইভিত্তিক হওয়া আবশ্যিক।
- ২) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বই বহির্ভূত হওয়া বাধ্যতামূলক।

নিচে প্রদত্ত বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের শিখনফল ও যোগ্যতাগুলো পড়ুন এবং সেগুলো সনাক্ত করার জন্য প্রযোজ্য বক্সে টিক (✓) চিহ্ন দিন।

যোগ্যতা/শিখনফল (হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা)	বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল
১. রাজকুমার সিদ্ধার্থের কৈশোর জীবন সম্পর্কে বলতে পারবে			
২. রাজকুমার সিদ্ধার্থের জন্ম এবং জন্মের পরবর্তী দুয়েকটি ঘটনা বলতে পারবে।			
৩. গৌতম বুদ্ধের মহাজীবন সম্পর্কে জ্ঞান লাভ করা এবং গুণাবলি অর্জনে উদ্বুদ্ধ হওয়া।			
১. নিয়মিত শীল পালন করতে পারবে।			
২. পঞ্চশীল প্রার্থনা করতে পারবে।			
৩. শীল দ্বারা আত্মসংযম, সত্যবাদিতা, শিষ্টাচার, জীবে দয়া, মাদক দ্রব্য বর্জন ইত্যাদি নৈতিক গুণাবলি অর্জনের মাধ্যমে সুকুমার বৃত্তির বিকাশ ঘটানো।			

দলে আলোচনা করে নিচের উক্তিগুলোর প্রতিটির জন্য সমন্বিত মতামত লিখুন।

- ১) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বইভিত্তিক হওয়া আবশ্যিক।
- ২) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বই বহির্ভূত হওয়া বাধ্যতামূলক।

নিচে প্রদত্ত যোগ্যতা ও শিখনফলগুলো পড়ুন এবং সেগুলো সনাক্ত করার জন্য প্রযোজ্য বক্সে টিক (✓) চিহ্ন দিন।

যোগ্যতা/শিখনফল (খ্রিষ্টান ধর্ম ও নৈতিক শিক্ষা)	বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল
১. তিন ব্যক্তির মধ্যে একতার কথা ব্যাখ্যা করতে পারবে।			
২. ত্রিব্যক্তির মতো পরস্পরের মধ্যে ঐক্য বজায় রাখতে পারবে।			
৩. ত্রিব্যক্তি পরমেশ্বর সম্পর্কে জানা ও পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল হওয়া।			
১. কায়িনের অপরাধের ফল ব্যাখ্যা করতে পারবে।			
২. কায়িন (কয়িন) কর্তৃক আবেল (হেবল) হত্যার কারণ ও ফল বর্ণনা করতে পারবে।			
৩. স্বর্গীয় দূত ও আদি পিতামামাতার বিষয়ে অবগত হওয়া।			

দলে আলোচনা করে নিচের উক্তিগুলোর প্রতিটির জন্য সমন্বিত মতামত লিখুন।

- ৩) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বইভিত্তিক হওয়া আবশ্যিক।
- ৪) পঞ্চম শ্রেণিতে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা বিষয়ভিত্তিক যোগ্যতা অর্জন করলো কি না তা যাচাই করার জন্য সকল প্রশ্ন বই বহির্ভূত হওয়া বাধ্যতামূলক।

দিন-১
অধিবেশন-৩

১। শিরোনাম: বেঞ্জামিন ব্রুমের শিখনক্ষেত্র

২। মূলভাব: বাংলাদেশে প্রাক-প্রাথমিক এবং প্রাথমিক স্তরে যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম চালু আছে কিন্তু মূল্যায়ন পদ্ধতি পুরোপুরি যোগ্যতাভিত্তিক নয়। যোগ্যতা ভিত্তিক শিক্ষাক্রমের বাস্তবায়ন নিশ্চিত করতে হলে মূল্যায়ন ব্যবস্থাও পুরোপুরি যোগ্যতা ভিত্তিক হওয়া প্রয়োজন। এ প্রয়োজনীয়তাকে বিবেচনায় রেখে মূল্যায়ন ব্যবস্থা কেমন হওয়া উচিত এবং বর্তমান মূল্যায়ন ব্যবস্থা দ্বারা কতটুকু যোগ্যতা অর্জিত হচ্ছে তা জানার চেষ্টা করা প্রয়োজন। বেঞ্জামিন ব্রুমের তথ্য বিশ্লেষণ করলে দেখা যায় শিক্ষার্থীর জ্ঞান অর্জনের স্তর সহজ থেকে কঠিন ক্রমানুসারে সাজানো। সুতরাং শিক্ষার্থী অর্জিত যোগ্যতা পরিমাপের জন্য ব্যবহৃত প্রশ্নপত্র সহজ থেকে কঠিন ক্রমানুসারে সাজানো উচিত। এ অধিবেশনের মাধ্যমে অংশগ্রহণকারীগণ বেঞ্জামিন ব্রুমের তত্ত্ব সম্পর্কে সম্যক ধারণা লাভ করে যোগ্যতাভিত্তিক মূল্যায়ন কার্যক্রম দক্ষতার সাথে পরিচালনা করতে সক্ষম হবে।

৩। সময়: ১ ঘন্টা ১৫ মিনিট

৪। শিখনফল: এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

- বেঞ্জামিন ব্রুমের ট্যাক্সোনমি অনুসারে শিখনের উদ্দেশ্য/ক্ষেত্রসমূহ ব্যাখ্যা করতে পারবেন।
- শিখন শেখানো কার্যক্রম চলাকালীন শিখনের ক্ষেত্র অনুসারে শিখন সহায়ক বিভিন্ন কাজ সনাক্ত করতে পারবেন।

৫। প্রশিক্ষণ সহায়ক সামগ্রী: ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, পোস্টার পেপার, মার্কার, তথ্যপত্র ইত্যাদি।

৬। পদ্ধতি ও কৌশল: প্রশ্নোত্তর, আলোচনা, ব্রেইনস্টর্মিং, একক কাজ, জোড়ায় কাজ, দলীয় কাজ উপস্থাপন ইত্যাদি।

৭। কার্যাবলি

কাজ-১: বেঞ্জামিন ব্রুমের শিখন ক্ষেত্র অনুসারে শিখনের উদ্দেশ্য/ক্ষেত্রসমূহ ব্যাখ্যা করা

সময়: ২০ মিনিট

- বলুন, ‘আমেরিকার শিকাগো বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞানের অধ্যাপক বেঞ্জামিন ব্রুম জীববিজ্ঞানে ব্যবহৃত Taxonomy শিক্ষাক্ষেত্রে ব্যবহারের সুযোগ করে দিয়েছেন। ব্রুম তাঁর ট্যাক্সোনমিতে আচরণিক ভাষায় শিক্ষার উদ্দেশ্য প্রকাশ করেছেন। তিনি শিখনের উদ্দেশ্যসমূহকে প্রথমতঃ ৩ ক্ষেত্রে ভাগ করেছেন-ক) জ্ঞানমূলক/ মননশীলতার ক্ষেত্র (Cognitive Domain) খ) অনুভূতিমূলক/আবেগিক ক্ষেত্র (Affective Domain) ও গ) মনোপেশীজ ক্ষেত্র (Psychomotor Domain)।
- এরপর নিম্নের ৩টি বিবৃতি মাল্টিমিডিয়ার সাহায্যে দেখান এবং প্রশ্ন করুন, ‘কোন বিবৃতিটি কোন ক্ষেত্রের অন্তর্ভুক্ত হবে? কেন?’- সকলের মতামত শুনুন। উত্তর: ক) মনোপেশীজ ক্ষেত্র খ) জ্ঞানমূলক গ) অনুভূতিমূলক

বিবৃতি	শিখন ক্ষেত্র
ক) শিক্ষার্থীরা বাংলাদেশের মানচিত্র অঙ্কন করে ইতিহাস প্রসিদ্ধ স্থানগুলো চিহ্নিত করেছে।	জ্ঞানমূলক/ অনুভূতিমূলক/ মনোপেশীজ ক্ষেত্র
খ) শিক্ষার্থীরা অনেক ছবির মধ্য থেকে রবীন্দ্রনাথ ঠাকুরের ছবি সনাক্ত করতে পেরেছে।	জ্ঞানমূলক/ অনুভূতিমূলক/ মনোপেশীজ ক্ষেত্র
গ) শিক্ষকের কথা শুনে শিক্ষার্থী হাসছে এবং প্রাসঙ্গিক প্রশ্নের জবাব দিচ্ছে।	জ্ঞানমূলক/ অনুভূতিমূলক/ মনোপেশীজ ক্ষেত্র

- এবার ‘জ্ঞানমূলক/মননশীলতার ক্ষেত্র (Cognitive Domain), অনুভূতিমূলক/আবেগিক ক্ষেত্র (Affective Domain) ও মনোপেশীজ ক্ষেত্র (Psychomotor Domain)- এর সংজ্ঞা এবং উল্লেখিত উদাহরণ ৩টি স্ব স্ব ক্ষেত্রে মিলকরণ করে মাল্টিমিডিয়ায় প্রদর্শন করুন। প্রয়োজনীয় আলোচনা করে শিখন উদ্দেশ্যের ৩টি ক্ষেত্র অংশগ্রহণকারীগণের নিকট সুস্পষ্ট করুন।
- এবার বলুন, ‘প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষাসহ আমাদের দেশে প্রচলিত মূল্যায়ন পদ্ধতি তথা সামষ্টিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থী কর্তৃক অর্জিত উচ্চ ও ধরনের যোগ্যতা পরিমাপ সম্ভব কিনা? সকলের মতামত শেষে এ সিদ্ধান্তে আসুন যে, আমাদের দেশে প্রচলিত পেপার-পেন্সিল টেস্টের মাধ্যমে কেবল শিক্ষার্থী কর্তৃক অর্জিত জ্ঞানমূলক ক্ষেত্রের যোগ্যতা পরিমাপ করা যায়। বাকি ২টি ক্ষেত্রে শিক্ষার্থীদের অর্জিত যোগ্যতা পরিমাপের উপায় হলো গাঠনিক মূল্যায়ন অর্থাৎ শ্রেণিতে শিখন শেখানো কাজ চলাকালীন বিভিন্ন কৌশলের মাধ্যমে যেমন: পর্যবেক্ষণ, পোর্টফোলিও, এসাইনমেন্ট, কারু কাজ করতে দিয়ে, এক্সপেরিমেন্ট করতে দিয়ে, হাতে কলমে কাজ করতে দিয়ে ইত্যাদির মাধ্যমে অনুভূতিমূলক ও মনোপেশীজ ক্ষেত্রের যোগ্যতাসমূহ পরিমাপ করা যায়।

কাজ-২: শিখনের ক্ষেত্র অনুসারে শিখন সহায়ক বিভিন্ন একটিভিটি সনাক্ত ও ব্যবহার করা

সময়: ৫০ মিনিট

- বলুন, জ্ঞানমূলক ক্ষেত্রকে মোট ৬টি উপক্ষেত্রে ভাগ করা হয়েছে। যথা-
 - জ্ঞান (Knowledge)
 - অনুধাবন (Understanding)
 - প্রয়োগ (Application)
 - বিশ্লেষণ (Analysis)
 - সংশ্লেষণ (Synthesis)
 - মূল্যায়ন (Evaluation)
- অংশগ্রহণকারীদের ৬টি দলে ভাগ করুন। দলে সহায়ক তথ্য-৬ ফটোকপি করে সরবরাহ করুন। তথ্যপত্র পড়ে দলে আলোচনা করতে সহায়তা করুন। তথ্যপত্রের ধারণা সুস্পষ্ট করার জন্য এ ব্যাপারে প্রশ্ন আহ্বান করুন এবং আলোচনার মাধ্যমে সকলকে একমত হতে সহায়তা করুন।
- দলে প্রত্যেকটি উপক্ষেত্রের অভীক্ষাপদ সনাক্তকরণ বিষয়ক একটি কর্মপত্র-২ দিন। দলে উপক্ষেত্রভিত্তিক অভীক্ষাপদ সনাক্ত করার জন্য ১০ মিনিট সময় দিন। ১০ মিনিট পর যে কোন একদলকে উপস্থাপন করতে এবং অন্যান্য দলকে মেলাতে বলুন। সহায়ক উত্তরপত্রের আলোকে প্রয়োজনীয় ফলাবর্তন দিন।
- বলুন, আমরা কেবল ৩টি উপক্ষেত্র যেমন-জ্ঞান, অনুধাবন এবং প্রয়োগমূলকের উপর যোগ্যতাভিত্তিক অভীক্ষাপদ প্রণয়ন করে শিশুদের শিখন যাচাই করবো।

বার্তা: শিক্ষার্থীর শিখন যাচাই করার জন্য যোগ্যতা অনুসারে এবং শিখন ক্ষেত্রভিত্তিক অভীক্ষাপদ ব্যবহার করতে হবে। শতকরা ৪০ ভাগ অভীক্ষাপদ হবে জ্ঞান উপস্তরভিত্তিক, ৪০ ভাগ অভীক্ষাপদ অনুধাবনমূলক এবং ২০ভাগ হবে প্রয়োগ/অন্তর্নিহিত ভাব প্রকাশমূলক।

৭। মূল্যায়ন:

সময়: ৫ মিনিট

- (ক) বেঞ্জামিন ব্রুম শিখনের ক্ষেত্রকে কয়টি ভাগে বিভক্ত করেছেন? ক্ষেত্রগুলো কী কী?
- (খ) জ্ঞানমূলক ক্ষেত্রের কয়টি উপক্ষেত্র রয়েছে? কী কী? প্রত্যেকটি ক্ষেত্রের ১টি করে উদাহরণ দিন।
- (গ) অংশগ্রহণকারীদের দলীয় কাজে অংশগ্রহণে সক্রিয়তা, দলীয় কাজ উপস্থাপন পর্যবেক্ষণ করুন এবং সংশ্লিষ্ট বিষয়ে সম্যক ধারণা লাভ করেছে কিনা তা যাচাই করুন।

৮। স্ব-অনুচিন্তণ:

- অধিবেশনটি কতটা দক্ষতার সাথে পরিচালনা করতে সক্ষম হয়েছেন, চিন্তা করুন।
- দলীয় কাজে সবার অংশগ্রহণ ছিল কি? কেউ নিষ্ক্রিয় থাকলে তার কারণ ভাবুন।
- সকলে শিখনফল অর্জন করতে পেরেছেন কি? না পারলে তার জন্য কী পদক্ষেপ নেয়া প্রয়োজন ছিল তা লিখুন।

সহায়ক তথ্য-৬

বেঞ্জামিন ব্লুম: শিখন তত্ত্ব

আমেরিকার শিকাগো বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞানের অধ্যাপক বেঞ্জামিন ব্লুম জীববিজ্ঞানে ব্যবহৃত Taxonomy শিক্ষাক্ষেত্রে ব্যবহারের সুযোগ করে দিয়েছেন। ব্লুম তাঁর ট্যাক্সোনমিতে আচরণিক ভাষায় শিক্ষার উদ্দেশ্য প্রকাশ করেছেন। তিনি শিখনের উদ্দেশ্যসমূহকে প্রথমতঃ ৩ ক্ষেত্রে (Domain) ভাগ করেছেন-

১. **জ্ঞানমূলক/মননশীলতার ক্ষেত্র (Cognitive Domain):** এক্ষেত্রে শিক্ষার্থীর জ্ঞান ও সামর্থ্য অর্জনের ওপর জোর দেয়া হয় যাতে স্মরণ, চিন্তন এবং যুক্তি প্রক্রিয়ার প্রয়োজন হয়।
২. **অনুভূতিমূলক/আবেগিক ক্ষেত্র (Affective Domain):** এক্ষেত্রে উপলব্ধি, আবেগ, আত্মহ, দৃষ্টিভঙ্গি, মনোভাব ও অনুধাবন পরিস্থিতির ওপর গুরুত্ব দেয়া হয়।
৩. **মনোপেশীজ ক্ষেত্র (Psychomotor Domain) :** এক্ষেত্রে মন, পেশী সঞ্চালনী শৈলী ও অনুধাবন প্রক্রিয়ার ওপর জোর দেয়া হয়।

জ্ঞানমূলক ক্ষেত্রের শ্রেণীবিভাগ:

১. **জ্ঞান (Knowledge):** এটি জ্ঞানমূলক ক্ষেত্রের সবচেয়ে নিচু স্তরের উদ্দেশ্য। জ্ঞান বলতে পূর্বে শেখা কোন সুনির্দিষ্ট/সর্বজনীন কোন কিছু (সংজ্ঞা, ঘটনা, প্রক্রিয়া, তত্ত্ব ইত্যাদি) স্মরণ করার মানসিক প্রক্রিয়াকে বুঝায়।

জ্ঞানমূলক ক্ষেত্রের শিখনফলকে নিম্নোক্তভাবে লেখা যায়:

- শিশু পরিচিত ফুল, ফল ও জীবজন্তুর নাম বলতে পারবে।
- ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে।
- রবীন্দ্রনাথ ঠাকুরের ছবি সনাক্ত করতে পারবে, ইত্যাদি।

উদাহরণ হিসেবে বলা যায়, ৫ম শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয় পাঠ্য বইয়ের ৮৮-৮৯ পৃষ্ঠায় বেগম রোকেয়া সম্পর্কে কিছু তথ্য বর্ণিত আছে। প্রথম বাক্যটি শুরু করা হয়েছে এভাবে, 'বেগম রোকেয়া ১৮৮০ সালে রংপুর জেলার পায়রাবন্দ গ্রামে জন্মগ্রহণ করেন।' এ বিবৃতির আলোকে জ্ঞান বা স্মরণ করা বিষয়ক প্রশ্ন হলো 'বেগম রোকেয়া কত সালে জন্মগ্রহণ করেন?'। কারণ শিক্ষার্থীরা পাঠ্য বই পড়ে '১৮৮০ সালে' বেগম রোকেয়া জন্মগ্রহণ করেন এ তথ্যটি মনে রাখবে। তথ্যটি সরাসরি টেক্সট বইয়ে আছে।

জ্ঞানমূলক ক্ষেত্রের শিখনফলকে নিম্নোক্ত ক্রিয়াপদ ব্যবহার করে লেখা যায়। যথাঃ বর্ণনা করা, সংজ্ঞায়িত করা, প্রতিলিপি করা, সনাক্ত করা, বিবরণ দেয়া, তালিকাভুক্ত করা, মিল করা, মুখস্থ করা, নামকরণ করা, বিন্যস্ত করা, খসড়া তৈরি করা, চিনতে পারা, সম্পর্ক দেখানো, স্মরণ করা, পুনরায় করা, পুনঃউপস্থাপন করা, উপযুক্তটি বেছে নেয়া, সাজানো ইত্যাদি।

২. **অনুধাবন (Understanding):** বিষয়বস্তু/তথ্যসমূহ কতখানি উপলব্ধি করতে পেরেছে শিশুর সে ক্ষমতাকে বুঝায়। অর্থাৎ কোন ধারণা/তথ্যকে বুঝে সহজভাবে উহা বর্ণনা করার ক্ষমতাকে অনুধাবন/বোধগম্যতা বলা হয়। এ শ্রেণির উদ্দেশ্যকে আবার তিনভাবে ভাগ করা যায়। যথা:

ক) অনুবাদ (Translation): কোন কিছু নিজের ভাষায় বলা।

খ) সংব্যাখ্যান (Interpretation): কোন কিছুর বিস্তারিত ব্যাখ্যা দিতে পারা।

গ) অনুবিদিতকরণ (Extrapolation): জানা তথ্য থেকে অজানা তথ্য বের করতে পারা।

শিখনফলকে নিম্নোক্তভাবে লেখা যায়:

- গল্প, কবিতা, কথোপকথনের মূল বিষয়বস্তু বুঝে বলতে পারবে।
- মুদ্রিত বই, পুস্তক, পত্র-পত্রিকা, সংকেত নির্দেশ পড়ে বুঝে বলতে পারবে।
- বেগম রোকেয়া বিখ্যাত হওয়ার কারণ বলতে পারবে।
- সামাজিকীকরণকে সমাজবিজ্ঞানের অন্তর্ভুক্ত করার কারণ ব্যাখ্যা করতে পারবে।

এখানে উল্লেখ করা যায় যে, ৫ম শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয় পাঠ্য বইয়ের ১৯ পৃষ্ঠায় বর্ণিত আছে, 'নারী আন্দোলনের অগ্রদূত বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন এ সময় নারী শিক্ষা বিস্তারে নিরলস পরিশ্রম করেন।' এখন যদি প্রশ্ন করা হয় 'বেগম রোকেয়াকে আমরা শ্রদ্ধার সাথে স্মরণ করি কেন? প্রশ্নটির উত্তর উক্ত বাক্যটির মধ্যে লুকায়িত আছে। শিক্ষার্থীরা বর্ণিত বাক্যটি যথাযথভাবে অনুধাবন করতে পারলে প্রশ্নটির উত্তর দিতে পারবে। এটিই হলো অনুধাবন।

অনুধাবনমূলক ক্ষেত্রের শিখনফলকে নিম্নোক্ত ক্রিয়াপদ ব্যবহার করে লেখা যায়। যথাঃ অনুবাদ করা, পরিবর্তন করা, নির্ভরযোগ্য করা, বর্ণনা করা, আলোচনা করা, পার্থক্য নির্ণয় করা, প্রাক্কলন/মূল্য নিরূপণ করা, ব্যাখ্যা করা, ভাষায় ব্যক্ত করা, বিস্তৃত করা, সাধারণীকরণ করা, উদাহরণ দেয়া, সনাক্ত করা, নির্দেশ করা, অনুমান/সিদ্ধান্ত করা, অবস্থান নির্দেশ করা, মূলভাব ঠিক রেখে শব্দান্তরে অর্থ প্রকাশ করা, পূর্বসংকেত/ভবিষ্যত বলা, চিনতে পারা, পুনর্বীর লেখা, পুনর্বিচার করা, উপযুক্তটি বেছে নেয়া, সংক্ষেপ করা, শ্রেণিকরণ করা ইত্যাদি।

৩. **প্রয়োগ (Application):** জ্ঞানমূলক ক্ষেত্রের তৃতীয় ধাপ হলো প্রয়োগ। কোন ধারণা, পদ্ধতি, সূত্র বা কোন অর্জিত জ্ঞানকে বাস্তবক্ষেত্রে/নতুন পরিস্থিতিতে/ সমস্যা সমাধানে কাজে লাগানোর ক্ষমতা।

শিখনফলকে নিম্নোক্তভাবে লেখা যায়:

- শিক্ষার্থী যথাযথ বিরামচিহ্ন ব্যবহার করে কোন কিছু লিখতে পারবে।
- শিক্ষার্থী বিরামচিহ্নের সঠিক ব্যবহার করে পড়তে পারবে।
- শিক্ষার্থী বিভিন্ন আনুষ্ঠানিক পরিবেশে প্রয়োজনীয় আদব কায়দা প্রকাশ করতে পারবে।
- শিক্ষার্থী যোগ-বিয়োগ সংক্রান্ত সমস্যার সমাধান করতে পারবে।

উদাহরণ হিসেবে উল্লেখ করা যায় যে, 'বেগম রোকেয়ার মত সমাজের মানুষের কল্যাণের জন্য তুমি করতে পার এমন ৫টি কাজের নাম লিখ।' এ প্রশ্নটি হলো প্রয়োগমূলক। কারণ এ সকল তথ্য পাঠ্য পুস্তকে নেই। শিক্ষার্থীরা তাদের পাঠ্যাংশ থেকে বেগম রোকেয়ার জীবনী পড়ে পাঠের মর্ম অনুধাবনের পর আরও গভীর চিন্তা করে নিজ জীবনে তা প্রয়োগের চিন্তা থেকে এ প্রশ্নের উত্তর দিতে পারলে সেটিই হবে 'প্রয়োগশীলতা'।

প্রয়োগশীলতা উপক্ষেত্রের শিখনফলকে নিম্নোক্ত ক্রিয়াপদ ব্যবহার করে লেখা যায়। যথাঃ লেখা, পরিবর্তন করা, পছন্দ করা, গণনা করা, প্রদর্শন করা, আবিষ্কার করা, নাটকে রূপান্তরিত করা, নিয়োগ করা, উদাহরণসহ ব্যাখ্যা করা, নিপুনতার সাথে নাড়াচাড়া করা, পরিবর্তন করা, কার্য সংঘটন করা, অনুশীলন করা, পূর্বসংকেত/ভবিষ্যৎ বলা, প্রস্তুত করা, উপস্থাপন/ উৎপাদন করা, সম্পর্ক দেখানো, তালিকাভুক্ত করা, নকশা/ খসড়া প্রস্তুত করা, সমস্যা সমাধান করা, কাজে লাগানো, প্রয়োগ করা ইত্যাদি।

৪. **বিশ্লেষণ (Analysis):** কোন সমগ্রকের ক্ষুদ্র অংশসমূহ পুঞ্জানুরূপে চিনতে পারা। সমগ্রকের সংগে ক্ষুদ্র অংশসমূহের সম্পর্ক স্থাপন করতে জানা। বিভিন্ন বৈশিষ্ট্যের আলোকে সমগ্রকের অংশসমূহ আলাদা করতে পারা।

শিখনফলকে নিম্নোক্তভাবে লেখা যায়:

- শিক্ষার্থী ১০০ পর্যন্ত প্রতিটি সংখ্যা চিনতে এবং ছোট-বড়/বড়-ছোট ক্রমানুসারে সাজাতে পারবে।
- শিক্ষার্থী জীব ও জড় সম্পর্কে তথ্য সংগ্রহ করে তাদের তুলনা ও শ্রেণিকরণ করতে পারবে।
- শিক্ষার্থী সমাজের সদস্য হিসেবে নিজের অধিকার ও কর্তব্যসমূহ ব্যাখ্যা করতে পারবে।

উদাহরণ হিসেবে উল্লেখ করা যায়, সমাজের মানুষ হিসেবে আমাদের অনেক অধিকার ও কর্তব্য রয়েছে। পঞ্চম শ্রেণির একজন শিক্ষার্থীকে আমাদের অধিকার ও কর্তব্য সম্বলিত একটি সমন্বিত চার্ট দিয়ে উক্ত চার্ট থেকে যদি আমাদের দায়িত্ব ও কর্তব্য আলাদা করতে দেয়া হয় তাহলে কাজটি করতে গিয়ে শিক্ষার্থীরা নিশ্চয়ই অধিকার ও কর্তব্যের বৈশিষ্ট্যগুলো ভালভাবে জেনে নিয়ে উক্ত বৈশিষ্ট্যের ভিত্তিতে অধিকার ও কর্তব্যসমূহ আলাদা করবে।

বিশ্লেষণ উপক্ষেত্রের শিখনফলকে নিম্নোক্ত ক্রিয়াপদ ব্যবহার করে লেখা যায়। যথাঃ পরখ করে দেখা, মূল্য নিরূপণ করা, ভেঙ্গে দেখানো, হিসেব করা, শ্রেণিকরণ করা, তুলনা করা, তুলনা করে পার্থক্য দেখানো, সমালোচনা করা, চিত্র অঙ্কন করা, প্রভেদ/ পার্থক্য করা, পৃথক করা, পার্থক্য করা, পরীক্ষা করা, সনাক্ত করা, উদাহরণসহ ব্যাখ্যা করা, অনুমান/সিদ্ধান্ত করা, মডেল/আদর্শ তৈরি করা, খসড়া তৈরি করা, নির্দিষ্ট বিষয় বের করা, প্রশ্ন করা, সম্পর্ক দেখানো, উপযুক্তটি বেছে নেয়া, ক্ষুদ্রতর অংশে বিভক্ত করা, বিশ্লেষণ করা ইত্যাদি।

৫. **সংশ্লেষণ (Synthesis):** জ্ঞানমূলক ক্ষেত্রের পঞ্চম ধাপ হলো সংশ্লেষণ। জ্ঞানমূলক ক্ষেত্রের চতুর্থ ধাপ হলো বিশ্লেষণ। কোন বস্তু/উপাদানের ক্ষুদ্র উপাদানসমূহকে একত্রিকরণের মাধ্যমে পূর্ণাঙ্গ রূপ দেয়ার নাম হলো সংশ্লেষণ। এ স্তরের আচরণিক পরিবর্তন হবে সৃষ্টিধর্মী কাজ বা পরিকল্পনা করার ক্ষমতা।

শিখনফলকে নিম্নোক্তভাবে লেখা যায়:

- শিক্ষার্থী গল্প, বর্ণনা, বক্তৃতা, আলোচনা শোনার পর তা নিজের ভাষায় লিখতে পারবে।
- শিক্ষার্থী সুনির্দিষ্ট পদ্ধতিতে অনুসন্ধানের পর ফলাফলসমূহ নিজের ভাষায় ব্যাখ্যা/বর্ণনা/লিখতে পারবে।
- মানচিত্রের বিভিন্ন অংশ জোড়া লাগিয়ে পূর্ণাঙ্গ মানচিত্র তৈরি করতে পারবে।

একটি মানচিত্রের বিভিন্ন অংশে খণ্ডিত করে পঞ্চম শ্রেণির কোন শিক্ষার্থীকে উক্ত খণ্ডিত অংশসমূহ জোড়া লাগিয়ে পূর্ণাঙ্গ মানচিত্র তৈরি করতে দিলে উক্ত শিক্ষার্থী সমগ্রকের (পূর্ণাঙ্গ মানচিত্র) সাথে খণ্ডিত অংশসমূহের সম্পর্ক চিন্তা করে যদি কাজটি সফলভাবে সমাপ্ত করতে পারে তবে সেটি হবে সংশ্লেষণ।

সংশ্লেষণ উপক্ষেত্রের শিখনফলকে নিম্নোক্ত ক্রিয়াপদ ব্যবহার করে লেখা যায়। যথাঃ লেখা, সম্মিলিত হওয়া, শ্রেণিকরণ করা, সংগ্রহ করা, সংযুক্ত করা, সম্মত হওয়া, লেখা সুবিন্যস্ত করা, নির্মাণ/ রচনা করা, সৃষ্টি করা, অঙ্কিত করা, বিকশিত/ উন্নয়ন করা, কৌশল করা, ব্যাখ্যা করা, সূত্রাকারে প্রকাশ করা, উৎপাদন করা, পরিকল্পনা করা, প্রস্তুত করা, পুনরায় সজ্জিত করা, পুনর্গঠন করা, সম্পর্ক দেখানো, চিনতে পারা, পুনঃপরীক্ষা করা, পুনর্বীর লেখা, প্রতিষ্ঠা/ খাড়া করা, সংক্ষেপ করা, সমন্বিত করা, বলা, সাজানো ইত্যাদি।

৬. **মূল্যায়ন (Evaluation):** মূল্যায়ন হলো বিশেষ উদ্দেশ্যের প্রেক্ষিতে নির্দিষ্ট মানদণ্ডের আলোকে কোন কিছু মূল্যমান বিচার করার প্রক্রিয়া।

শিখনফলকে নিম্নোক্তভাবে লেখা যায়:


- শিক্ষার্থী কোটি পর্যন্ত সংখ্যার স্থানীয় মান নির্ণয় করতে পারবে।
- শিক্ষার্থী পর্যবেক্ষণ ও শ্রেণিকরণের ভিত্তিতে সহজ সিদ্ধান্তে উপনীত হতে পারবে।
- বেগম রোকেয়া ও বেগম সুফিয়া কামালের মধ্যে কার সাহিত্য নারী জাগরণে বেশী ভূমিকা পালন করেছে সেটি বিচার করতে পারবে।

জ্ঞানমূলক ক্ষেত্রের ষষ্ঠ এবং সর্বশেষ ধাপ হলো মূল্যায়ন। প্রশ্ন, ‘সতীদাহ প্রথা উচ্ছেদ সংক্রান্ত আইন প্রণয়নে রাজা রামমোহন রায় ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এর মধ্যে কে বেশী ভূমিকা পালন করেছেন?’ শিক্ষার্থীদের এটা বিচার করতে দিলে সেটি কীভাবে করবে? অবশ্যই পাঠ্য পুস্তক থেকে প্রাপ্ত এ সংক্রান্ত তথ্য উপাত্তের ভিত্তিতে তারা সিদ্ধান্তে উপনীত হবে।

বিশ্লেষণ উপক্ষেত্রের শিখনফলকে নিম্নোক্ত ক্রিয়াপদ ব্যবহার করে লেখা যায়। যথাঃ মূল্য আরোপ/ নির্ণয় করা, তর্ক/ বিতর্ক করা, নিরূপণ করা, সংযুক্ত করা, পছন্দ করা, তুলনা করা, উপসংহার করা, তুলনা করে পার্থক্য দেখানো, নির্ভরযোগ্য করা, বর্ণনা করা, পৃথক করা, প্রাক্কলন/ মূল্য নিরূপণ করা, মূল্যায়ন করা, ব্যাখ্যা করা, বিচার-বিশ্লেষণ করা, ন্যায়সঙ্গত প্রমাণ করা, ব্যাখ্যা করা, সম্পর্ক দেখানো, পূর্বসংকেত/ভবিষ্যত বলা, মূল্য নির্ধারণ করা, উপযুক্তি বেছে নেয়া, সংক্ষেপ করা, সহায়তা দেয়া, মূল্য নিরূপণ করা ইত্যাদি।

মননশীলতার উপরোক্ত ৬টি পর্যায় কাঠিন্যের মাত্রা অনুসারে বিন্যস্ত। জ্ঞান হল সহজতম এবং মূল্যায়ন হল জটিলতম পর্যায়। এক্ষেত্রে শিখন প্রক্রিয়ায় মননশীলতার প্রথম পর্যায়টি পুরোপুরি অর্জনের পরই পরবর্তী পর্যায়ে উত্তরণের প্রচেষ্টা নেয়া উচিত। অন্যথায় শিখন প্রচেষ্টা ব্যাহত হবে।

বুদ্ধিভিত্তিক ডোমেইনগুলো সিড়ির ধাপের সাথে তুলনা করা যায়:



শিখন প্রক্রিয়ার ন্যায় মূল্যায়নের ক্ষেত্রেও সহজ থেকে কঠিন নীতি অনুসরণ করা প্রয়োজন। প্রশ্নপত্রের শুরুতেই সহজ প্রশ্ন করলে শিক্ষার্থীর আত্মবিশ্বাস বৃদ্ধি পায় এবং মনোনিবেশ সহজ হয়। বিপরীতক্রমে প্রশ্নপত্রের শুরুতেই কঠিন প্রশ্ন করলে শিক্ষার্থীদের জন্য তা ক্ষতির কারণ হতে পারে। কেননা, প্রারম্ভিক প্রশ্নগুলোর উত্তর দিতে না পারলে শিক্ষার্থী আস্থা হারাতে এবং তার স্বাভাবিক Performance ব্যাহত হবার আশঙ্কা থাকবে।

অনুভূতিমূলক ক্ষেত্র:

অনুভূতিমূলক ক্ষেত্রের ৫টি উপক্ষেত্র আছে। যথা:

১. **গ্রহণ (Reception):** কোন উদ্দীপককে গ্রহণের আগ্রহ/গ্রহণে মনোযোগী হওয়া।

লক্ষণসমূহ:

- অন্যের কথা মনোযোগ সহকারে শোনা
- শ্রেণিতে শিক্ষকের কথা মনোযোগ দিয়ে শোনা।

২. **সাদা প্রদান (Response):** শিক্ষার্থী কর্তৃক উদ্দীপকের প্রতিক্রিয়া করা।

লক্ষণসমূহ:

- শিক্ষকের কথা শুনে শিক্ষার্থী হাসছে।

- শিক্ষকের কথার জবাব দিচ্ছে।
৩. **মূল্যবোধ নিরূপণ (Appreciation):** এ স্তরে শিক্ষার্থীর অন্তর্নিহিত স্বকীয় মূল্যবোধ, বিশ্বাস ও দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটবে। অর্থাৎ কোন মূল্যবোধকে গ্রহণ, কোন মূল্যবোধের প্রতি বিশেষ টান ইত্যাদি।
- লক্ষণসমূহ:**
- কারো ইচ্ছা পূরণে সম্মতির পরিবর্তে নিজের প্রবল আগ্রহ ও উদ্যম দ্বারা তাড়িত হয়ে মূল্যবোধ অর্জনে অঙ্গীকার করে।
 - অন্যের মতামতের প্রতি শ্রদ্ধা প্রদর্শনকে সমর্থন করা।
৪. **সংগঠিতকরণ (Organization):** সংগঠিতকরণ হলো একটি মূল্যবোধ গঠনের প্রক্রিয়া। যখন শিক্ষার্থীর মধ্যে একাধিক মূল্যবোধের বিকাশ ঘটে, তখন তা মোকাবেলা করার জন্য সে মূল্যবোধের মধ্যে আন্তঃসম্পর্ক স্থাপনের মাধ্যমে কোন সিদ্ধান্তে উপনীত হওয়া।
- লক্ষণসমূহ:**
- শিক্ষার্থীর নিজের আচরণকে বিদ্যালয়ের নিয়মাবলির সাথে খাপ খাইয়ে নেয়ার প্রবণতা।
৫. **মূল্যবোধের দ্বারা চারিত্রিক বৈশিষ্ট্য প্রদর্শন:** এ স্তরে ব্যক্তির চরিত্র বর্ণনা করা হয় কতকগুলো নিয়ন্ত্রিত মূল্যবোধ, আদর্শ এবং বিশ্বাসের ওপর ভিত্তি করে। বিশ্বাস, আদর্শ ও দৃষ্টিভঙ্গির সমন্বয় সাধনের মাধ্যমে ব্যক্তির সামগ্রিক জীবন-দর্শন গ্রহণ ও নিজেকে প্রকাশ করার কাজটি এক্ষেত্রে ঘটে থাকে।
- লক্ষণসমূহ:**
- জীবন-দর্শন পরিবর্তন করতে পারবে।
 - নতুন তথ্যের আলোকে মতামত পরিবর্তনের প্রয়োজনীয়তা সমর্থন করবে।
 - মানুষের মূল্য ও মর্যাদার প্রতি বিশ্বাসভাজন হবে।

মনোপেশীজ ক্ষেত্র

মনোপেশীজ ক্ষেত্রের উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য মন ও পেশী একসাথে কাজ করে। অর্থাৎ যে সব উদ্দেশ্যসমূহ দৈহিক ও মনের দক্ষতাকে তাদের বিষয়বস্তু হিসেবে অন্তর্ভুক্ত করে, সেগুলো মনোপেশীজ ক্ষেত্রের অন্তর্ভুক্ত।

তপন ও রশিদ (২০০৫) মনোপেশীজ ক্ষেত্রের উদ্দেশ্যের কয়েকটি উদাহরণ দিয়েছেন। যেমন:

- (ক) দুর্গ ও পিরামিডের মডেল তৈরি করতে পারা।
- (খ) নতুন প্রস্তর যুগ ও পুরাতন প্রস্তর যুগের যন্ত্রপাতির মডেল তৈরি করতে পারা।
- (গ) মোঘল সাম্রাজ্যের ব্যাপ্তি মানচিত্রে ঐকে দেখাতে পারা।
- (ঘ) মানচিত্রে ইতিহাস প্রসিদ্ধ স্থানগুলো চিহ্নিত করতে পারা।

মনোবিদ স্যানচেজ (১৯৯৬) মনোপেশীজ ক্ষেত্রসমূহকে ৫টি উপ শ্রেণিতে ভাগ করেছেন। যথা:

১. **অনুকরণ:** এ স্তরে শিক্ষার্থী প্রথমে ভালোভাবে পর্যবেক্ষণ করার পর কাজটি অনুকরণ করে।
২. **অনুশীলন:** এ স্তরে কাজটি অনুকরণ করার পর বার বার অনুশীলন করে।
৩. **পরিশীলন:** এ স্তরে কাজটি নিপুণতার সাথে নিখুঁতভাবে প্রদর্শন করার চেষ্টা করে।
৪. **সমন্বয় সাধন:** এ স্তরে শ্রেণি সঞ্চালন কাজকে আত্মবিশ্বাসের সাথে ধারাবাহিকভাবে সংযোজন করে।
৫. **আত্মীকরণ/স্বাভাবিকীকরণ:** এটি নিপুণতার সর্বোত্তম স্তর। কোন নির্দেশ ছাড়াই সঞ্চালন স্বয়ংক্রিয়ভাবে হয়ে থাকে। এটি এত স্বাভাবিকভাবে হয়ে যায় যে অবচেতনভাবে ব্যক্তি এটা সম্পন্ন করতে সক্ষম হয়। অর্থাৎ দক্ষতাটি শিক্ষার্থীর স্বভাবের অংশ হয়ে যায়।

উপরের আলোচনা থেকে দেখা যায় যে, যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রমের অনেক সুবিধা রয়েছে। বাংলাদেশে প্রাথমিক স্তরে বর্তমানে যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রচলিত আছে। কিন্তু মূল্যায়ন পদ্ধতি পুরোপুরি যোগ্যতাভিত্তিক নয়। যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রমের বাস্তবায়ন নিশ্চিত করতে হলে মূল্যায়ন ব্যবস্থাও পুরোপুরি যোগ্যতাভিত্তিক হওয়া প্রয়োজন। এ প্রয়োজনীয়তাকে বিবেচনায় রেখে মূল্যায়ন ব্যবস্থা কেমন হওয়া উচিত এবং বর্তমান প্রশ্নপত্র দ্বারা কতটুকু যোগ্যতা অর্জিত হচ্ছে তা জানার চেষ্টা করা হয়েছে।

বেঞ্জামিন ব্লুম এর তত্ত্ব বিশ্লেষণ করলে দেখা যায় শিক্ষার্থীর জ্ঞান অর্জনের স্তর সহজ থেকে কঠিন ক্রমানুসারে সাজানো। সুতরাং শিক্ষার্থীর অর্জিত যোগ্যতা পরিমাপের জন্য ব্যবহৃত প্রশ্নপত্র সহজ থেকে কঠিন ক্রমানুসারে সাজানো উচিত।

কর্মপত্র-২

নিচের তথ্য কলামের আলোকে শিখন ক্ষেত্রভিত্তিক অভীক্ষাপদ প্রণয়ন করা হয়েছে। কিন্তু অভীক্ষাপদগুলো তথ্য ও শিখনক্ষেত্র বরাবর সারিতে সাজানো নেই। কোন অভীক্ষাপদ কোন সারিতে যথার্থ তা দলে আলোচনা করে সনাক্ত করে লিখুন।

তথ্য	অভীক্ষাপদ	শিখন ক্ষেত্র
৫ম শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয় পাঠ্য বইয়ের ৮৮-৮৯ পৃষ্ঠায় বেগম রোকেয়া সম্পর্কে কিছু তথ্য বর্ণিত আছে। প্রথম বাক্যটি শুরু করা হয়েছে এভাবে, 'বেগম রোকেয়া ১৮৮০ সালে রংপুর জেলার পায়রাবন্দ গ্রামে জন্মগ্রহণ করেন।'	কাগজ উৎপাদন পদ্ধতি বর্ণনা কর।	জ্ঞান- জ্ঞান বলতে পূর্বে শেখা কোন সুনির্দিষ্ট/সর্বজনীন কোন কিছু (সংজ্ঞা, ঘটনা, প্রক্রিয়া, তত্ত্ব ইত্যাদি) স্মরণ করার মানসিক প্রক্রিয়া
৫ম শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয় পাঠ্য বইয়ের ১৯ পৃষ্ঠায় বর্ণিত আছে, 'নারী আন্দোলনের অগ্রদূত বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন এ সময় নারী শিক্ষা বিস্তারে নিরলস পরিশ্রম করেন।'	জবা ফুলের ৪টি অংশ পৃথক করে দেখাও।	অনুধাবন- পাঠ্যগংশ পড়ে বিষয়বস্তু কতকখানি উপলব্ধি করতে পেয়েছে শিশুর সে ক্ষমতাকে বুঝায়। অর্থাৎ কোন ধারণা/ তথ্যকে বুঝে সহজভাবে এটি বর্ণনা করার ক্ষমতাকে অনুধাবন/ বোধগম্যতা বলা হয়।'
বেগম রোকেয়া মেয়েদের জন্য বিদ্যালয় স্থাপন করেছেন। তিনি মহিলাদের সচেতন করার জন্য পাড়ায় পাড়ায় সমিতি করেছেন এবং সেখানে তিনি মহিলাদের কী করতে হবে তা বলে বুঝিয়ে দিতেন। ঘরের কাজ ছাড়াও তিনি মহিলাদের বিভিন্ন পেশার কাজে নিয়োজিত হওয়ার জন্য অনুপ্রাণিত করেছেন।	'সতীদাহ প্রথা উচ্ছেদ সংক্রান্ত আইন প্রণয়নে রাজা রামমোহন রায় ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এর মধ্যে কে বেশি ভূমিকা পালন করেছেন'	প্রয়োগ- পাঠের মর্ম অনুধাবনের পর আরও গভীরভাবে চিন্তা করে নিজ জীবনে তা প্রয়োগের ক্ষেত্র চিন্তা করে বের করার ক্ষমতা
একটি ফুলের ৪টি অংশ যেমন-বোঁটা, পাপড়ি, পুংকেশর এবং স্ত্রীকেশর আছে।	বেগম রোকেয়াকে আমরা শঙ্কর সাথে স্মরণ করি কেন?	বিশ্লেষণ: কোন সমগ্রকের ক্ষুদ্র অংশসমূহ পুঞ্জানুপুঞ্জরূপে চিনে সমগ্রকের সংগে ক্ষুদ্র অংশসমূহের সম্পর্ক স্থাপন করতে জানা এবং বিভিন্ন বৈশিষ্ট্যের আলোকে সমগ্রকের অংশসমূহ আলাদা করতে পারাকে বিশ্লেষণ বলা হয়।
শিক্ষার্থীদের নিয়ে কাগজ উৎপাদন কল পরিদর্শন করার জন্য একটি শিক্ষামূলক ভ্রমণের আয়োজন করা হলো।	বেগম রোকেয়া কত সালে জন্মগ্রহণ করেন?	সংশ্লেষণ: কোন বস্তু/উপাদানের ক্ষুদ্র উপাদানসমূহকে একত্রিকরণের মাধ্যমে পূর্ণাঙ্গ রূপ দেয়ার নাম হলো সংশ্লেষণ।
৫ম শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয় পাঠ্য পুস্তকের একটি অধ্যায় পড়ানো হলো।	বেগম রোকেয়ার মত সমাজের মানুষের কল্যাণের জন্য তুমি করতে পার এমন ৫টি কাজের নাম লেখ।	মূল্যায়ন হলো বিশেষ উদ্দেশ্যের প্রেক্ষিতে নির্দিষ্ট মানদণ্ডের আলোকে কোন কিছুর মূল্যমান বিচার করার প্রক্রিয়া।

নিচের প্রশ্নটির উপর দলীয় আলোচনা করে মতামত দিন।

প্রশ্ন: শিক্ষার্থীর যোগ্যতা অর্জন হলো কি না তা যাচাই করার জন্য শুধু জ্ঞানমূলক অভীক্ষাপদ প্রয়োগ করা উচিত? উত্তর না হলে, কোন শিখনক্ষেত্রের শতকরা কতভাগ অভীক্ষাপদ সমাপনী পরীক্ষায় অন্তর্ভুক্ত করা প্রয়োজন বলে মনে করেন।

জ্ঞান-

অনুধাবন-

প্রয়োগ-

বিশ্লেষণ-

সংশ্লেষণ-

মূল্যায়ন-

কর্মপত্র-২ এর উত্তরপত্র

নিচের তথ্য কলামের আলোকে শিখন ক্ষেত্রভিত্তিক অভীক্ষাপদ প্রণয়ন করা হয়েছে। কিন্তু অভীক্ষাপদগুলো তথ্য ও শিখনক্ষেত্র বরাবর সারিতে সাজানো নেই। কোন অভীক্ষাপদ কোন সারিতে যথার্থ ভা দলে আলোচনা করে সনাক্ত করে লিখুন।

তথ্য	অভীক্ষাপদ	শিখন ক্ষেত্র ও সংজ্ঞা
৫ম শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয় পাঠ্য বইয়ের ৮৮-৮৯ পৃষ্ঠায় বেগম রোকেয়া সম্পর্কে কিছু তথ্য বর্ণিত আছে। প্রথম বাক্যটি গুরু করা হয়েছে এভাবে, 'বেগম রোকেয়া ১৮৮০ সালে রংপুর জেলার পায়রাবন্দ গ্রামে জন্মগ্রহণ করেন।'	বেগম রোকেয়া কত সালে জন্মগ্রহণ করেন?	জ্ঞান- জ্ঞান বলতে পূর্বে শেখা কোন সুনির্দিষ্ট/সর্বজনীন কোন কিছু (সংজ্ঞা, ঘটনা, প্রক্রিয়া, তত্ত্ব ইত্যাদি) স্মরণ করার মানসিক প্রক্রিয়া
৫ম শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয় পাঠ্য বইয়ের ১৯ পৃষ্ঠায় বর্ণিত আছে, 'নারী আন্দোলনের অগ্রদূত বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন এ সময় নারী শিক্ষা বিস্তারে নিরলস পরিশ্রম করেন।'	বেগম রোকেয়াকে আমরা শ্রদ্ধার সাথে স্মরণ করি কেন?	অনুধাবন- শিক্ষার্থীরা পাঠ্যাংশ পড়ে বিষয়বস্তু কতকখানি উপলব্ধি করতে পেরেছে শিখন সে ক্ষমতাকে বুঝায়। অর্থাৎ কোন ধারণা/ তথ্যকে বুঝে সহজভাবে এটি বর্ণনা করার ক্ষমতাকে অনুধাবন/ বোধগম্যতা বলা হয়।'
বেগম রোকেয়া মেয়েদের জন্য বিদ্যালয় স্থাপন করেছেন। তিনি মহিলাদের সচেতন করার জন্য পাড়ায় পাড়ায় সমিতি করেছেন এবং সেখানে তিনি মহিলাদের কী করতে হবে তা বলে বুঝিয়ে দিতেন। ঘরের কাজ ছাড়াও তিনি মহিলাদের বিভিন্ন পেশার কাজে নিয়োজিত হওয়ার জন্য অনুপ্রাণিত করেছেন।	বেগম রোকেয়ার মত সমাজের মানুষের কল্যাণের জন্য তুমি করতে পার এমন ৫টি কাজের নাম লিখ।	প্রয়োগ- পাঠের মর্ম অনুধাবনের পর আরও গভীর চিন্তা করে নিজ জীবনে তা প্রয়োগের ক্ষেত্র চিন্তা করে বের করার ক্ষমতা
একটি ফুলের ৪টি অংশ যেমন-বোঁটা, পাপড়ি, পুংকেশর এবং স্ত্রীকেশর আছে।	জবা ফুলের ৪টি অংশ পৃথক করে দেখাও।	বিশ্লেষণ: কোন সমগ্রকের ক্ষুদ্র অংশসমূহ পুঞ্জানুরূপে চিনে সমগ্রকের সংগে ক্ষুদ্র অংশসমূহের সম্পর্ক স্থাপন করতে জানা এবং বিভিন্ন বৈশিষ্ট্যের আলোকে সমগ্রকের অংশসমূহ আলাদা করতে পারাকে বিশ্লেষণ বলা হয়।
শিক্ষার্থীদের নিয়ে একটি কাগজ উৎপাদন কারখানায় শিক্ষামূলক ভ্রমণের আয়োজন করা হলো।	কাগজ উৎপাদন পদ্ধতি বর্ণনা কর।	সংশ্লেষণ: কোন বস্তু/উপাদানের ক্ষুদ্র উপাদানসমূহকে একত্রিকরণের মাধ্যমে পূর্ণাঙ্গ রূপ দেয়ার নাম হলো সংশ্লেষণ।
৫ম শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয় পাঠ্য পুস্তকের একটি অধ্যায় পড়ানো হলো।	'সতীদাহ প্রথা উচ্ছেদ সংক্রান্ত আইন প্রণয়নে রাজা রামমোহন রায় ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এর মধ্যে কে বেশী ভূমিকা পালন করেছেন'	মূল্যায়ন হলো বিশেষ উদ্দেশ্যের প্রেক্ষিতে নির্দিষ্ট মানদণ্ডের আলোকে কোন কিছুর মূল্যমান বিচার করার প্রক্রিয়া।

নিচের প্রশ্নটির উপর দলীয় আলোচনা করে মতামত দিন।

প্রশ্ন: শিক্ষার্থীর যোগ্যতা অর্জন হলো কি না তা যাচাই করার জন্য শুধু জ্ঞানমূলক অভীক্ষাপদ প্রয়োগ করা উচিত? উত্তর না হলে, কোন শিখনক্ষেত্রের শতকরা কতভাগ অভীক্ষাপদ সমাপনী পরীক্ষায় অন্তর্ভুক্ত করা প্রয়োজন বলে মনে করেন।

উত্তর: না।

জ্ঞানমূলক-৪০%

অনুধাবন-৪০%

প্রয়োগ, বিশ্লেষণ, সংশ্লেষণ, মূল্যায়ন-২০%

দিন-১
অধিবেশন-৪,৫

১। শিরোনাম: কৃতিত্ব অভীক্ষা, নৈর্ব্যক্তিক অভীক্ষাপদ

২। মূলভাব: কৃতিত্ব অভীক্ষার মাধ্যমে শিক্ষার্থীর শিখন অর্জন যাচাই করা হয়। অভীক্ষার মধ্যে একগুচ্ছ অভীক্ষাপদ/প্রশ্ন থাকে। অভীক্ষা সুনির্দিষ্ট কতকগুলো বৈশিষ্ট্য ও নীতিমালা অনুসরণ করে প্রণয়ন করা হয়। প্রণয়নকৃত অভীক্ষায় বৈশিষ্ট্যসমূহ প্রতিফলিত হলে তাকে আমরা সুঅভীক্ষা বলি। এ অধিবেশনের মাধ্যমে অংশগ্রহণকারীগণ অভীক্ষার প্রকারভেদ ও অভীক্ষা প্রণয়ন কৌশল সম্পর্কে সম্যক ধারণা লাভ করবেন।

৩। সময়: ২ ঘন্টা ৩০মিনিট

৪। শিখনফল : এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

- অভীক্ষা ও অভীক্ষাপদসহ তার প্রকারভেদ বর্ণনা করতে পারবেন।
- সু-অভীক্ষার বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা করতে পারবেন।
- নৈর্ব্যক্তিক অভীক্ষাপদ, প্রকারভেদ ও সেগুলোর বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবেন।
- বহুনির্বাচনী অভীক্ষাপদ তৈরির নীতিমালা ব্যাখ্যা করতে পারবেন।

৫। সহায়ক সামগ্রী : ল্যাপটপ, মাল্টিমিডিয়া, ভিজুয়ালাইজার, হোয়াইট বোর্ড, মার্কার ইত্যাদি।

৬। পদ্ধতি/কৌশল : ব্রেইন স্টর্মিং, আলোচনা, মতামত সংগ্রহ, দলীয় কাজ, উপস্থাপন।

৭। কার্যাবলি:

কাজ-১: অভীক্ষা কী ও তার প্রকারভেদ বর্ণনা করা

সময়: ৪৫মিনিট

- অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানিয়ে অধিবেশন শুরু করুন। অংশগ্রহণকারীদের বিগত বছরের সমাপনী পরীক্ষার একটি প্রশ্নপত্র (সহায়ক তথ্য-৭) দেখিয়ে জিজ্ঞেস করুন এটাকে কী বলে? ২/৩ জন থেকে প্রাপ্ত উত্তর বোর্ডে লিখুন। প্রাপ্ত উত্তরের সূত্র ধরে বলুন, এটাকে অভীক্ষা বলে। অতঃপর সহায়ক তথ্য-৮ সহায়তায় অভীক্ষা ও অভীক্ষাপদের পার্থক্য তুলে ধরুন।
- অংশগ্রহণকারীদের ভিজুয়ালাইজার/মাল্টিমিডিয়াতে একটি অভীক্ষা (সহায়ক তথ্য-৭) দেখিয়ে কত ধরনের অভীক্ষাপদ আছে তা দলে সনাক্ত করতে বলুন। প্রতি দলের উত্তরগুলো বোর্ডে সংগ্রহ করুন। প্রতিটির একটি করে উদাহরণ দিতে বলুন। সহায়ক তথ্য-৯ এর সহায়তায় অভীক্ষার প্রকারভেদ সম্পর্কে ধারণা সুস্পষ্ট করুন।
- অভীক্ষা ও অভীক্ষাপদের ধারণার আলোকে সু-অভীক্ষার বৈশিষ্ট্য কী হতে পারে তা চিন্তা করতে বলুন এবং ২/৩ জনকে ধারণা ব্যক্ত করতে দিন। সহায়ক তথ্য-৮ এর আলোকে সু-অভীক্ষার বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনার সুযোগ দিয়ে সকলের ধারণা সুস্পষ্ট করুন।

কাজ-২: নৈর্ব্যক্তিক অভীক্ষাপদসমূহ ও সেগুলোর বৈশিষ্ট্য বর্ণনা করা

সময়: ৪০ মিনিট

- নৈর্ব্যক্তিক অভীক্ষাপদ কত ধরনের তা অংশগ্রহণকারীদের বলতে বলুন। অংশগ্রহণকারীদের উত্তরগুলো বোর্ডে লিখুন। প্রতিটির একটি করে উদাহরণ দিতে বলুন। সহায়ক তথ্য-৯ এর সহায়তায় নৈর্ব্যক্তিক অভীক্ষাপদের প্রকারভেদ সম্পর্কে ধারণা সুস্পষ্ট করুন।
- হোয়াইট বোর্ডে নৈর্ব্যক্তিক অভীক্ষা কথটি লিখুন এবং এ সম্পর্কে অংশগ্রহণকারীগণের পূর্ব অভিজ্ঞতা থেকে চিন্তা করে পাশে বসা সহকর্মীর সাথে আলোচনা করে নৈর্ব্যক্তিক অভীক্ষাপদের একটি করে বৈশিষ্ট্য বলতে বলুন এবং সেগুলো বোর্ডে সংগ্রহ করুন। সহায়ক তথ্য-৯ সহায়তায় নৈর্ব্যক্তিক অভীক্ষাপদের বৈশিষ্ট্যসমূহ মাল্টিমিডিয়া প্রজেক্টর/পূর্বে লেখা পোস্টার পেপারের মাধ্যমে প্রদর্শন করুন এবং প্রয়োজনে ব্যাখ্যা করে বুঝিয়ে দিন।

কাজ-৩: বহুনির্বাচনী অভীক্ষাপদ তৈরির নীতিমালা ব্যাখ্যা করা

সময়: ৬০ মিনিট

- মাল্টিমিডিয়া প্রজেক্টর/ পূর্বে লেখা পোস্টার পেপারের মাধ্যমে সহায়ক তথ্য-১০ হতে একটি বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রদর্শন করে তার বিভিন্ন অংশ যেমন- স্টেম, অপশন, উত্তর, ডেস্ট্রাক্টর সম্পর্কে ধারণা দিন।
- মাল্টিমিডিয়া প্রজেক্টর/ পূর্বে লেখা পোস্টার পেপারের মাধ্যমে সহায়ক তথ্য-১০ এর আলোকে বহুনির্বাচনী অভীক্ষাপদের বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করুন।
- একইভাবে মাল্টিমিডিয়া প্রজেক্টর/ পূর্বে লেখা পোস্টার পেপারের মাধ্যমে সহায়ক তথ্য-১১ এর আলোকে উত্তম বহুনির্বাচনী অভীক্ষাপদের নীতিমালাসমূহ অংশগ্রহণকারীদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে ব্যাখ্যা করুন।

- প্রশিক্ষণার্থীদের ৫/৬ টি দলে ভাগ করে দলভিত্তিক বসতে বলুন। দলে কর্মপত্র-৩ দিন। দলে কর্মপত্রে উল্লেখিত বহুনির্বাচনী অভীক্ষাপদ পড়তে ও আলোচনা করতে বলুন। বলুন যে প্রদত্ত বহুনির্বাচনী অভীক্ষাপদগুলো প্রণয়নের ক্ষেত্রে বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়নের নীতিমালা লঙ্ঘন করা হয়েছে। কোন অভীক্ষাপদে কোন নীতির লঙ্ঘন করা হয়েছে তা সনাক্ত করতে বলুন। অতপর নীতির লঙ্ঘন দূর করার জন্য প্রয়োজনীয় পরিমার্জন করে অভীক্ষাপদগুলো পুনরায় লিখতে বলুন। এজন্য ২০ মিনিট সময় দিন। দলীয় কাজ মনিটরিং ও মেন্টরিং করুন।
- ২০ মিনিট পর দলীয় কাজ উপস্থাপন করার জন্য আহ্বান করুন। প্রতি দলকে ২টি করে অভীক্ষাপদের নীতির লঙ্ঘন ও পরিমার্জন উপস্থাপন করতে বলুন। এক দল যখন উপস্থাপন করবে তখন অন্যদলের সদস্যদের মনোযোগ দিতে বলুন। কারো প্রশ্ন থাকলে তথ্যপত্র অংশে সংযোজিত কর্মপত্র-৩ এর উত্তরপত্রের আলোকে তার উত্তর দিন।
- সহায়ক তথ্য-১১ বিতরণ করুন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

৮। মূল্যায়ন: নিচের প্রশ্নগুলোর মাধ্যমে/ নিজে প্রাসঙ্গিক প্রশ্ন করে অধিবেশন মূল্যায়ন করুন।

সময়: ৫ মিনিট

- (ক) অভীক্ষা ও অভীক্ষাপদের মধ্যে পার্থক্য কী?
- (খ) সুঅভীক্ষার বৈশিষ্ট্যসমূহ কী।
- (গ) নৈর্ব্যক্তিক অভীক্ষাপদ ও সেগুলোর বৈশিষ্ট্যসমূহ কী?
- (ঘ) বহুনির্বাচনী অভীক্ষাপদ তৈরির নীতিমালা কী?

৯। স্ব-অনুচিন্তন:

- অধিবেশনটি কতটা দক্ষতার সাথে পরিচালনা করতে সক্ষম হয়েছেন, চিন্তা করুন।
- সকলে শিখনফল অর্জন করতে পেরেছেন কি? না করতে পারলে তার জন্য কী পদক্ষেপ নেয়া প্রয়োজন ছিল তা সনাক্ত করুন।
- অধিবেশন অংশগ্রহণমূলক ছিল কি? না থাকলে অংশগ্রহণমূলক করার জন্য কী করা উচিত?

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লিখ:

(ক) কোন যানবাহনটি বায়ু দূষিত করে?

(১) মটরগাড়ি (২) রিকশা (৩) বাইসাইকেল (৪) গরুরগাড়ি

(খ) কোনটি জীবের শরীরে শক্তি উৎপাদনে প্রধান ভূমিকা রাখে?

(১) মাছ (২) ভাত (৩) মাংস (৪) মিষ্টি কুমড়া

(গ) পানি ও বায়ু কোন ধরনের পদার্থ?

(১) স্বচ্ছ পদার্থ (২) ঈষদ স্বচ্ছ পদার্থ (৩) অস্বচ্ছ পদার্থ (৪) স্বচ্ছ ও অস্বচ্ছ পদার্থ

(ঘ) বালি ও লোহার গুঁড়োর মিশ্রণ থেকে কী দিয়ে তুমি লোহার গুঁড়োকে আলাদা করবে?

(১) লোহার দণ্ড (২) দস্তার দণ্ড (৩) তামার দণ্ড (৪) চুম্বক দণ্ড

(ঙ) পৃথিবীর প্রকৃত আকার কেমন?

(১) গ্লোব আকৃতির (২) সিলিন্ডার আকৃতির (৩) বল আকৃতির (৪) ডিম্বাকৃতির

(চ) বেশি ভিটামিন ও মিনারেল পাওয়ার জন্য তুমি নিচের কোন সারির খাদ্যগুলো বেশি খাবে?

(১) ফল ও সবজি (২) দুধ ও মাখন (৩) রুটি ও ভাত (৪) মাছ ও মাংস

(ছ) নিচের কোন সারির দুটি উদ্ভিদে ফুল হয় না?

(১) আম, জাম (২) কলা, লেবু (৩) শৈবাল, ছত্রাক (৪) সাইকাস, পাইনাস

(জ) নিচের কোন প্রাণীটি কম পানি খেয়ে বাঁচতে পারে?

(১) সাদা ভালুক (২) জেবরা (৩) উট (৪) ভেড়া

(ঝ) নিচের কোনটি এক প্রান্ত হতে অন্য প্রান্তে দ্রুত তথ্য বা সংবাদ প্রেরণ করতে ব্যবহার করা হয়?

(১) ক্যামেরা (২) ইন্টারনেট (৩) ডিস এনেটনা (৪) রিমোট কন্ট্রোল

(ঞ) নিচের কোনটি কৃষি ক্ষেত্রের প্রযুক্তি?

(১) কম্পিউটার (২) ইন্টারনেট (৩) এক্স-রে মেশিন (৪) ফ্যাক্স মেশিন

২। নিচের বাক্যগুলো উত্তরপত্রে লিখে উপযুক্ত শব্দ দ্বারা শূন্যস্থান পূরণ কর:

২×৫=১০

(ক) দ্বিবীজপত্রী উদ্ভিদের পাতায়----- শিরাবিন্যাস দেখা যায়।

(খ) স্ট্রেপটোকক্কাস নামক একধরনের জীবাণুর আক্রমণে-----হয়।

(গ) সাধারণ অবস্থায় বায়ুর চাপকে ----- বলা হয়।

(ঘ) পৃথিবী ও অন্যান্য গ্রহ----- প্রদক্ষিণ করে।

(ঙ) জনসংখ্যা বাড়লে মাথাপিছু জমির পরিমাণ ----- যায়।

- ৩। নিচের বাক্যগুলো উত্তরপত্রে লিখে শুদ্ধ বাক্যটির ডান পাশে “শুদ্ধ” এবং অশুদ্ধ বাক্যটির ডান পাশে “অশুদ্ধ” লিখ: নম্বর
২×৫=১০
- (ক) দোআঁশ মাটিতে ফলগাছ ভাল জন্মে না।
- (খ) ওঝারা কখনো বিষ নামাতে পারে না।
- (গ) কাজ হচ্ছে বল ও সরণের যোগফল।
- (ঘ) বিজ্ঞানী নিউটন মহাকর্ষ সূত্র আবিষ্কার করেছেন।
- (ঙ) স্বাস্থ্য সম্মতভাবে বসবাস করতে হলে দূষণমুক্ত পরিবেশ প্রয়োজন।

- ৪। বাম পাশের বাক্যংশের সাথে ডান পাশের বাক্যংশের মিল করে উত্তরপত্রে লেখ: ২×৪=৮

(ক) মেরু অঞ্চলে বাস করে	ব্যারোমিটার
(খ) বায়ুর চামাপক যন্ত্র	নিকোলা টেসলা
(গ) রেডিও আবিষ্কার করেন	ড্রামসিডর
(ঘ) ফসলের বীজ বোনার যন্ত্র	সাদা ভালুক
	বৈজ্ঞানিক মার্কিনী
	পাওয়ার টিলার

- ৫। সংক্ষিপ্ত উত্তর দাও যে কোন দশটি): ৩×১০=৩০

- (ক) খুব সহজে কীভাবে ফল গাছের কলম করা যায়?
- (খ) স্তন্যপায়ী প্রাণীর তিনটি বৈশিষ্ট্য লিখ।
- (গ) সযম খাদ্য কাকে বলে?
- (ঘ) টাইফয়েড রোগের তিনটি লক্ষণ লিখ।
- (ঙ) বিষধর সাপের কামড় কীভাবে চেনা যায়?
- (চ) তরল পদার্থের তিনটি বৈশিষ্ট্য লিখ।
- (ছ) অণু ও পরমাণুর মধ্যে তিনটি বৈশিষ্ট্য লিখ।
- (জ) বিদ্যুৎ কত প্রকার ও কী কী?
- (ঝ) দ্বিবীজপত্রী উদ্ভিদের তিনটি বৈশিষ্ট্য লিখ।
- (ঞ) ল্যান্ড টেলিফোন ও মোবাইল টেলিফোনের তিনটি পার্থক্য লিখ।
- (ট) বৃষ্টিপাত কাকে বলে?
- (ঠ) পানি দূষণের তিনটি কারণ উল্লেখ কর।

- ৬। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও (বর্ণনা মূলক) ৮×৪=৩২

- (ক) অপুষ্পক উদ্ভিদ কাকে বলে? অপুষ্পক ও সপুষ্পক উদ্ভিদের তিনটি করে বৈশিষ্ট্য উল্লেখ কর। ২+৬=৮
- (খ) ভিটামিন কী? কোন ভিটামিনের অভাবে কী রোগ হয় তার একটি তালিকা তৈরি কর। ২+৬=৮
- (গ) মৌলিক পদার্থকে কয় ভাগে ভাগ করা যায়? ধাতু ও অধাতু তিনটি পার্থক্য লেখ। ২+৬=৮
- (ঘ) আর্হিক গতি কাকে বলে? আর্হিক গতির বর্ণনা দাও। ২+৬=৮
- (ঙ) স্বয়ংক্রিয় দরজা কী? এ দরজা কীভাবে আপনা আপনি খোলে? ২+৬=৮
- (চ) পরিবেশ সংরক্ষণের চারটি উপায় লিখ। তোমার বিদ্যালয়ের পরিবেশ কীভাবে পরিচ্ছন্ন রাখবে তার চারটি উপায় উল্লেখ কর। ৪+৪=৮

সহায়ক তথ্য-৮
কৃত্ত্ব অভীক্ষা ও তার শ্রেণিবিভাগ


অভীক্ষা ও অভীক্ষাপদ: শিক্ষামূলক ও মনোবৈজ্ঞানিক পরিমাপের এক ধরনের কৌশল বা উপকরণ হলো অভীক্ষা। সাধারণভাবে এক গুচ্ছ প্রশ্নকে (group of question) অভীক্ষা বলা যায়। একটি অভীক্ষার মধ্যে সাধারণত অনেকগুলো অভীক্ষা পদ বা প্রশ্ন অন্তর্ভুক্ত থাকে। অভীক্ষা হলো শিক্ষার্থীর এক বা একাধিক বৈশিষ্ট্য নির্ণয়ের জন্য একগুচ্ছ প্রশ্ন বা সমস্যার সেট। যে অভীক্ষা দ্বারা শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে তাদের পঠিতব্য বিষয়ের ওপর কতটা পারদর্শিতা বা কৃত্ত্ব অর্জন করতে পেরেছে তা পরিমাপ করা হয় তাকে পারদর্শিতা বা কৃত্ত্ব অভীক্ষা বলে। কৃত্ত্বের অভীক্ষাকে শিক্ষামূলক অভীক্ষাও বলা হয়। মনোবিদ জে.সি. নানেলি এর মতে, একটি নির্দিষ্ট সময়ে বিদ্যালয়ের শিক্ষার্থীদের নির্দিষ্ট পরিমাণ শিক্ষামূলক অগ্রগতির পরিমাপ করাই কৃত্ত্ব অভীক্ষার উদ্দেশ্য।

সু-অভীক্ষার বৈশিষ্ট্য

যে-কোন আদর্শ বা উত্তম অভীক্ষার কতকগুলো গুণ বা বৈশিষ্ট্য থাকা প্রয়োজন। এগুলোর যদি অভাব থাকে তবে অভীক্ষাটিকে পরিমাপের উপকরণ হিসেবে নিখুঁত বা নির্ভরযোগ্য বলা যায় না। অভীক্ষার এই উপাদান বা শর্তগুলোকে বলা হয় সু-অভীক্ষার বৈশিষ্ট্য। নিম্নে প্রধান পাঁচটি বৈশিষ্ট্য বর্ণনা করা হলো:

১. **যথার্থতা (Validity):** কোন অভীক্ষার যথার্থতা বলতে বুঝায়, যে গুণ বা বৈশিষ্ট্য পরিমাপ করার জন্য অভীক্ষাটি তৈরি করা হয়েছে প্রকৃতপক্ষে অভীক্ষাটি নিখুঁতভাবে সেই গুণ বা বৈশিষ্ট্য পরিমাপ করতে পারছে। অর্থাৎ কোন অভীক্ষার দ্বারা যা পরিমাপ করতে চাওয়া হয়, অভীক্ষাটি যদি তা সঠিকভাবে পরিমাপ করে, তবে অভীক্ষাটি যথার্থ বলা যায়। বিজ্ঞানের একটি অভীক্ষা যদি শিক্ষার্থীর হাতের লেখা বা ভাষাজ্ঞান পরিমাপ না করে শুধু বিজ্ঞানের জ্ঞান ও দক্ষতা পরিমাপ করে তবে অভীক্ষাটির যথার্থতা রয়েছে বলা যাবে। অভীক্ষার যথার্থতা যুক্তিনির্ভর পদ্ধতিতে নির্ণয় করা হয়।
২. **নির্ভরযোগ্যতা (Reliability) :** অভীক্ষার নির্ভরযোগ্যতা বলতে বোঝায় একটি অভীক্ষা কতটা নির্ভুল ও সঙ্গতিপূর্ণ ফলাফল প্রদান করতে পারে। যদি একটি অভীক্ষা একদল শিক্ষার্থীর উপর কিছুদিনের ব্যবধানে পর পর দুবার প্রয়োগ করা হয় এবং যদি দেখা যায় যে, শিক্ষার্থীদের দুই বারের ফলাফলের মধ্যে মিল আছে, তাহলে বলা যাবে অভীক্ষাটির নির্ভরযোগ্যতা রয়েছে। অভীক্ষার নির্ভরযোগ্যতা গাণিতিক পদ্ধতিতে নির্ণয় করা যায়।
৩. **নৈর্ব্যক্তিকতা (Objectivity) :** কোন অভীক্ষার নৈর্ব্যক্তিকতা বলতে বোঝায় যে, অভীক্ষাটির প্রস্তুতি, প্রয়োগ ও নম্বর প্রদানের ক্ষেত্রে পরীক্ষকের ব্যক্তিগত প্রভাব পড়বে না। অর্থাৎ অভীক্ষাটি নিরপেক্ষভাবে পরিমাপ করতে সমর্থ হবে।
৪. **আদর্শায়ন (Standardization) :** কোন অভীক্ষার গঠন, প্রয়োগ ও ফলাফল ব্যাখ্যার মধ্যে সঙ্গতি ও সামঞ্জস্য বিধানের ক্ষেত্রে যে কৌশল অনুসরণ করা হয়, তাকে বলা হয় আদর্শায়ন। আদর্শায়িত অভীক্ষার একটি বিশেষ বৈশিষ্ট্য হলো এর একটি আদর্শ মান বা নর্ম নির্ণয় করা হয় এবং এ মানের নিরিখে ফলাফলের ব্যাখ্যা করা হয়।
৫. **পরিমিততা (Economy) :** অভীক্ষার পরিমিততা বলতে বোঝায় অভীক্ষাটির গঠন, প্রয়োগ এবং নম্বর প্রদানের ব্যাপারে যতটা সম্ভব কম সময়, অর্থ ও পরিশ্রম ব্যয় হয়। যে অভীক্ষার প্রয়োগে ও ফলাফল প্রদানে অনেক সময় ও অর্থ ব্যয় হয় সে অভীক্ষার পরিমিততা কম বলা চলে।

কৃত্ত্ব অভীক্ষার শ্রেণিবিভাগ: অভীক্ষার গঠন বা ধরনের দিক থেকে বিবেচনা করলে কৃত্ত্ব অভীক্ষাকে নিম্নোক্ত শ্রেণি অনুযায়ী ভাগ করা যায়।



মৌখিক অভীক্ষা: এই অভীক্ষায় শিক্ষক মৌখিকভাবে প্রশ্ন করেন এবং শিক্ষার্থীরা মৌখিকভাবেই উত্তর দিয়ে থাকেন। এ জাতীয় পরীক্ষায় এক বা একাধিক বিষয় হতে ধারাবাহিকভাবে বা এলোমেলোভাবে প্রশ্ন করা হয়ে থাকে। শিক্ষক শ্রেণিতে মৌখিকভাবে বিভিন্ন প্রশ্ন করে থাকেন। এগুলোও মৌখিক অভীক্ষার অন্তর্ভুক্ত। এ জাতীয় অভীক্ষার মাধ্যমে শিক্ষার্থীর উপস্থিত বুদ্ধি, প্রত্যুৎপন্ন্যমিত্য, ভাষা, উচ্চারণ এবং শিক্ষার্থীর ব্যক্তিত্ব সম্পর্কে ধারণা পাওয়া যায়। তবে ব্যক্তিগতভাবে পরিচালিত হয় বলে বেশ সময় সাপেক্ষ এবং এক্ষেত্রে শিক্ষকের ব্যক্তিগত প্রভাব থাকার সম্ভাবনা থাকে। ফলে অভীক্ষার নৈর্ব্যক্তিকতা হারানোর সুযোগ থাকে।

লিখিত অভীক্ষা: যে অভীক্ষায় শিক্ষার্থীরা লিখে উত্তর দেয় তাই লিখিত অভীক্ষা। লিখিত অভীক্ষা দুই ধরনের হয়। কাঠামোবদ্ধ অভীক্ষা ও নৈর্ব্যক্তিক অভীক্ষা।

কাঠামোবদ্ধ অভীক্ষা: কাঠামোবদ্ধ অভীক্ষা আবার দুই প্রকারের হয়ে থাকে। যথা: সংক্ষিপ্ত-উত্তর জাতীয় অভীক্ষা এবং দীর্ঘ-উত্তর জাতীয় অভীক্ষা। সংক্ষিপ্ত-উত্তর জাতীয় কাঠামোবদ্ধ অভীক্ষায় এমনভাবে প্রশ্ন করা হয় যাতে উত্তর দিতে হয় সংক্ষেপে। এক্ষেত্রে সমস্যা বা অভীক্ষাপদটির উত্তর লেখার ক্ষেত্রে শিক্ষার্থীর স্বাধীনতা অপেক্ষাকৃত কম। যেমন- কাঠামোবদ্ধ অভীক্ষা কত প্রকার ও কী কী? পাঁচটি ফলের নাম লিখ ইত্যাদি। দীর্ঘ-উত্তর জাতীয় কাঠামোবদ্ধ অভীক্ষায় প্রশ্নের উত্তর দিতে হয় বিশদ আকারে। এজন্য সময় ও নম্বর উভয়ই বেশি দেয়া হয়। এখানে শিক্ষার্থীরা লেখার ক্ষেত্রে অপেক্ষাকৃত বেশি স্বাধীনতা পেয়ে থাকে। এখানে বিভিন্ন ব্যাখ্যা, বিশ্লেষণ, পার্থক্য, বর্ণনা জাতীয় প্রশ্ন করা হয়ে থাকে।

নৈর্ব্যক্তিক অভীক্ষা: যে সব অভীক্ষাপদে শিক্ষক ও শিক্ষার্থী উভয়েরই ব্যক্তিগত প্রভাব আসার সম্ভাবনা থাকে না তাদেরকে নৈর্ব্যক্তিক অভীক্ষা বলা হয়। অভীক্ষার নৈর্ব্যক্তিকতা বজায় থাকে বলেই একে নৈর্ব্যক্তিক অভীক্ষা বলা হয়ে থাকে। প্রচলিত রচনামূলক প্রশ্নের অসুবিধাগুলো দূর করার উদ্দেশ্যেই মূলত নৈর্ব্যক্তিক অভীক্ষার প্রচলন শুরু হয়েছে। নৈর্ব্যক্তিক প্রশ্নে নির্ভরযোগ্যতা ও যথার্থতা উভয়ই রক্ষিত হয়। নৈর্ব্যক্তিক অভীক্ষা বিভিন্ন ধরনের হয়ে থাকে। যেমন- এক কথায় উত্তর, বহুনির্বাচনী, মিলকরণ, শূন্যস্থান পূরণ, সত্য-মিথ্যা ইত্যাদি।

সহায়ক তথ্য-৯: নৈর্ব্যক্তিক অভীক্ষা

নৈর্ব্যক্তিক অভীক্ষাপদ (Objective Test Items) কী ?

যে সব অভীক্ষাপদ বা প্রশ্নে শিক্ষক ও শিক্ষার্থী উভয়েরই ব্যক্তিগত প্রভাব আসার সম্ভাবনা থাকে না তাদেরকে নৈর্ব্যক্তিক অভীক্ষা বলা হয়। অভীক্ষার নৈর্ব্যক্তিকতা বজায় থাকে বলেই একে নৈর্ব্যক্তিক অভীক্ষা বলা হয়ে থাকে। প্রচলিত রচনামূলক প্রশ্নের অসুবিধাগুলো দূর করার উদ্দেশ্যেই মূলত নৈর্ব্যক্তিক অভীক্ষার প্রচলন শুরু হয়েছে। নৈর্ব্যক্তিক প্রশ্নে নির্ভরযোগ্যতা ও যথার্থতা উভয়ই রক্ষিত হয়।

নৈর্ব্যক্তিক অভীক্ষার প্রকারভেদ: সাধারণত: নিম্নবর্ণিত পাঁচ ধরনের নৈর্ব্যক্তিক অভীক্ষার প্রচলন রয়েছে।

১. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (Short Answer Type Item)
২. শূন্যস্থান পূরণ প্রশ্ন (Fill-in-the-Blank Type)
৩. সত্য-মিথ্যা নির্ণয় (True -False)
৪. মিলকরণ প্রশ্ন (Matching Type)
৫. বহু নির্বাচনী প্রশ্ন (Multiple Choice Item)

(ক) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন:

সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের উত্তর শিক্ষার্থীকে সরবরাহ করতে হয়। উত্তরটি খুবই সংক্ষিপ্ত ও সুনির্দিষ্ট হয়। একটি নাম, একটি শব্দ, একটি তারিখ ইত্যাদির মধ্যে উত্তর সীমাবদ্ধ থাকে। শিক্ষার্থীকে সরাসরি প্রশ্ন করা হয়। প্রতিটি প্রশ্নের সাথে উত্তরের জন্য জায়গা নির্দেশ করা থাকে। অথবা কোথায় উত্তর লিখতে হবে তার নির্দেশনা দেয়া থাকে।

উদাহরণ: আমাদের জাতীয় সংগীত কার লেখা? উত্তর: -----

বৈশিষ্ট্য:

সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের দ্বারা কেবলমাত্র জ্ঞানমূলক বৈশিষ্ট্য পরিমাপ করা যায়। প্রকৃতপক্ষে শিক্ষার্থীর স্মৃতিশক্তি পরিমাপ করা হয়। প্রশ্ন নির্বাচনের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন একাধিক সঠিক উত্তর না থাকে। শিক্ষার্থীকে উত্তর লিখতে হয় এতে লেখার দক্ষতা ও বানানের নির্ভুলতার প্রশ্ন থাকে।

(খ) শূন্যস্থান পূরণ প্রশ্ন:

শূন্যস্থান পূরণ জাতীয় প্রশ্নে শিক্ষার্থীকে উত্তর সরবরাহ করতে হয়। একটি অর্থপূর্ণ বাক্য বা বিবৃতি থেকে এক বা একাধিক শব্দ তুলে নেওয়া হয় এবং শিক্ষার্থীকে উপযুক্ত শব্দ ব্যবহার করে বাক্যটি পূর্ণ করতে বলা হয়। এ জাতীয় প্রশ্ন দ্বারা জ্ঞানমূলক সহজ

বৈশিষ্ট্যগুলো পরিমাপ করা যায়। সাধারণত বাক্য বা বিবৃতির শেষ দিকে শূন্যস্থান রাখা হয় কারণ প্রথম দিকে প্রয়োজনীয় তথ্য পাওয়ার ফলে শিক্ষার্থীর পক্ষে উত্তর দেয়া সহজ হয়। শূন্যস্থান পূরণ জাতীয় প্রশ্ন দ্বারা কেবলমাত্র পাঠ্য বিষয়ের অর্জিত জ্ঞান পরিমাপ করা যায়। তবে পাঠ্য বই এর বাইরে থেকেও যোগ্যতা, শিখনফল ও শ্রেণি অনুযায়ী বাক্য নির্বাচন করা যেতে পারে।

উদাহরণ: উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।

(ঙ) ঢাকা -----নদীর তীরে অবস্থিত।

বৈশিষ্ট্য:

বাক্য থেকে গুরুত্বপূর্ণ শব্দ অর্থাৎ যে শব্দে মূল ধারণা নিহিত থাকে তা তুলে নিতে হবে। একটি বাক্যে একটি শব্দ তুলে নেয়া বাঞ্ছনীয়। বাক্যের প্রত্যেকটি শূন্যস্থানের দৈর্ঘ্য সমান রাখতে হবে। যেন শিক্ষার্থীরা শূন্যস্থানের দৈর্ঘ্য বিবেচনা করে অনুমানের উপর উত্তর দিতে না পারে। এ জাতীয় প্রশ্ন দ্বারা শিক্ষার্থীর মনোভাব বা দক্ষতা পরিমাপ করা যায় না।

(গ) সত্য-মিথ্যা নির্ণয় প্রশ্ন:

সত্য-মিথ্যা নির্ণয় প্রশ্নে শিক্ষার্থীকে অর্থপূর্ণ সম্পূর্ণ বাক্য বা প্রদত্ত বিবৃতির প্রকৃতি (সত্য-মিথ্যা) নির্ধারণ করতে বলা হয়। এ ধরনের প্রশ্ন দ্বারাও শিক্ষার্থীর জ্ঞানের পরিমাপ করা হয়। এ ধরনের প্রশ্নের উত্তর অনুমানের উপর লেখা সম্ভব অর্থাৎ পরীক্ষার্থী যদি সকল অভীক্ষাপদের জন্য সত্য(স)/মিথ্যা(মি) লেখে তবে ৩০-৭০% উত্তর সঠিক হয়ে যায়। সেজন্য এটা শ্রেণিকার্যক্রমের ধারাবাহিক মূল্যায়নের জন্য ব্যবহৃত হতে পারে, প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য উপযুক্ত নয়। উদাহরণ: বাক্য সত্য হলে ‘স’ মিথ্যা হলে ‘মি’ লিখ।

●আলো সরল রেখায় চলে।

বৈশিষ্ট্য:

অর্থপূর্ণ বাক্য বা বিবৃতি খুব বেশি দীর্ঘ হওয়া উচিত নয়। সরাসরি বই এর বাক্য বাদ দিতে হবে কারণ বাক্যটি মুখস্থ থাকলে সত্য-মিথ্যা নির্ণয় করতে শিক্ষার্থীকে চিন্তা করতে হয় না। বাক্যের কিছু অংশ সত্য কিছু অংশ মিথ্যা এ ধরনের বাক্য পরিহার করতে হবে। চাতুর্যপূর্ণ বা ইঙ্গিতপূর্ণ বাক্য ব্যবহার না করা। এতে শিক্ষার্থী বিভ্রান্তিতে পড়ে ফলে প্রশ্নের নৈর্ব্যক্তিকতা নষ্ট হয়।

(ঘ) মিলকরণ প্রশ্ন:

মিলকরণ জাতীয় প্রশ্নে শিক্ষার্থীকে উত্তর সনাক্ত করতে হয়। এ ধরনের প্রশ্নে দুটি জুস্ত বা সারি থাকে। একটি সারিতে থাকে কোন বিবৃতি বা প্রশ্ন। অপর সারিতে থাকে বিবৃতির সঙ্গে সম্পর্কযুক্ত ধারণা বা প্রশ্নের উত্তর প্রথম সারিতে ক্রম অনুযায়ী যে ভাবে বিবৃতি বা প্রশ্ন উপস্থাপন করা হয় দ্বিতীয় সারিতে ধারণা বা উত্তরগুলো ঠিক সেভাবে উপস্থাপন করা হয় না। উত্তরগুলোকে প্রশ্নের বরাবর না রেখে স্থান বদলে দেওয়া হয়। শিক্ষার্থীকে বিবৃতির সঙ্গে ধারণা অথবা প্রশ্নের সঙ্গে উত্তরের মিল করতে বলা হয়। প্রথম সারিতে যতগুলো বিবৃতি বা প্রশ্ন দেওয়া হয় দ্বিতীয় সারিতে তার চেয়ে কয়েকটি বেশি ধারণা বা উত্তর দেওয়া হয়। দুই সারির সংখ্যা সমান থাকলে শেষের দিকে প্রশ্নের জন্য উত্তর সনাক্ত করার কাজটি খুব সহজ হয়ে যায় এতে পরিমাপ সঠিক হয় না। প্রথম সারির বিবৃতি বা প্রশ্নগুলো সমজাতীয় হয়ে থাকে।

উদাহরণ:

(চ) কোন ভিটামিনের অভাবে কোন রোগ হয় তা মিল কর। প্রথম সারির সাথে দ্বিতীয় সারির শব্দ/বাক্য মিল কর।

১.ভিটামিন ‘এ’	(ক) বেরিবেরি
২.ভিটামিন ‘বি’	(খ) রাতকানা
৩.ভিটামিন ‘সি’	(গ) রিকেট
	(ঘ) স্কার্ভি
	(ঙ) রিকেট

বৈশিষ্ট্য:

মিলকরণ প্রশ্নের দ্বারা শুধুমাত্র বিষয় কেন্দ্রিক জ্ঞান পরিমাপ করা যায়। এখানেও শিক্ষার্থীর জ্ঞানের পরিমাপ করা হয়। মিলকরণের সময় কোন সারির সাথে কোন সারির মিল করতে হবে তার সুস্পষ্ট নির্দেশনা থাকতে হবে। কাঠিন্যের বিবেচনায় প্রশ্নগুলো সমমানের হতে হবে। একই প্রশ্নে মিলকরণের বিষয়গুলো সমজাতীয় হতে হবে। তা না হলে পরিমাপের নির্ভরযোগ্যতা কমে যায়।


(ঙ) বহু নির্বাচনী প্রশ্ন:

বহু নির্বাচনী প্রশ্ন অন্যান্য প্রকারের নৈর্ব্যক্তিক প্রশ্নের তুলনায় অনেক বেশি ব্যবহৃত হয়। কারণ বহু নির্বাচনী প্রশ্ন অন্য যে কোন প্রকার নৈর্ব্যক্তিক প্রশ্নের তুলনায় অধিক নির্ভরযোগ্য। এ ছাড়া জ্ঞানের বিভিন্ন স্তরের অর্থাৎ জ্ঞান, উপলব্ধি, প্রয়োগ ইত্যাদির উপযোগী বহু নির্বাচনী প্রশ্ন তৈরি করা যায়।

সহায়ক তথ্য-১০

বহু নির্বাচনী প্রশ্নের (MCQ) উদাহরণ

বহু নির্বাচনী প্রশ্নের প্রধানত দুটি অংশ থাকে। মূল অংশে (STEM) থাকে একটি প্রশ্ন বা সমস্যা এবং নিচে ৪/৫টি বিকল্প উত্তর (Alternatives or options) দেওয়া থাকে। এই বিকল্প উত্তরগুলোর মধ্যে একটি মাত্র উত্তর সঠিক (Key) এবং বাকিগুলো ভুল উত্তর বা বিচলক (Distracter)।



বহু নির্বাচনী প্রশ্নের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য গুলো নিম্নরূপ:

১. স্টেম সরাসরি প্রশ্ন আকারে হবে অথবা একটি সম্পূর্ণ বাক্য বা উক্তি হতে পারে।
২. Key -এর মাধ্যমে সঠিক উত্তরটি নিশ্চিত করতে হয়।
৩. সব বিকল্প উত্তর একই কাঠামোর হবে। (যেমন- বাক্য, শব্দগুচ্ছ সব একই দৈর্ঘ্যের হতে হবে)।
৪. বিকল্প উত্তরগুলো সমগোত্রীয় হবে।
৫. উত্তরগুলো যৌক্তিকভাবে সাজাতে হবে।
৬. উত্তরগুলো প্রশ্নের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
৭. না বাচক বাক্য ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
৮. প্রশ্নের উত্তর খোঁজার ক্ষেত্রে কোন সূত্র রাখা যাবে না।
৯. প্রশ্নের মধ্যে শুদ্ধ উত্তরগুলোর অবস্থান ভিন্ন হতে হবে যাতে কোন প্যাটার্ন খুঁজে পাওয়া না যায়।
১০. প্রশ্নগুলো যতটা সম্ভব সংক্ষিপ্ত হবে।
১১. দ্ব্যর্থবোধক বা চালাকি প্রশ্ন না করাই ভালো।

সহায়ক তথ্য-১১

উত্তম বহু নির্বাচনী অভীক্ষাপদ প্রণয়নের নীতিমালা

বিভিন্ন প্রকার নৈর্ব্যক্তিক অভীক্ষার মধ্যে বহু নির্বাচনী প্রশ্ন (MCQ) বর্তমানে বহুল প্রচলিত ও ব্যবহৃত। এ জাতীয় প্রশ্নের দ্বারা শিক্ষার্থীর জ্ঞান, অনুধাবন ও প্রয়োগ স্তরের আচরণ সহজেই পরিমাপ করা যায়।

উত্তম বহু নির্বাচনী প্রশ্ন প্রণয়নের নীতিমালা:

- (১) প্রশ্নের মূল অংশে একটি সরাসরি প্রশ্ন বা অসম্পূর্ণ বাক্য ব্যবহার করা যেতে পারে। তবে প্রশ্নের মূল অংশ অর্থপূর্ণ হলে ভাল হয়।
- (২) সমস্যাটিকে সুস্পষ্ট করার জন্য যতটুকু তথ্য দরকার ঠিক ততটুকুই প্রশ্নের মূল অংশে অন্তর্ভুক্ত করতে হবে। অর্থাৎ প্রশ্নের মূল অংশের ভাষা হবে সহজ, সংক্ষিপ্ত ও অতিরিক্ত জটিল শব্দের ব্যবহার থেকে মুক্ত।
- (৩) একান্ত প্রয়োজন না হলে প্রশ্নের মূল অংশে না-বোধক বাক্য ব্যবহার করা উচিত নয়। না-বোধক প্রশ্নের চেয়ে হাঁ-বোধক প্রশ্ন দ্বারা অনেক বেশি গুরুত্বপূর্ণ শিখন উদ্দেশ্য পরিমাপ করা সম্ভব হয়।
- (৪) কোন কোন ক্ষেত্রে বিশেষ শিখনফল পরিমাপের জন্য না-বোধক শব্দ ব্যবহার করে প্রশ্ন করতে হয়। সে ক্ষেত্রে না-বোধক শব্দটিকে জোর দেবার জন্য তার নিচে দাগ টেনে দিতে হবে অথবা বড় অক্ষরে লিখতে হবে।
- (৫) প্রত্যেক প্রশ্নের যেন একটি মাত্র সঠিক উত্তর (best answer) থাকে। প্রশ্নে প্রদত্ত বিকল্প উত্তরগুলো (alternatives) প্রশ্নের মূল অংশের (Stem) সঙ্গে ব্যাকরণগত দিক দিয়ে শুদ্ধ বা সামঞ্জস্যপূর্ণ হবে।
- (৬) সঠিক উত্তর নির্বাচন অথবা ভুল বিকল্প বর্জন করার ব্যাপারে প্রশ্নে যেন কোন সংকেত (clue) প্রদত্ত না হয় সেদিকে বিশেষ দৃষ্টি দিতে হবে।

- (৭) বিচলকগুলো এমনভাবে রচনা করতে হবে যেন শিক্ষার্থীর নিকট আকর্ষণীয় ও আপাতদৃষ্টিতে ন্যায়সংগত বলে মনে হয়।
বিচলকগুলো আকর্ষণীয় ও আপাতদৃষ্টিতে ন্যায়সংগত করে তোলার জন্য আপনি নিচের নিয়মগুলো অনুসরণ করতে পারেন-
- ক) শিক্ষার্থীরা সাধারণত যে সব ভুল করে সেগুলোকে বিচলক হিসেবে ব্যবহার করা যায়।
খ) শিক্ষার্থীদের ভাষায় বিকল্পগুলোকে লিখতে হবে।
গ) সঠিক উত্তর এবং বিচলক লেখার ক্ষেত্রে 'good- sounding' শব্দ ব্যবহার করতে হবে।
ঘ) শব্দের দৈর্ঘ্য ও জটিলতা উভয় দিক থেকেই বিচলক ও সঠিক উত্তর সমার্থক হবে।
ঙ) বিকল্প যেন সমজাতীয় (Homogeneous) হয়।
- (৮) সঠিক উত্তরটি যেন বিচলকগুলোর চেয়ে দৈর্ঘ্য ছোট বা বড় না হয়। আইটেম লেখার সময় বিকল্প উত্তরগুলো দৈর্ঘ্য যতদূর সম্ভব সমান রাখা উচিত।
- (৯) 'ওপরের সবগুলো' বা 'ওপরের কোনটিই নয়'- এ ধরনের বিকল্প এড়িয়ে চলুন।
- (১০) আইটেমগুলো পরস্পর স্বাধীন থাকবে। তারা যেন একে অপরের ওপর নির্ভরশীল না হয়। অর্থাৎ একটি আইটেমের উত্তর যেন পরবর্তী আইটেমের উত্তর দিতে সাহায্য না করে।

কর্মপত্র-৩

দলে আলোচনা করে লঙ্ঘিত নীতির নম্বর লিখুন এবং পরিমার্জন করুন।

	অভীক্ষাপদ	যে নীতির লঙ্ঘন করা হয়েছে তার ক্রমিক নম্বর লিখুন	পরিমার্জন করে লিখুন
১।	বাঙ্গালির বহুকালের প্রিয় খাবার- ক) ভাত, মাছ খ) দুধ, ভাত গ) বিরিয়ানি ঘ) ওপরের সবগুলো		
২।	কাদের কথা জানা যায় না। ক) রাজাদের খ) প্রজাদের গ) রাণীদের ঘ) পুরুষদের		
৩।	ইতিহাস সম্পর্কে আমাদের সুস্পষ্ট ধারণা থাকা উচিত। ইতিহাসের অনেক কিছু সম্পর্কে আমরা আজও জানি না। কোন দেশের ইতিহাসের সবটা আমাদের ভালো করে জানা দরকার? ক) বাংলাদেশের ইতিহাস খ) ভারতের ইতিহাস গ) বৃটিশ ইতিহাস ঘ) জাপানের ইতিহাস		
৪।	বাঙ্গালির প্রিয় খাবার- ক) ভাত খ) মাছ গ) দুধ ঘ) বিরিয়ানি		
৫।	ময়মনসিংহ সুপরিচিত- ক) শিক্ষা প্রতিষ্ঠানের জন্য খ) পাট বেশি জন্মায় বলে গ) রাজনীতিবিদের জন্যে ঘ) মগ্ন পাওয়া যায় বলে		
৬।	আকাশ নীল রঙের হওয়ার পেছনে বৈজ্ঞানিক ব্যাখ্যা হলো- ক) সূর্য রশ্মি খ) জলীয়বাষ্প গ) বায়ুমণ্ডলে ধূলিকণা ছড়িয়ে আছে ঘ) বায়ুমণ্ডলে নানা গ্যাসের অনুর উপর সূর্যের প্রতিফলিত রশ্মির কারণে		

9	A word used to describe a noun is called an- a) verb b) Pronoun c) Adjective d) Conjunction		
10	An adjective qualifies- a) noun & Pronoun b) Interjection c) preposition d) Conjunction		

কর্মপত্র-৩ এর উত্তরপত্র

	অভীক্ষাপদ	যে নীতির লঙ্ঘন করা হয়েছে তার ক্রমিক নম্বর লিখুন	পরিমার্জন করে লিখুন
১।	বাঙ্গালির বহুকালের প্রিয় খাবার- ক) ভাত, মাছ খ) দুধ, ভাত গ) বিরিয়ানি ঘ) ওপরের সবগুলো	৯	বাঙ্গালির বহুকালের প্রিয় খাবার- ক) ভাত, মাছ খ) দুধ, ভাত গ) বিরিয়ানি ঘ) পায়েশ
২।	কাদের কথা জানা যায় না। ক) রাজাদের খ) প্রজাদের গ) রাণীদের ঘ) পুরুষদের	৪, ৭(ঙ)	কাদের কথা জানা যায় না। ক) রাজাদের খ) প্রজাদের গ) রাণীদের ঘ) পুরুষদের
৩।	ইতিহাস সম্পর্কে আমাদের সুস্পষ্ট ধারণা থাকা উচিত। ইতিহাসের অনেক কিছু সম্পর্কে আমরা আজও জানিনা। কোন দেশের ইতিহাসের সবটা আমাদের ভালো করে জানা দরকার? ক) বাংলাদেশের ইতিহাস খ) ভারতের ইতিহাস গ) বৃটিশ ইতিহাস ঘ) জাপানের ইতিহাস	২	কোন দেশের ইতিহাসের সবটা আমাদের ভালো করে জানা দরকার? ক) বাংলাদেশের ইতিহাস খ) ভারতের ইতিহাস গ) বৃটিশ ইতিহাস ঘ) জাপানের ইতিহাস
৪।	বাঙ্গালির প্রিয় খাবার- ক) ভাত খ) মাছ গ) দুধ ঘ) বিরিয়ানি	৫	বাঙ্গালির প্রিয় খাবার- ক) ভাত, মাছ খ) মাছ, মাংস গ) দুধ, দই ঘ) বিরিয়ানি, পায়েস
৫।	ময়মনসিংহ সুপরিচিত- ক) শিক্ষা প্রতিষ্ঠানের জন্য খ) পাট বেশি জন্মায় বলে গ) রাজনীতিবিদের জন্যে ঘ) মগা পাওয়া যায় বলে	৭(ঙ)	ময়মনসিংহ সুপরিচিত- ক) কৃষিবিশ্ব বিদ্যালয়ের জন্য খ) কিগুরগাটেন বেশি আছে বলে গ) প্রাইমারি স্কুল বেশি আছে বলে ঘ) ময়মনসিংহ জিলা স্কুল আছে বলে
৬।	আকাশ নীল রঙের হওয়ার পেছনে বৈজ্ঞানিক ব্যাখ্যা হলো- ক) সূর্য রশ্মি খ) জলীয়বাষ্প গ) বায়ুমণ্ডলে ধূলিকণা ছড়িয়ে আছে ঘ) বায়ুমণ্ডলে নানা গ্যাসের অনুর উপর সূর্যের প্রতিফলিত রশ্মির কারণে	৮	আকাশ নীল রঙের হওয়ার পেছনে বৈজ্ঞানিক ব্যাখ্যা হলো- ক) সূর্য রশ্মি প্রতিফলিত রশ্মির মূলত নীল রঙ ধারণ করে বলে খ) বায়ুমণ্ডলের জলীয়বাষ্পের উপর সূর্যের প্রতিফলিত রশ্মির কারণে গ) বায়ুমণ্ডলের ধূলিকণার উপর সূর্যের প্রতিফলিত রশ্মির কারণে ঘ) বায়ুমণ্ডলে নানা গ্যাসের অনুর উপর সূর্যের প্রতিফলিত রশ্মির কারণে
৭	A word used to describe a noun is called an- e) verb f) Pronoun g) Adjective h) Conjunction	৬	A word used to describe a noun is called - e) A verb f) A Pronoun g) An Adjective h) A Conjunction
৮	An adjective qualifies- i) noun & Pronoun j) Interjection k) preposition l) Conjunction	১০	An adverb qualifies- a) noun & Pronoun b) Interjection c) preposition d) verb

দিন-২
অধিবেশন-১,২

১। অধিবেশন শিরোনাম: যোগ্যতা অনুসারে বিষয়ভিত্তিক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞানমূলক, উপলব্ধিমূলক ও প্রয়োগমূলক)
২। মূলভাব: শিক্ষার্থীদের যোগ্যতা ও দক্ষতা অর্জনে সহায়তা করার জন্য অভীক্ষাপদের গুরুত্ব অপরিসীম। বর্তমানে প্রচলিত প্রাথমিক স্তরের শিক্ষাক্রম শিক্ষার্থীদের বয়স, মেধা ও চাহিদা অনুসারে প্রণীত হলেও মূল্যায়ন কৌশলে সীমাবদ্ধতার জন্য শিক্ষার্থীদের যোগ্যতা অর্জন নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। শিক্ষার্থীদের যোগ্যতা অর্জনের বিষয়টি বিবেচনায় রেখে অংশগ্রহণকারীদেরকে ৫ম শ্রেণির পঠিত প্রতিটি বিষয় থেকে জ্ঞান, উপলব্ধি ও প্রয়োগমূলক অভীক্ষাপদ প্রণয়নে পারদর্শী করে গড়ে তোলা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ অধিবেশনের মাধ্যমে অংশগ্রহণকারীগণ জ্ঞান, উপলব্ধি ও প্রয়োগমূলক অভীক্ষাপদ প্রণয়ন সম্পর্কে ধারণা লাভ করে শ্রেণিকক্ষে প্রয়োগে সক্ষম হবেন।

৩। সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

৪। শিখনফল: এই অধিবেশন শেষে শিক্ষার্থীগণ-

- যোগ্যতা অনুসারে বিষয়ভিত্তিক নৈর্ব্যক্তিক অভীক্ষাপদ প্রণয়ন করতে পারবেন।

৫। সহায়ক সামগ্রী: মাল্টিমিডিয়া, বিষয়ভিত্তিক পাঠ্যপুস্তক, প্রান্তিক ও শ্রেণিভিত্তিক যোগ্যতা, ল্যাপটপ, ভিপি কার্ড, মার্কার, সাইনপেন, পোস্টার পেপার ইত্যাদি।

৬। পদ্ধতি ও কৌশল: প্রশ্নোত্তর, একক চিন্তা, জোড়ায় কাজ, দলীয় কাজ, প্রদর্শন, আলোচনা।

৭। কার্যাবলি:

কাজ-১: যোগ্যতা অনুসারে বিষয়ভিত্তিক নৈর্ব্যক্তিক অভীক্ষাপদ প্রণয়ন করা

সময়: ৭৫ মিনিট

- মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে নমুনা হিসেবে যে কোন একটি বিষয়ের জ্ঞান, অনুধাবন ও প্রয়োগমূলক প্রণয়নকৃত বহুনির্বাচনী অভীক্ষা দেখিয়ে কীভাবে তা প্রণয়ন করতে হয় সে সম্পর্কে ধারণা স্পষ্ট করুন।
- অতপর অংশগ্রহণকারীদের বিষয়ভিত্তিক ৬টি (বিষয়ভিত্তিক মূল্যায়নকারী হিসেবে) দলে ভাগ করুন। দলে ৫ম শ্রেণির বাংলা/ইংরেজি/গণিত/বাংলাদেশ ও বিশ্ব পরিচয়/প্রাথমিক বিজ্ঞান এবং ধর্ম ও নৈতিক শিক্ষা (ইসলাম ও নৈতিক শিক্ষা, হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা, খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা যে কোনো একটি) বিষয়ের উপর কর্মপত্র-৪ দিন। অতঃপর পূর্ববর্তী অধিবেশনে আলোচিত নৈর্ব্যক্তিক অভীক্ষাপদ প্রণয়ন নীতিমালা অনুসরণ করে কমপক্ষে ৩টি জ্ঞানমূলক, ৩টি অনুধাবনমূলক ও ৩টি প্রয়োগমূলক অভীক্ষাপদ প্রণয়ন করতে বলুন। এজন্য ৪০ মিনিট সময় দিন। দলীয় কাজ চলাকালে প্রয়োজনীয় সহায়তা নিশ্চিত করুন।

কাজ-১: দলীয় কাজ উপস্থাপন ও আলোচনা

সময়: ৭০ মিনিট

- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে তাদের দলীয় কাজ উপস্থাপন করতে সহায়তা করুন।
- দলীয় কাজ উপস্থাপনের পর অংশগ্রহণকারীদের উপস্থাপিত বিষয়ের উপর আলোচনায় দিয়ে সকলের ধারণা সুস্পষ্ট করতে সহায়তা করুন।

বি.দ্র: প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের এমনভাবে আহ্বান করতে হবে যেন সকলে একই বিষয়ের (যেমন-বাংলা) মূল্যায়নকারীর দায়িত্ব পালন করেন। সেক্ষেত্রে একই বিষয়ের ৫-৭ জনের দল গঠন করে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। যদি একাধিক বিষয়ের মূল্যায়নকারী প্রশিক্ষণে অংশগ্রহণকারী হিসেবে উপস্থিত থাকেন তবে বিষয়ভিত্তিক মূল্যায়নকারী হিসেবে দল গঠন করতে হবে।

৮। মূল্যায়ন:

৫ মিনিট

অধিবেশনের বিষয়বস্তুর উপর নিম্নের প্রশ্নগুলো করুন-

ক) জ্ঞান, অনুধাবন ও প্রয়োগমূলক বহুনির্বাচনী অভীক্ষার মধ্যে পার্থক্য কী?

খ) জ্ঞান, অনুধাবন ও প্রয়োগমূলক বহুনির্বাচনী অভীক্ষা যোগ্যতাভিত্তিক প্রণয়ন করা হয় কেন?

৯। স্বঅনুচিন্তন: অধিবেশনের বিষয়বস্তু উপস্থাপনা, পদ্ধতি ইত্যাদির মান নিরূপণ ও বৃদ্ধির জন্য নিম্নের বিষয়গুলো চিন্তা করা যায়

- অধিবেশনের নির্ধারিত শিখনফল অর্জন উপযোগী কার্যাবলি পরিচালিত হয়েছে কিনা?
- অধিবেশন অংশগ্রহণমূলক ও আনন্দায়ক ছিল কি না?
- এই অধিবেশনের বিষয়বস্তু উপস্থাপনের পর এতদসংক্রান্ত বিষয়ে আরও জানার জন্য আগ্রহ সৃষ্টি করতে পেরেছে কি না?
- শ্রেণির শিখন-শেখানো কার্যক্রমের পর শিখনফল অর্জিত হলো কি না তা যাচাই করার জন্য শিক্ষকদের মাঝে এ জাতীয় অভীক্ষাপদ প্রয়োগ করার দৃষ্টিভঙ্গি সৃষ্টি হয়েছে কি না?

কর্মপত্র-৪

১। বিষয়: বাংলা বিষয়ের যোগ্যতাভিত্তিক অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞান, অনুধাবনমূলক ও প্রয়োগমূলক)

‘শখের মৃৎশিল্প’ গল্প পড়ে ৩টি জ্ঞানমূলক ও ৩টি অনুধাবনমূলক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন করুন।

যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	অভীক্ষাপদ	ডোমেইন	উত্তর
২. ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি পড়ে মূলভাব বুঝতে পারা।	২.৫ নাটকের সংলাপ ও নির্দিষ্ট বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।	২.৫.১ নির্দিষ্ট বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।		জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				অনুধাবন	
				অনুধাবন	
				অনুধাবন	
				প্রয়োগ	
				প্রয়োগ	
				প্রয়োগ	

2. Read the Lesson 8 (Write to Me Soon) of grade 5 and construct MCQ items (Knowledge, Understanding and Inference/application)

Terminal Competency of English	Classwise Attainable Competency	Learning outcomes	Items	Domain	key
5. to read silently with understanding paragraphs, stories and other text materials.	5.1 to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials.	Students will be able to 5.1.1 read silently with understanding paragraph . 5.1.2 read silently with understanding stories. 5.1.3 read silently with understanding dialogues. 5.1.4 read silently with understanding personal letters and other texts materials.		Knowledge	
				Knowledge	
				Knowledge	
				Understanding	
				Understanding	
				Understanding	
				Inference/ Application	
				Inference/ Application	

৩। বিষয়: প্রাথমিক গণিত বিষয়ের যোগ্যতাভিত্তিক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞান, অনুধাবনমূলক ও প্রয়োগমূলক)
 ৫ম শ্রেণির প্রাথমিক গণিত পাঠ্য বই এর ৯ম অধ্যায়ের আলোকে বর্ণিত যোগ্যতা যাচাইয়ের জন্য অভীক্ষাপদ তৈরি করুন।

যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	অভীক্ষাপদ	ডোমেইন	উত্তর
২৩। শতকরার ধারণা লাভ করা এবং সমস্যা সমাধানে ব্যবহার করতে পারা।	২৩.২ জনসংখ্যা, লাভ-ক্ষতি, মুনাফা ইত্যাদি নির্ণয়ে শতকরার ব্যবহার করতে পারবে।	২৩.২.১ দৈনন্দিন জীবনে জনসংখ্যা, লাভ-ক্ষতি, মুনাফা ইত্যাদি সংক্রান্ত বাস্তবভিত্তিক সমস্যার সমাধানে শতকরার ব্যবহার করতে পারবে।		জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				অনুধাবন	
				অনুধাবন	
				অনুধাবন	
				প্রয়োগ	
	প্রয়োগ				
				প্রয়োগ	

৪। বিষয়: প্রাথমিক বিজ্ঞান বিষয়ের যোগ্যতাভিত্তিক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞান, অনুধাবনমূলক ও প্রয়োগমূলক)
 ৫ম শ্রেণির : প্রাথমিক বিজ্ঞান পাঠ্য বই এর ৬ষ্ঠ অধ্যায় পড়ে বর্ণিত যোগ্যতা যাচাইয়ের জন্য অভীক্ষাপদ তৈরি করুন।

যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	অভীক্ষাপদ	ডোমেইন	উত্তর
৮. সুস্থ জীবনের জন্য সঠিক খাদ্য নির্বাচন ও গ্রহণ করা।	৮.১ বয়স অনুযায়ী পরিমিত খাদ্য গ্রহণের গুরুত্ব উপলব্ধি করবে। ৮.২ বৈজ্ঞানিক পদ্ধতিতে খাদ্য সংরক্ষণ সম্পর্কে জানতে পারবে। ৮.৩ খাদ্যে কৃত্রিম রং ব্যবহার ও রাসায়নিক দ্রব্যের ব্যবহার করে খাদ্যের সংরক্ষণের ক্ষতিকর দিক সম্পর্কে জানতে পারবে। ৮.৪ জাক্স ফুড (Junk Food) গ্রহণের অপকারিতা সম্পর্কে জানবে।	৮.১.১ বয়স ও কাজ অনুযায়ী পরিমিত খাদ্য গ্রহণের গুরুত্ব বলতে পারবে। ৮.১.২ প্রয়োজনের কম বা বেশি খাওয়ার ক্ষতিকর দিক সম্পর্কে বলতে পারবে। ৮.২.১ বরফ দিয়ে, রিফ্রিজারেটরে, হিমাগারে বিভিন্ন প্রকার খাদ্যবস্তু রাখার সুবিধা বলতে পারবে। ৮.২.২ খাদ্য সংরক্ষণের গুরুত্ব বর্ণনা করতে পারবে। ৮.৩.১ কৃত্রিম রং ব্যবহার করা খাদ্যের নাম বলতে পারবে। ৮.৩.২ যে সব খাদ্যে রাসায়নিক দ্রব্য মেশানো হয় তাদের নাম বলতে পারবে। ৮.৩.৩ খাদ্যে কৃত্রিম রং ও রাসায়নিক দ্রব্যের ব্যবহারের ক্ষতিকর দিক বর্ণনা করতে পারবে। ৮.৩.৪ রাসায়নিক দ্রব্য ব্যবহার করে ফল পাকানোর অপকারিতা বর্ণনা করতে পারবে। ৮.৪.১ জাক্স ফুড (Junk Food) দেহের জন্য ক্ষতিকর তা বলতে পারবে।		জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				অনুধাবন	
				অনুধাবন	
				অনুধাবন	
				প্রয়োগ	
				প্রয়োগ	
				প্রয়োগ	
				প্রয়োগ	

৫। বিষয়: বাংলাদেশ ও বিশ্ব পরিচয় বিষয়ের যোগ্যতাভিত্তিক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞান, অনুধাবনমূলক ও প্রয়োগমূলক)
৫ম শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয় পাঠ্য বই এর ৮ম অধ্যায় পড়ে বর্ণিত যোগ্যতা যাচাইয়ের জন্য অভীক্ষাপদ তৈরি করুন।

যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	অভীক্ষাপদ	ডোমেইন	উত্তর
৪. সমাজ ও রাষ্ট্রের সদস্য হিসেবে নিজের অধিকার, দায়িত্ব-কর্তব্য ও নিরাপত্তা সম্পর্কে জানা এবং এগুলো অর্জন ও পালনে সচেতন হওয়া।	৪.১ সমাজ ও রাষ্ট্রের প্রতি নিজ দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জানবে ও পালন করবে। ৪.২ শিশু নিজের নিরাপত্তা সম্পর্কে সচেতন হবে।	৪.১.১ সমাজের প্রতি দায়িত্ব ও কর্তব্যগুলো চিহ্নিত করতে পারবে। ৪.১.২ রাষ্ট্রের প্রতি দায়িত্ব ও কর্তব্য বলতে পারবে। ৪.২.১ শিশু নিজের নিরাপত্তার কয়েকটি উপায় সম্পর্কে বলতে পারবে। (অপরিচিত ব্যক্তির সাথে কোথাও না যাওয়া ও না খাওয়া, নিয়ম মেনে রাস্তা পার হওয়া যেমন ওভার ব্রিজ ও জেব্রাক্রসিং ও ফুটপাথ দিয়ে পার হওয়া) ৪.২.২ শিশু নিজের নিরাপত্তা রক্ষায় সচেতন হয়ে নিজেকে নিরাপদ রাখবে।		জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				অনুধাবন	
				অনুধাবন	
				অনুধাবন	
				প্রয়োগ	
				প্রয়োগ	

৬। বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা বিষয়ের যোগ্যতাভিত্তিক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞান, অনুধাবনমূলক ও প্রয়োগমূলক)
৫ম শ্রেণির ইসলাম ও নৈতিক শিক্ষা পাঠ্য বই এর ২য় অধ্যায় পড়ে বর্ণিত যোগ্যতা যাচাইয়ের জন্য অভীক্ষাপদ তৈরি করুন।

যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	অভীক্ষাপদ	ডোমেইন	উত্তর
২. ইবাদাত, পাক-পবিত্রতা, সালাত, সাওম, হাজ্জ, যাকাত ও ব্যবহারিক দু'আ জানা এবং অনুশীলন করা।	২.১ ইবাদাতের তাৎপর্য বলতে পারা এবং ইবাদাত করতে আত্মহীন হওয়া। ২.২ সালাতের তাৎপর্য বলতে পারা এবং সালাত কয়েম করা। ২.৩ সালাতের নিয়ম বলতে পারা এবং নিয়ম অনুযায়ী সালাত আদায় করতে পারা। ২.৪.সালাতের আহকাম-আরকান বলতে পারা এবং তা নিয়মিত আদায় করতে পারা। ২.৫ সালাতের ওয়াজিবগুলো বলতে পারা এবং তা যথাযথ আদায় করা।	২.১.সালাতের অর্থ, গুরুত্ব, তাৎপর্য, শিক্ষা ও নিয়ম বর্ণনা করতে পারবে এবং নিয়মিত জামাআতে সালাত আদায় করবে ২.২.সালাতের অর্থ, গুরুত্ব, তাৎপর্য, শিক্ষা ও নিয়ম বর্ণনা করতে পারবে এবং নিয়মিত জামাআতে সালাত আদায় করবে ২.৩ সালাত আদায়ের নিয়ম বলতে পারবে। তারা সঠিকভাবে সালাত আদায় করতে পারবে। ২.৪ আহকাম-আরকান বলতে পারবে। তারা সালাতের নিয়ম-কানুন বলতে পারবে। ২.৫ সালাতের ওয়াজিবগুলো কী কী তা বলতে পারবে। তারা সালাতের ওয়াজিব আদায় করার নিয়ম বলতে পারবে।		জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				অনুধাবন	
				অনুধাবন	
				অনুধাবন	
				প্রয়োগ	
				প্রয়োগ	

৭। বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের যোগ্যতাভিত্তিক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞান, অনুধাবনমূলক ও প্রয়োগমূলক)
৫ম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা পাঠ্য বই এর ১ম অধ্যায় পড়ে বর্ণিত যোগ্যতা যাচাইয়ের জন্য অভীক্ষাপদ তৈরি করুন।

যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	অভীক্ষাপদ	ডোমেইন	উত্তর
১. সর্বশক্তিমান সৃষ্টিকর্তা ঈশ্বরের প্রতি বিশ্বাস ও ভক্তি স্থাপন করা, সৃষ্টির মধ্যেই সৃষ্টিকর্তা ঈশ্বর আত্মরূপে বিরাজ করেন তা জানা এবং সকল সৃষ্টির প্রতি ভালোবাসায় উদ্দীপ্ত হওয়া।	১.১ সকল জীবের মধ্যে ঈশ্বর আত্মরূপে বিরাজ করেন তা বর্ণনা করতে পারবে, জীবকে ঈশ্বরজ্ঞানে সেবার মনোভাব গঠন করতে পারবে, ধর্মগ্রন্থ থেকে জীবসেবা সম্পর্কে একটি উপাখ্যান বা গল্প বর্ণনা করতে পারবে এবং তার শিক্ষার আলোকে জীবের সেবা করতে উদ্বুদ্ধ হবে।	১.১.১ ঈশ্বর, আত্মা ও জীবের সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে। ১.১.২ জীবসেবার মধ্য দিয়ে ঈশ্বরের সেবার বিষয়টি ব্যাখ্যা করতে পারবে। ১.১.৩ জীবকে ঈশ্বরজ্ঞানে সেবার মনোভাব গঠন করার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে। ১.১.৪ জীবসেবামূলক উপাখ্যান বা গল্প বলতে পারবে।		জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				অনুধাবন	
				অনুধাবন	
				অনুধাবন	
				প্রয়োগ	
				প্রয়োগ	

৮। বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের যোগ্যতাভিত্তিক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞান, অনুধাবনমূলক ও প্রয়োগমূলক)
৫ম শ্রেণির বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা পাঠ্য বই এর ২য় অধ্যায় পড়ে বর্ণিত যোগ্যতা যাচাইয়ের জন্য অভীক্ষাপদ তৈরি করুন।

যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	অভীক্ষাপদ	ডোমেইন	উত্তর
৩. বন্দনা ও নিত্যকর্ম সম্পাদন সম্পর্কে অবহিত হওয়ার মাধ্যমে গুরুজনের গুণাবলি স্মরণ করা এবং পারিবারিক ও সামাজিক দায়িত্ব-কর্তব্য পালনে আগ্রহ সৃষ্টি করা।	৩.২। গুরুজনের গুণাবলি সম্পর্কে জানতে পারবে এবং তাঁদের আদর্শ অনুসরণ করতে পারবে। ৩.৩। পারিবারিক ও সামাজিক দায়িত্ব - কর্তব্য পালনে সচেতন হতে শিখবে। ৩.৫। একতাবদ্ধ হয়ে পারিবারিক ও সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণের অভ্যাস গড়ে তুলতে পারবে।	৩.২.১ গুরুজনের গুণাবলি ব্যাখ্যা করতে পারবে। ৩.২.২ ত্রিরত্ন সম্পর্কে বলতে পারবে। ৩.৩.১ পরিবারের সদস্যদের প্রতি দায়িত্ব-কর্তব্য সম্পর্কে বলতে পারবে। ৩.৫.১ একতাবদ্ধ হয়ে কাজ করার সুফল ব্যাখ্যা করতে পারবে।		জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				অনুধাবন	
				অনুধাবন	
				অনুধাবন	
				প্রয়োগ	
				প্রয়োগ	

- ৯। বিষয়: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা যোগ্যতাভিত্তিক বহুনির্বাচনী অভীক্ষাপদ প্রণয়ন (জ্ঞান, অনুধাবনমূলক ও প্রয়োগমূলক)
৫ম শ্রেণির খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা পাঠ্য বই এর অধ্যায় পড়ে বর্ণিত যোগ্যতা যাচাইয়ের জন্য অভীক্ষাপদ তৈরি করুন।

যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	অভীক্ষাপদ	ডোমেইন	উত্তর
৭। পাপ ও পরিত্রাণ সম্পর্কে অবগত হওয়া ও পাপ থেকে বিরত থাকা।	৭.১ পরিত্রাণ/মুক্তির অর্থ ব্যাখ্যা করতে পারবে। ৭.২ বাইবেলে মুক্তিদাতার সম্পর্কে ভবিষ্যদ্বাণী বর্ণনা করতে পারবে।	৭.১.১ পরিত্রাণের অর্থ ব্যাখ্যা করতে পারবে। ৭.১.২ পরিত্রাণের ফল বর্ণনা করতে পারবে। ৭.২.১ বাইবেলে মুক্তিদাতার আগমন সম্পর্কে ভবিষ্যদ্বাণী বর্ণনা করতে পারবে। ৭.২.২ মুক্তি/পরিত্রাণের তাৎপর্য উপলব্ধি করবে।		জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				জ্ঞানমূলক	
				অনুধাবন	
				অনুধাবন	
				অনুধাবন	
				প্রয়োগ	
				প্রয়োগ	

কর্মপত্র-৪ এর উত্তরপত্র

বিষয়: বাংলা- বহুনির্বাচনী অভীক্ষাপদ (শেখের মৃৎশিল্প)

যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	অভীক্ষা	শিখন ক্ষেত্র	উ
২. ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি পড়ে মূলভাব বুঝতে পারা।	২.৫ নাটকের সংলাপ ও নির্দিষ্ট বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।	২.৫.১ নির্দিষ্ট বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।	১. শালবন বিহার কোথায়? ক) বগুড়ায় খ) জয়পুর হাটে গ) বাগেরহাটে ঘ) কুমিল্লায়	জ্ঞানমূলক	ঘ)
			২. মামা কোথায় পড়েন? ক) ঢাকা বিশ্ববিদ্যালয়ে খ) রাজশাহী চারুকলা ইন্সটিটিউটে গ) চারুকলা ইন্সটিটিউট, ঢাকা ঘ) চট্টগ্রাম চারুকলা ইন্সটিটিউটে	জ্ঞানমূলক	গ)
			৩। শালবন বিহারে নকশা করা হয়েছে কী দিয়ে? ক) টেরাকোটা দিয়ে খ) টেপা পুতুল দিয়ে গ) নকশি কাঁথা দিয়ে ঘ) তৈলচিত্র দিয়ে	জ্ঞানমূলক	ক)
			৪। পাঠটি কী ধরনের? ক) কাল্পনিক খ) তথ্যবহুল গ) উৎসাহ ব্যঞ্জক ঘ) প্রতিবেদন	অনুধাবন	
			৫। পাঠটিতে কী সম্পর্কে বলা হয়েছে? ক) গ্রামে ভ্রমণ খ) মাটির জিনিস বানানো গ) পিটা তৈরি ঘ) মাটির তৈরি শিল্প	অনুধাবন	
			৬। মাটির তৈরি জিনিসকে শিল্প বলা হয়েছে, কারণ মাটির জিনিস-	অনুধাবন	

			ক) সকলে পছন্দ করে খ) দামে সস্তা গ) বানানো সহজ ঘ) সুন্দর ও সহজ লভ্য		
			৭। নিচের কোনটিকে 'মৃৎশিল্প' বলব ? ক) প্লাস্টিকের বালতি খ) মাটির ফুলের টব গ) বাঁশের ঝুড়ি ঘ) তাল পাতার পাখা	অনুধাবন	
			৮। মসজিদ বা মন্দিরের সৌন্দর্য্য বাড়ানোর জন্য কোনটি ব্যবহার করবে? ক) প্লাস্টিকের জিনিস খ) পোড়ামাটির জিনিস গ) বেতের জিনিস ঘ) বাঁশের জিনিস	অনুধাবন	
			৯। নিচের কোন বাক্যটিতে সঠিকভাবে বিরামচিহ্নের ব্যবহার হয়েছে? ক) বাংলা ভাষার প্রতি আমাদের মমতা থাকা উচিত। খ) পাখিটি কী উড়ে গেল। গ) কী সুন্দর রাতের চাঁদ, ঘ) তুমি কী স্কুলে যেতে পছন্দ কর?	প্রয়োগ	ক)
			১০। পুতুল বানাতে দিলে কোন ধরনের মাটি ব্যবহার করবে? ক) দোঁআশ খ) বেলে গ) ঐটেল ঘ) কাদা	প্রয়োগ	গ)

Subject: English- MCQ Items (Competency based)

Terminal Competency of English	Classwise Attainable competency	Learning outcomes	item	Do main	key
5. to read silently with understanding paragraphs, stories and other text materials.	5.1 to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials.	Students will be able to 5.1.1 read silently with understanding paragraph. 5.1.2 read silently with understanding stories. 5.1.3 read silently	1. Raka has got- a) typhoid b) influenza c) chicken pox d) headache	K	
			2. Who has said she should "Stay at home"? a) Raka's friend b) Raka's father c) Raka's doctor d) Raka's teacher	K	
			3. Influenza is caused by- a) bacteria b) fungus c) virus d) nematode	K	
			4. What is this story about? a) Raka's school b) Staying at home c) Raka's friends	U	

	with understanding dialogues. 5.1.4 read silently with understanding personal letters and other texts materials.	d) Doctor's advice		
		5. Raka is forced to stay at home because a) she got a punishment at school b) the school is closed c) she is not well d) she fell down	U	
		6. 'Drink a lot of liquids'. Here 'liquids' mean a) water and juice b) soft food c) fruits d) sweets	U	
		7. The doctor told Raka to "Cover your mouth and nose with a tissue or handkerchief when you cough or sneeze" to a) prevent Raka getting worse b) prevent other people getting influenza c) show good manners d) keep herself clean	A/I	
		8. When someone has influenza they a) are always thirsty b) want to eat a lot of food c) carry on as usual d) sleep all the time	A/I	
		9. The doctor told Raka to take plenty of rest because she a) worked very hard and needed a rest b) was weak and would not be able to walk c) was tired and needed to sleep d) would get better more quickly	A/I	
		10. Why did the doctor tell Raka to "Be careful to use your own glass and plate."? a) so that she could wash them herself b) to prevent her plate and glass being given to others c) to prevent her virus being given to others d) other people might break them	A/I	

বিষয়: প্রাথমিক গণিত- বহুনির্বাচনী ও কাঠামোবদ্ধ অভীক্ষাপদ

প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	অভীক্ষাপদ	কী/উত্তর	লেভেল	প্রশ্নের ধরন
২২। দশমিক ভগ্নাংশের যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করতে পারা এবং সমস্যা সমাধানে ব্যবহার করতে পারা।	২২.১ দশমিক ভগ্নাংশের গুণ ও ভাগ করতে পারবে এবং যোগ, বিয়োগ, গুণ ও ভাগ সম্বলিত	২২.১.৬ যোগ, বিয়োগ, গুণ ও ভাগ সম্বলিত গাণিতিক সমস্যার সমাধান করতে	১. $0.1 \times 0.1 =$ কত? ক) ০.২ খ) ০.০১ গ) ০.০০১ ঘ) ১.০০	গ) ০.০০১	জ্ঞান	MC Q
			২. মেহেরুল ও মিরাজ দুই ভাই। ঈদে সালামী হিসেবে মেহেরুল ২০০ টাকা ও মিরাজ ১৫০ টাকা পেল। পরে তারা প্রত্যেকে সালামীর ০.৫০ অংশ খরচ করলো।	ক) মেহেরুল	অনুধাবন	MC

	তিন স্তরবিশিষ্ট সমস্যার সমাধান করতে পারবে (অনূর্ধ্ব তিনটি কার্যবিধি)।	পারবে।	কে বেশি খরচ করলো? ক) মেহেরুল খ) মিরাজ গ) উভয়ে সমান ঘ) মিরাজ বেশি মেহেরুল কম			
			৩. ৪.৫ কেজি আলুর দাম ৪৫ টাকা হলে প্রতি কেজি আলুর দাম কত? ক) ১ টাকা খ) ৪.৫ টাকা গ) ১০ টাকা ঘ) ৪৯.৫০ টাকা	গ) ১০ টাকা	প্রয়োগ	MC
২৩। শতকরার ধারণা লাভ করা এবং সমস্যা সমাধানে ব্যবহার করতে পারা।	২৩.২ জনসংখ্যা, লাভ-ক্ষতি, মুনাফা ইত্যাদি নির্ণয়ে শতকরার ব্যবহার করতে পারবে।	২৩.২.২ দৈনন্দিন জীবনে জনসংখ্যা, লাভ-ক্ষতি, মুনাফা ইত্যাদি সংক্রান্ত বাস্তবভিত্তিক সমস্যার সমাধান শতকরার ব্যবহার করতে পারবে।	১. একটি দ্রব্যের ক্রয়মূল্য ১০০ টাকা এবং বিক্রয়মূল্য ১১০ টাকা হলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? ক) ১০% লাভ খ) ১০% ক্ষতি গ) ১০% লাভ ঘ) লাভ বা ক্ষতি হবে না ২. ১০০ টাকা ১শত দরে লিচু কিনে ৫৫ টাকায় ৫০টি হিসেবে লিচু বিক্রয় করলে এতে লাভ না ক্ষতি হবে? ক) ৫% লাভ খ) ১০% লাভ গ) ৫% ক্ষতি ঘ) ১০% ক্ষতি ৩. একটি কলমের ক্রয়মূল্য ৫০ টাকা। কলমটি ৬০ টাকায় বিক্রয় করা হলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? ক) ১০% লাভ খ) ১০% ক্ষতি গ) ২০% লাভ ঘ) ২০% ক্ষতি	ক) ১০% লাভ খ) ১০% লাভ গ) ২০% লাভ	জ্ঞান অনুধাবন প্রয়োগ	MC Q MC MC
২৯। সমতলীয় জ্যামিতিক আকৃতির শ্রেণীবিন্যাস ও নামকরণ করতে পারা (ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্ত) এবং চিত্র আঁকতে পারা।	২৯.৩ সামান্তরিক, রম্বস, আয়ত ও বর্গের বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা লাভ করবে এবং এদের মধ্যে পার্থক্য চিহ্নিত করতে পারবে।	২৯.৩.১ সামান্তরিক, রম্বস, আয়ত ও বর্গের বৈশিষ্ট্য সম্পর্কে জানবে এবং এদের পার্থক্য চিহ্নিত করতে পারবে।	১. পার্শ্বচিত্রটির নাম কী? ক) আয়ত খ) বর্গ গ) সামান্তরিক ঘ) ট্র্যাপিজিয়াম ২. আয়ত ও সামান্তরিকের মধ্যে নিচের কোন সাধারণ বৈশিষ্ট্য বিদ্যমান? ক) বিপরীত বাহু পরস্পর সামান্তরাল খ) বিপরীত কোণগুলো পরস্পর সমান গ) কর্ণদ্বয় পরস্পর সমান ঘ) বিপরীত কোণগুলোর সমষ্টি সমান ৩. নিচের কোনটি সাধারণত আয়তাকৃতির নহে? ক) বই খ) দরজা গ) ব্ল্যাকবোর্ড ঘ) মোমবাতি	উত্তর: গ) উত্তর: ক) উত্তর: ঘ)		MC Q MC MC

বিষয়: প্রাথমিক বিজ্ঞান- বহুনির্বাচনী প্রশ্ন (সুস্থ জীবনের জন্য খাদ্য)

		ক্রমিক নং	বহুনির্বাচনী অভীক্ষা	ডোমেইন	সঠিক উত্তর
সুস্থ জীবনের জন্য সঠিক খাদ্য নির্বাচন ও গ্রহণ করা।	৮.১ বয়স অনুযায়ী পরিমিত খাদ্য গ্রহণের গুরুত্ব উপলব্ধি করবে।	৮.১.৩ বয়স ও কাজ অনুযায়ী পরিমিত খাদ্য গ্রহণের গুরুত্ব বলতে পারবে।	সুস্থ খাদ্যের উপাদান কয়টি- ক) ৩ টি খ) ৪ টি গ) ৫ টি ঘ) ৬ টি	জ্ঞানমূলক	ঘ) ৬ টি
		৮.১.৪ প্রয়োজনের কম বা বেশি খাওয়ার ক্ষতিকর দিক সম্পর্কে বলতে পারবে।	খাদ্যের প্রধান কয়টি উপাদান শরীরের জন্য বেশি পরিমাণে লাগে? ক) ৩ টি খ) ৪ টি গ) ৫ টি ঘ) ৬ টি	জ্ঞানমূলক	ক) ৩ টি
	৮.২ বৈজ্ঞানিক পদ্ধতিতে খাদ্য সংরক্ষণ সম্পর্কে জানতে পারবে	১.২.১ বরফ দিয়ে, রিফ্রিজারেটরে, হিমাগারে বিভিন্ন প্রকার খাদ্যবস্তু রাখার সুবিধা বলতে পারবে।	ঘি কোন জাতীয় খাদ্য? ক) খনিজ লবণ খ) স্নেহ গ) ভিটামিন ঘ) আমিষ	জ্ঞানমূলক	খ) স্নেহ
		১.২.২ খাদ্য সংরক্ষণের গুরুত্ব বর্ণনা করতে পারবে।	তোমার শরীরের বৃদ্ধির জন্য তুমি নিচের কোন সারির খাদ্যগুলো বেশি খাবে? ক) ভাত ও রুটি খ) শাক ও সবজি গ) মাছ ও ডাল ঘ) লবণ ও পানি	অনুধাবনমূলক	গ) মাছ ও ডাল
	৮.৩ খাদ্যে কৃত্রিম রং ব্যবহার ও রাসায়নিক দ্রব্যের ব্যবহার করে খাদ্যের সংরক্ষণের ক্ষতিকর দিক সম্পর্কে জানতে পারবে।	৮.৩.১ কৃত্রিম রং ব্যবহার করা খাদ্যের নাম বলতে পারবে।	বার্গার হলো - ক) আমিষ জাতীয় খাদ্যের উদাহরণ খ) স্নেহ জাতীয় খাদ্যের উদাহরণ গ) সুস্থ জাতীয় খাদ্যের উদাহরণ ঘ) জ্বাল ফুডের উদাহরণ	অনুধাবনমূলক	ঘ) জ্বাল ফুডের উদাহরণ
		৮.৩.৫ যে সব খাদ্যে রাসায়নিক দ্রব্য মেশানো হয় তাদের নাম বলতে পারবে।	উচ্চ মাত্রায় চর্বি, লবণ বা চিনি থাকে- ক) সুস্থ খাদ্যে খ) জ্বাল ফুডে গ) চর্বি জাতীয় খাদ্যে ঘ) শর্করা জাতীয় খাদ্যে	অনুধাবনমূলক	ক) জ্বাল ফুডে
	৮.৪ জ্বাল ফুড (Junk Food) গ্রহণের অপকারিতা সম্পর্কে জানবে।	৮.৩.৬ খাদ্যে কৃত্রিম রং ও রাসায়নিক দ্রব্যের ব্যবহারের ক্ষতিকর দিক বর্ণনা করতে পারবে।	জলপাই বা বড়ই এর আচারে পচনকারী জীবাণু না জন্মাতে পারে তার জন্য তোমার মাকে নিচের কোন জিনিসটি ব্যবহারের জন্য পরামর্শ দিবে? ক) সিরকা খ) পানি গ) মরিচ ঘ) হলুদ	প্রয়োগমূলক	ক) সিরকা
		৮.৩.৭ রাসায়নিক দ্রব্য ব্যবহার করে ফল পাকানোর অপকারিতা বর্ণনা করতে পারবে।	তোমার দেহ সুস্থ সবল রাখার জন্য তুমি নিচের কোন খাদ্য খাবে? ক) আমিষ জাতীয় খ) সুস্থ খাদ্য গ) জ্বাল ফুড ঘ) শর্করা জাতীয়	প্রয়োগমূলক	খ) সুস্থ খাদ্য
		৮.৪.২ জ্বাল ফুড (Junk Food) দেহের জন্য ক্ষতিকর তা বলতে পারবে।	শরবত খেলে তোমার শরীরের কোন উপকারটি তাৎক্ষণিক ভাবে ঘটে? ক) বৃদ্ধি খ) গঠন গ) ক্ষয়পূরণ ঘ) তাপ শক্তি উৎপাদন	প্রয়োগমূলক	ঘ) তাপ শক্তি উৎপাদন

বিষয়:বাংলাদেশ ও বিশ্বপরিচয়- বহুনির্বাচনী অভীক্ষাপদ ()

বিষয়ভিত্তিক অর্জন উপযোগি যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগি যোগ্যতা	শিখনফল	অভীক্ষা	
৪. সমাজ ও রাষ্ট্রের সদস্য হিসেবে নিজের অধিকার, দায়িত্ব-কর্তব্য ও নিরাপত্তা সম্পর্কে জানা এবং এগুলো অর্জন ও পালনে সচেতন হওয়া।	৪.১ সমাজ ও রাষ্ট্রের প্রতি নিজ দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জানবে ও পালন করবে। ৪.২ শিশু নিজের নিরাপত্তা সম্পর্কে সচেতন হবে।	৪.১.১ সমাজের প্রতি দায়িত্ব ও কর্তব্যগুলো চিহ্নিত করতে পারবে। ৪.১.২ রাষ্ট্রের প্রতি দায়িত্ব ও কর্তব্য বলতে পারবে। ৪.২.১ শিশু নিজের নিরাপত্তার কয়েকটি উপায় সম্পর্কে বলতে পারবে। (অপরিচিত ব্যক্তির সাথে কোথাও না যাওয়া ও না খাওয়া, নিয়ম মেনে রাস্তা পার হওয়া যেমন ওভার ব্রিজ ও জেব্রাক্রসিং ও ফুটপাত দিয়ে পার হওয়া) ৪.২.২ শিশু নিজের নিরাপত্তা রক্ষায় সচেতন হয়ে নিজেকে নিরাপদ রাখবে।	১.আমাদের বাংলাদেশের নাগরিকগণ কত বছর বয়স হলে ভোট দিতে পারেন? (ক) ১৬ (খ) ১৮ (গ) ২০ (ঘ) ২২	(খ) জ্ঞানমূলক
			১.নাগরিকরা আইন মেনে না চললে সরাসরি কী সমস্যা হয়? (ক) অন্যের প্রসংসা পাওয়া যায় (খ) দেশের উন্নয়ন ব্যাহত হয় (গ) তিরস্কার পেতে হয় (ঘ) শাস্তি পেতে হয়	
			১. ট্রাফিক নিয়ম না মেনে রাস্তায় চলাচল করলে বড় ধরনের কী সমস্যা হতে পারে? (ক) শাস্তি পেতে হতে পারে (খ) গাড়ী ক্ষতিগ্রস্ত হতে পারে (গ) মারাত্মক দুর্ঘটনা ঘটতে পারে (ঘ) গাড়ীর লাইসেন্স বাতিল হতে পারে	অনুধাবন
<p>নম্বর বিভাজন : নীচের যেকোন ২টি উপায় নিজের ভাষায় লিখলেই পূর্ণ ১ নম্বর পাবে ক) ঈশ্বর ক্ষমাশীল খ) ঈশ্বর সবাইকে ভালবাসেন গ) মন পরিবর্তন করলে ঈশ্বর ক্ষমা করেন</p>	<p>নম্বর : ১ নম্বর পাবে</p>
<p>মন্তব্য: অনুধাবন যথার্থ কাজেই পূর্ণ ১ নম্বর পাবে, বানানভুল/কাটাকাটি এর জন্য কোন নম্বও কাটা যাবে না।</p>	

কাজ/প্রশ্ন	শিক্ষার্থীর উত্তর
<p>৩. ঈশ্বর নিনিভেবাসীদের ক্ষমা করে দিলেন। এই গল্পের ২ টি শিক্ষণীয় বিষয় নিজের ভাষায় লিখ।</p>	<p><u>উত্তর:</u></p> <p>ঈশ্বর মন পরিবর্তন করলে ক্ষমা করে ক্ষমার দ্রুত ঈশ্বর এতগামিত্ব হিন্দু ।</p>
<p>নম্বর বিভাজন : নীচের যেকোন ২টি উপায় নিজের ভাষায় লিখলেই পূর্ণ ১ নম্বর পাবে</p> <p>ক) ঈশ্বর ক্ষমাশীল খ) ঈশ্বর সবাইকে ভালবাসেন গ) মন পরিবর্তন করলে ঈশ্বর ক্ষমা করেন</p>	<p>নম্বর : ১/২ নম্বর পাবে</p>
<p>মন্তব্য: ২টি শিক্ষণীয় বিষয় নিজের ভাষায় লিখলে পূর্ণ ১ নম্বর পেত কিন্তু সঠিক ১টি শিক্ষণীয় বিষয় লিখেছে</p>	


কাজ/প্রশ্ন	শিক্ষার্থীর উত্তর
<p>৩.ঈশ্বর নিনিভেসীদেদর ক্ষমা করে দিলেন। এই গল্পের ২ টি শিক্ষণীয় বিষয় নিজের ভাষায় লিখ।</p>	
<p>নম্বর বিভাজন : নীচের যেকোন ২টি উপায় নিজের ভাষায় লিখলেই পূর্ণ ১ নম্বর পাবে ক) ঈশ্বর ক্ষমাশীল খ) ঈশ্বর সবাইকে ভালবাসেন গ) মন পরিবর্তন করলে ঈশ্বর ক্ষমা করেন</p>	<p>নম্বর : ০ নম্বর পাবে</p>
<p>মন্তব্য: অনুধাবন ভুল কোন নম্বর দেয়া যাবেনা।</p>	


প্রশ্ন	১নং শিক্ষার্থীর উত্তর						
১৬. হিন্দু ধর্মে তীর্থযাত্রা একটি গুরুত্বপূর্ণ কাজ কেন - তিনটি কারণ উল্লেখ কর প্রতিটি সঠিক চিহ্নিত কারণের জন্য ১ নম্বর করে ৩ নম্বর প্রদান করুন.							
নম্বুর বন্টন	১৩ নম্বর						
নম্বুর বিভাজন ক. দেব-দেবীর মূর্তি দর্শনের জন্য খ. দেব-দেবীর দর্শন পাওয়ার জন্য গ. ধর্মীয় আচার পালন, যেমন- কুম্ভ মেলা উৎসবে স্নান করার জন্য ঘ. আত্মিক পরিষ্কার লাভের জন্য	<table> <tr> <td>ক</td> <td>১</td> </tr> <tr> <td>খ</td> <td>১</td> </tr> <tr> <td>গ</td> <td>১</td> </tr> </table>	ক	১	খ	১	গ	১
ক	১						
খ	১						
গ	১						
প্রত্যেকটি কারণের জন্য ১ নম্বর প্রদান করতে হবে							
সম্ভাব্য মোট নম্বর	৩						
মন্তব্য ১নং শিক্ষার্থীর সকল উত্তর সঠিক হয়েছে।							


প্রশ্ন	২নং শিক্ষার্থীর উত্তর
<p>১৬. হিন্দু ধর্মে তীর্থযাত্রা একটি গুরুত্বপূর্ণ কাজ কেন -তিনটি কারণ উল্লেখ কর</p> <p>প্রতিটি সঠিক চিহ্নিত কারণের জন্য ১ নম্বর করে ৩ নম্বর প্রদান করুন.</p>	
<p>নম্বর বন্টন</p>	
<p>নম্বর বিভাজন</p> <p>ক. দেব-দেবীর মূর্তি দর্শনের জন্য</p> <p>খ. দেব-দেবীর দর্শন পাওয়ার জন্য</p> <p>গ. ধর্মীয় আচার পালন, যেমন- কুম্ভ মেলা উৎসবে স্নান করার জন্য</p> <p>ঘ. আত্মিক পরিশুদ্ধি লাভের জন্য</p>	<p>উত্তর- ক) ঠাকুর দেবার জন্য খ) ধর্ম পালনের জন্য গ) অধিক ঋণের দেবার জন্য</p>
<p>প্রত্যেকটি কারণের জন্য ১ নম্বর প্রদান করতে হবে</p>	<p>গ ০</p>
<p>সম্ভাব্য মোট নম্বর</p>	<p>১</p>
<p>মন্তব্য</p> <p>২নং শিক্ষার্থীর ক ও গ এর উত্তর সঠিক নয়। কারণ শিক্ষার্থীর বিষয়বস্তু সম্পর্কে ধারণা স্পষ্ট নয়।</p>	


প্রশ্ন	৩নং শিক্ষার্থীর উত্তর
১৬. হিন্দু ধর্মে তীর্থযাত্রা একটি গুরুত্বপূর্ণ কাজ কেন -তিনটি কারণ উল্লেখ কর প্রতিটি সঠিক চিহ্নিত কারণের জন্য ১ নম্বর করে ৩ নম্বর প্রদান করুন.	 <p>থ ১ গ ০</p>
নম্বর বন্টন	
নম্বর বিভাজন ক. দেব-দেবীর মূর্তি দর্শনের জন্য খ. দেব-দেবীর দর্শন পাওয়ার জন্য গ. ধর্মীয় আচার পালন, যেমন- কুম্ভ মেলা উৎসবে স্নান করার জন্য ঘ. আত্মিক পরিশুদ্ধি লাভের জন্য	
প্রত্যেকটি কারণের জন্য ১ নম্বর প্রদান করতে হবে	
সম্ভাব্য মোট নম্বর	১
<p>মন্তব্য</p> <p>৩ নং শিক্ষার্থীর ক ও গ নং উত্তর সঠিক নয়। কারণ শিক্ষার্থীর তীর্থ ভ্রমণের উদ্দেশ্য সম্পর্কে বিষয় জ্ঞানের অভাব।</p>	


প্রশ্ন	শিক্ষার্থীর উত্তর
<p>১৭. হিন্দুধর্মের তিন জন দেব দেবীর নাম লিখ. তারা কেন পূজিত হন- বর্ণনা কর প্রত্যেক দেব দেবীর সঠিক নাম লিখার জন্য ১ নম্বর প্রদান করুন প্রতিটি পার্থক্য চিহ্নিত করার জন্য ১ নম্বর প্রদান করুন</p>	<p>প্রশ্ন: হিন্দুধর্মের তিনজন দেব দেবীর নাম লিখ এবং তারা কেন পূজিত হন।</p> <p>উত্তর: তিনজন দেব দেবী — ব্রহ্মা, বিষ্ণু, শিব।</p> <p>(ক) ব্রহ্মা বিশ্বব্রহ্মাণ্ডের সৃষ্টি কর্তা, তাই তার পূজা করা হয়।</p> <p>(খ) বিষ্ণু বিশ্বব্রহ্মাণ্ডের পালন কর্তা, তাই তার পূজা করা হয়।</p> <p>(গ) শিব হস্তাঙ্গ সংহার কর্তা, যিনি নতুন করে সৃষ্টির পুনর্গঠন করেন।</p>
<p>নম্বর বন্টন</p>	
<p>নম্বর বিভাজন</p> <p>ক. ব্রহ্মা হলো বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি কর্তা খ. বিষ্ণু হলো বিশ্ব ব্রহ্মাণ্ডের পালন কর্তা গ. শিব হলো সংহার কর্তা যিনি নতুন করে সৃষ্টির পুনর্গঠন করে</p>	<p>ক ১ খ ১ গ ১</p>
<p>প্রত্যেকটি কারনের জন্য ১ নম্বর প্রদান করতে হবে</p>	
<p>সম্ভাব্য মোট নম্বর</p>	<p>৬</p>
<p>মন্তব্য</p> <p>১নং শিক্ষার্থীর সকল প্রশ্নের উত্তর সঠিক হয়েছে</p>	

প্রশ্ন	১ নং শিক্ষার্থীর উত্তর
১৭. হিন্দুধর্মের তিন জন দেব দেবীর নাম লিখ. তারা কেন পূজিত হন- বর্ণনা কর প্রত্যেক দেব দেবীর সঠিক নাম লিখার জন্য ১ নম্বর প্রদান করুন প্রতিটি পার্থক্য চিহ্নিত করার জন্য ১ নম্বর প্রদান করুন	
নম্বর বন্টন	প্রাপ্ত নম্বর
নম্বর বিভাজন ক. ব্রহ্মা হলো বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি কর্তা খ. বিষ্ণু হলো বিশ্ব ব্রহ্মাণ্ডের পালন কর্তা গ. শিব হলো সংহার কর্তা যিনি নতুন করে সৃষ্টির পুনর্গঠন করে	২ নং শিক্ষার্থী তিনজন দেব দেবীর নাম পৃথক ভাবে উল্লেখ করে নাই তাই শূন্য পেয়েছে। ক ১ খ ১ গ ১
প্রত্যেকটি কারনের জন্য ১ নম্বর প্রদান করতে হবে	
সম্ভাব্য মোট নম্বর	৩
মন্তব্য	
২ নং শিক্ষার্থী তিন জন দেব দেবীর নাম পৃথক ভাবে উল্লেখ করে নাই। কারণ সে নির্দেশনা বুঝে নাই অথবা পূজিত শব্দের অর্থ বুঝে নাই।	


প্রশ্ন	৩ নং শিক্ষার্থীর উত্তর
<p>১৭. হিন্দুধর্মের তিন জন দেব দেবীর নাম লিখ. তারা কেন পূজিত হন- বর্ণনা কর প্রত্যেক দেব দেবীর সঠিক নাম লিখার জন্য ১ নম্বর প্রদান করুন প্রতিটি পার্থক্য চিহ্নিত করার জন্য ১ নম্বর প্রদান করুন</p>	 <p>উত্তর: হিন্দু ধর্মের তিনজন দেবদেবী- নাম- দুর্গা, কালী, শিব ক) দুর্গা- দুর্গাভিনাশ করে তাই গায়ে পূজা করা হয়। খ) কালী ক্ষতি দেয় তাই গায়ে পূজা করা হয়। গ) শিব বিজ্ঞানের দেবতা, অস্ত্রও ক্ষতি বিহীন তাই গায়ে পূজা করা হয়।</p>
নম্বুর বন্টন	প্রাপ্ত নম্বর
<p>নম্বুর বিভাজন ক. ব্রহ্মা হলো বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি কর্তা খ. বিষ্ণু হলো বিশ্ব ব্রহ্মাণ্ডের পালন কর্তা গ. শিব হলো সংহার কর্তা যিনি নতুন করে সৃষ্টির পুনর্গঠন করে</p>	<p>তিনজন দেব দেবীর সঠিক নামের জন্য ১×৩=৩ নম্বর</p> <p>ক ১ খ ১ গ ০</p>
প্রত্যেকটি কারণের জন্য ১ নম্বর প্রদান করতে হবে	
সম্ভাব্য মোট নম্বর	৫
<p>মন্তব্য ৩ নং শিক্ষার্থী পৃথক তিনজন দেব দেবীর নাম লিখেছে তবে তা সঠিক। গ এর উত্তর সঠিক নয় কারণ দেবতা শিব সম্পর্কে শিক্ষার্থীর ধারণা সঠিক নয়।</p>	


প্রশ্ন	১ নং শিক্ষার্থীর উত্তর
<p>১৮. দুইটি কারণ উল্লেখ কর কেন ভগবান শ্রীকৃষ্ণ পৃথিবীকে একটি অশ্বথ বৃক্ষের সাথে তুলনা করেছেন- (নিচের তালিকার প্রতিটি কারণের জন্য ১ নম্বর প্রদান করুন)</p> <p>মোট নম্বর ৪</p>	
নম্বর বন্টন	প্রাপ্ত নম্বর
<p>নম্বর বিভাজন</p> <p>ক. অশ্বথ বৃক্ষ পৃথিবীর মতো বড়</p> <p>খ. অশ্বথ বৃক্ষ বহু প্রাণির আশ্রয়স্থল</p> <p>গ. অন্য সমস্ত বৃক্ষের মতো বটবৃক্ষেরও আত্মা রয়েছে</p> <p>ঘ. বৃক্ষরাজিকে অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্ভিদ হিসেবে মনে করা হয়</p>	<p>১ নং শিক্ষার্থী সকল প্রশ্নের সঠিক উত্তর দিয়েছে।</p> <p>ক ১</p> <p>খ ১</p> <p>গ ১</p> <p>ঘ ১</p>
<p>প্রত্যেকটি কারণের জন্য ১ নম্বর প্রদান করতে হবে</p>	
সম্ভাব্য মোট নম্বর	৪
<p>মন্তব্য</p> <p>১ নং শিক্ষার্থী সকল প্রশ্নের সঠিক উত্তর দিয়েছে।</p>	


প্রশ্ন	২ নং শিক্ষার্থীর উত্তর
<p>১৮. দুইটি কারণ উল্লেখ কর কেন ১৮. ভগবান শ্রীকৃষ্ণ পৃথিবীকে একটি অশ্বথ বৃক্ষের সাথে তুলনা করেছেন- (নিচের তালিকার প্রতি ২টি কারণের জন্য ১ নম্বর প্রদান করুন)</p>	
<p>নম্বর বন্টন</p>	<p>প্রাপ্ত নম্বর</p>
<p>নম্বর বিভাজন ক. অশ্বথ বৃক্ষ পৃথিবীর মতো বড় খ. অশ্বথ বৃক্ষ বহু প্রাণির আশ্রয়স্থল গ. অন্য সমস্ত বৃক্ষের মতো বটবৃক্ষেরও আত্মা রয়েছে ঘ. বৃক্ষরাজিকে অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্ভিদ হিসেবে মনে করা হয় মোট নম্বর : ৪</p>	<p>ক ১ খ ১ গ ০ ঘ ১</p>
<p>প্রত্যেকটি কারণের জন্য ১ নম্বর প্রদান করতে হবে</p>	
<p>সম্ভাব্য মোট নম্বর</p>	<p>৩</p>
<p>মন্তব্য ২ নং শিক্ষার্থীর গ এর উত্তর ভুল করেছে, কারণ সকল বৃক্ষের প্রাণ আছে।</p>	

প্রশ্ন	৩ নং শিক্ষার্থীর উত্তর
<p>১৮. দুইটি কারণ উল্লেখ কর কেন ভগবান শ্রীকৃষ্ণ পৃথিবীকে একটি অশ্বথ বৃক্ষের সাথে তুলনা করেছেন-(নিচের তালিকার প্রতি ২টি কারণের জন্য ১ নম্বর প্রদান করুন)</p>	
<p>নম্বর বন্টন</p>	<p>প্রাপ্ত নম্বর</p>
<p>নম্বর বিভাজন</p> <p>ক. অশ্বথ বৃক্ষ পৃথিবীর মতো বড়</p> <p>খ. অশ্বথ বৃক্ষ বহু প্রাণির আশ্রয়স্থল</p> <p>গ. অন্য সমস্ত বৃক্ষের মতো বটবৃক্ষেরও আত্মা রয়েছে</p> <p>ঘ. বৃক্ষরাজিকে অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্ভিদ হিসেবে মনে করা হয়</p> <p>মোট নম্বর : ৪</p>	<p>ক ১</p> <p>খ ১</p> <p>গ ১</p> <p>ঘ ১</p>
<p>প্রত্যেকটি কারণের জন্য ১ নম্বর প্রদান করতে হবে</p>	
<p>সম্ভাব্য মোট নম্বর</p>	<p>৪</p>
<p>মন্তব্য</p> <p>৩ নং শিক্ষার্থীর সকল প্রশ্নের উত্তর সঠিক। কারণ হিন্দুধর্ম মতে ব্রহ্মাকে অশ্বথ বৃক্ষের মূলের সাথে তুলনা করেছে এবং অশ্বথ বৃক্ষের পাতাকে বেদ এর সাথে তুলনা করা হয়েছে।</p>	


সহায়ক তথ্য-১১(বা)
বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

প্রশ্ন	শিক্ষার্থীর উত্তর
<p>১.১। বোধিসত্ত্বের ৩টি বৈশিষ্ট্য লিখ</p>	
<p>মানবন্টন</p>	<p>প্রাপ্ত নম্বর</p>
<p>প্রতিটি বৈশিষ্ট্যের জন্য এক করে নম্বর পাবে। *বোধিসত্ত্বগণ বুদ্ধত্বেই অবস্থান করেন *বোধিসত্ত্বগণ সাধারণ লোক-সমাজে বসবাস করেন *বোধিসত্ত্বগণ মাথা মুন্ডন করেন না</p>	<p>প্রতিটি বৈশিষ্ট্যই সঠিক। প্রতিটির জন্য ১ নম্বর করে ৩ নম্বর পাবে</p>
<p>মন্তব্য:- *বোধিসত্ত্বগণ বুদ্ধত্বেই অবস্থান করেন *বোধিসত্ত্বগণ সাধারণ লোক-সমাজে বসবাস করেন</p>	

প্রশ্ন	শিক্ষার্থীর উত্তর
১.২। বোধিসত্ত্বের ৩টি বৈশিষ্ট্য লিখ	
মানবন্টন	
প্রতিটি বৈশিষ্ট্যের জন্য এক করে নম্বর পাবে। *বোধিসত্ত্বগণ বুদ্ধত্বেই অবস্থান করেন *বোধিসত্ত্বগণ সাধারণের মতই পোষাক পরিধান করেন *বোধিসত্ত্বগণ সাধারণ লোক সমাজে বসবাস করেন *বোধিসত্ত্বগণের জ্ঞান সীমিত।	১) বোধিসত্ত্বের জ্ঞান সীমিত। তথ্যটি সঠিক। ১নম্বর পাবে
মন্তব্য:- ক) বোধিসত্ত্বগণ বুদ্ধের মধ্যে বিরাজ করে। তথ্যটি ভুল খ) বোধিসত্ত্বগণ ত্রিকাল দর্শি। তথ্যটি ভুল	কোন নম্বর পাবে না

প্রশ্ন	শিক্ষার্থীর উত্তর
১.৩। বোধিসত্ত্বের ৩টি বৈশিষ্ট্য লিখ	
মানবন্টন	

<p>প্রতিটি বৈশিষ্ট্যের জন্য এক করে নম্বর পাবে।</p> <ul style="list-style-type: none"> *বোধিসত্ত্বগণ বুদ্ধতেই অবস্থান করেন *বোধিসত্ত্বগণ সা ধারণের মতই পোষাক পরিধান করেন *বোধিসত্ত্বগণ সাধারণ লোক সমাজে বসবাস করেন *বোধিসত্ত্বগণ মাথা মুন্ডন করেন না 	<p>কোন নম্বর পাবে না</p>
<p>মন্তব্য:-ক)বুদ্ধগণ অগাধ জ্ঞানের অধিকারী</p> <p>খ)বোধিসত্ত্বগণ অতিত বর্তমান ভবিষ্যত সব বলতে পারে</p> <p>গ)বোধিসত্ত্বগণ অবিচল চিত্তের অধিকারী প্রতিটি তথ্যই ভুল।</p>	

প্রশ্ন	শিক্ষার্থীর উত্তর
<p>২.১। তোমার কেন বুদ্ধগয়া যাওয়া উচিত?</p>	
<p>মানবন্টন</p>	
<p>প্রতিটি কারনের জন্য এক নম্বর পাবে</p> <ul style="list-style-type: none"> -*গৌতম বুদ্ধ সেখানে অনাতিকম্য সর্কোচ্চ আলোকপ্রাপ্ত হয়ে অবস্থান করছেন *ক্ষণস্থায়ী পৃথিবীতে অল্পসময় অবস্থানের বিষয়টি তিনি হাত ধরে দেখিয়েছেন *পুনর্জন্মকে রোধ করার জন্য ভাল কাজ, ভাল ব্যবহারের উপর জোর দিয়েছেন 	<p>এক নম্বর করে মোট ৩ নম্বর পাবে।</p>
<p>মন্তব্য:-*গৌতম বুদ্ধ সেখানে অনাতিকম্য.সর্কোচ্চ আলোকপ্রাপ্ত হয়ে অবস্থান করছেন</p> <p>*ক্ষণস্থায়ী পৃথিবীতে অল্পসময় অবস্থানের বিষয়টি তিনি হাত ধরে দেখিয়েছেন</p> <p>*পুনর্জন্মকে রোধ করার জন্য ভাল কাজ ভাল ব্যবহারের উপর জোর দিয়েছেন</p> <p>প্রতিটি কারন সঠিক</p>	

প্রশ্ন	শিক্ষার্থীর উত্তর
--------	-------------------

ভাল ব্যবহারের উপর জোর দিয়েছেন	
*বুদ্ধ ধর্মের অনুসারী হওয়ার জন্য *অনেক লোকের সাথে পরিচিত হওয়ার জন্য তথ্য ২টি শুদ্ধ নয়	

দিন-৩
অধিবেশন-১, ২

১। অধিবেশনের শিরোনাম: মার্কিং স্কিম অনুসরণে অভীক্ষাপদের উত্তর মূল্যায়ন ও পর্যালোচনা

২। প্রশ্নের চাহিদা মার্কিং শিক্ষার্থীদের কী উত্তর দেওয়া উচিত এবং উত্তর অনুযায়ী কত নম্বর প্রদান করতে হবে সে সম্পর্কে অনেক পরীক্ষকের মধ্যেই সিদ্ধান্তহীনতা পরিলক্ষিত হয়। ফলে অধিকাংশ ক্ষেত্রেই মূল্যায়ন কার্যক্রম প্রশ্নবিদ্ধ হয়ে থাকে। মূল্যায়ন কার্যক্রম যতদূর সম্ভব যথার্থ এবং বস্তুনিষ্ঠ করার জন্য মার্কিং স্কিমের গুরুত্ব অপরিসীম। এ অধিবেশনের মাধ্যমে অংশগ্রহণকারীগণ মার্কিং স্কিম অনুসরণ করে অভীক্ষাপদের উত্তর মূল্যায়নে সক্ষম হবে বলে আশা করা যায়।

৩। সময়: ২ ঘন্টা ৩০ মিনিট

৪। শিখনফল: এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

- মার্কিং স্কিম অনুসরণে অভীক্ষাপদের উত্তর মূল্যায়ন করতে পারবেন।
- উত্তরপত্র মূল্যায়ন পূর্ব, চলাকালীন, উত্তর কাজ ব্যাখ্যা করতে পারবেন।

৫। সহায়ক সামগ্রী: অভীক্ষা উত্তরপত্র, মার্কিং স্কিম, মাল্টিমিডিয়া, পোস্টার পেপার, ভিজুয়ালাইজার, মার্কার, প্রজেক্টর এবং প্রশিক্ষণ কক্ষের অন্যান্য সাধারণ উপকরণ।

৬। পদ্ধতি ও কৌশল: মিথস্ক্রিয়া, জোড়ায় ও দলীয় আলোচনা, প্লেনারি আলোচনা ইত্যাদি।

৭। কার্যাবলি

কাজ-১: মার্কিং স্কিম অনুসরণে অভীক্ষাপদের উত্তর মূল্যায়ন করা

সময়: ৬০ মিনিট

- এবার ইতোপূর্বে প্রণীত এক দলের কাঠামোবদ্ধ অভীক্ষা ও তার উত্তর অন্য দলকে মূল্যায়ন করতে দিন। প্রতি অভীক্ষাপদের উত্তরের জন্য প্রণীত মার্কিং স্কিম দিন। মূল্যায়ন করার পর মূল্যায়নকারীকে নাম লিখতে ও স্বাক্ষর করতে বলুন। এজন্য ২০ মিনিট সময় দিন।
- এবার মূল্যায়নকৃত উত্তরপত্রগুলো সংগ্রহ করে মূল দলে ফেরত দিন। মূল দলকে তাদের লিখিত উত্তরগুলোর মূল্যায়ন যথাযথ হয়েছে কিনা তা যাচাই করে প্রতিবেদন তৈরি করতে বলুন। প্রতিবেদনে উত্তর মূল্যায়নে মূল্যায়নকারী কম/বেশি নম্বর দিয়ে থাকলে তা উল্লেখ করুন। অধিকন্তু কম বা বেশি নম্বর প্রদানকারী পরীক্ষকের জন্য পরামর্শ কী তা লিখুন। এজন্য ২০ মিনিট সময় দিন। ২০ মিনিট পরে প্লেনারি আলোচনার আয়োজন করুন এবং প্রতি দলের দলীয় প্রতিবেদন উপস্থাপন করতে বলুন।
- মার্কিং স্কিম অনুসরণ করে মূল্যায়ন করার প্রয়োজনীয়তা ও যৌক্তিকতা কী তা জানতে চান এবং প্লেনারি আলোচনার মাধ্যমে এ সিদ্ধান্তে উপনীত হোন যে, এতে মূল্যায়ন সুষ্ঠু ও নিরপেক্ষ হয়। এ ক্ষেত্রে পরীক্ষার্থীর উত্তরের জন্য প্রাপ্য নম্বরের তুলনায় অধিক বা কম নম্বর দেয়ার কোন সুযোগ থাকে না।
- এবার অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে নিচের প্রশ্নগুলো করুন।
ক) শিক্ষার্থীর শিখন অর্জন হলো কিনা তা যাচাই করার জন্য অভীক্ষা কিসের ভিত্তিতে হওয়া উচিত? উত্তর: যোগ্যতার ভিত্তিতে
খ) মার্কিং স্কিম কে তৈরি করবেন? উত্তর: অভীক্ষা প্রণেতা
গ) কেন অভীক্ষা প্রণেতা মার্কিং স্কিম প্রণয়ন করবেন? উত্তর: তিনিই জানেন কোন যোগ্যতার আলোকে অভীক্ষা করা হয়েছে এবং সে অভীক্ষা দিয়ে কী পরিমাপ করতে চেয়েছেন।
ঘ) সমাপনী পরীক্ষার অভীক্ষার মার্কিং স্কিম কে প্রণয়ন করবেন? উত্তর: নেপ, কারণ নেপ প্রশ্ন প্রণয়ন করেছে।
- সহায়ক তথ্য-১৪ এর আলোকে অংশগ্রহণকারীদের এ সম্পর্কিত ধারণা সুস্পষ্ট করতে সহায়তা করুন।

কাজ-২: উত্তরপত্র মূল্যায়ন পূর্ব, চলাকালীন, উত্তর কাজ ব্যাখ্যা করা

সময়: ৭০ মিনিট

- গত বছর সমাপনী পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নকারী হিসেবে কে কে দায়িত্ব পালন করেছেন তা প্রশ্ন করে জেনে নিন। তাদের নিকট হতে উত্তরপত্র মূল্যায়ন পাওয়ার পর মূল্যায়ন শুরু করার আগে তারা কী করেছেন, মূল্যায়ন চলাকালীন কী করেছেন এবং মূল্যায়ন শেষে কী করেছেন তা জেনে নিন।
- অংশগ্রহণকারীদের ৬টি দলে ভাগ করুন। প্রতি ২ দলে মূল্যায়ন শুরু করার আগে, মূল্যায়ন চলাকালীন, মূল্যায়ন শেষে মূল্যায়নকারীর কাজ কী তা দলে আলোচনা করে পোস্টার পেপারে লিখতে বলুন। এজন্য ৩০ মিনিট সময় দিন। দলীয় কাজ মনিটরিং ও মেনটরিং করুন।
- ৩০ মিনিট পর একই জাতীয় কাজের প্রতি ২ দলের মধ্যে ১ দলকে তাদের দলীয় কাজ উপস্থাপন করতে বলুন। অন্য দলকে মেলাতে বলুন। নতুন কোন কাজ যা উপস্থাপনকারী দল লেখনি তা প্লেনারি আলোচনার মাধ্যমে সংযোজন করুন।

- সহায়ক তথ্য-১৫এর সহায়তায় মূল্যায়নকারীর করণীয় মূল্যায়ন পূর্ব, চলাকালীন এবং মূল্যায়ন উত্তর কাজগুলো সুনির্দিষ্টভাবে সনাক্ত করুন। সহায়ক তথ্য-১৫ বিতরণ করুন এবং সকলের সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ দিয়ে অধিবেশন সমাপ্ত করুন।

৭। মূল্যায়ন:

সময়: ৫ মিনিট

অধিবেশনের শিখনফল অর্জিত হয়েছে কি না তা নিম্নরূপে পর্যবেক্ষণ করে যাচাই করুন।

- ক) প্রয়োগমূলক বহুনির্বাচনী ও কাঠামোবদ্ধ অভীক্ষাপদ প্রণয়নে অংশগ্রহণকারীগণের সক্রিয়তা পর্যবেক্ষণ করুন।
- খ) দলীয় উপস্থাপনা দেখে প্রতি দলের অভীক্ষাপদ প্রণয়নের দক্ষতা ও বিষয়বস্তুর ধারণা স্পষ্ট হয়েছে কিনা তা সনাক্ত করুন।

৮। অনুচিন্তন: অধিবেশন শেষে অধিবেশনের বিষয়বস্তু উপস্থাপনা, ব্যবহৃত পদ্ধতি ও কৌশল ইত্যাদির মান নিরূপণ ও বৃদ্ধির জন্য নিম্নের বিষয়গুলো চিন্তা করুন-

- ক) অধিবেশনের নির্ধারিত শিখনফল অর্জন উপযোগী কার্যাবলীপরিচালিত হয়েছে কিনা?
- খ) অধিবেশন অংশগ্রহণমূলক ও আনন্দায়ক ছিল কি না?
- গ) এই অধিবেশনের বিষয়বস্তু উপস্থাপনের পর এতদসংক্রান্ত বিষয়ে আরও জানার জন্য আগ্রহ সৃষ্টি করতে পেরেছে কি না?

সহায়ক তথ্য-১৪

মার্কিং স্কিম, মার্কিং স্কিম প্রণয়নের যৌক্তিকতা

মার্কিং স্কিম কী:

প্রতি বিষয়ের প্রতিটি প্রশ্ন ও তার সম্ভাব্য উত্তর এবং উত্তর মূল্যায়ন নির্দেশিকা অর্থাৎ শিক্ষার্থী কর্তৃক লিখিত প্রতিটি প্রশ্নের উত্তরের প্রেক্ষিতে কত নম্বর পাবে তার সুস্পষ্ট নির্দেশনা সম্বলিত ডকুমেন্ট হলো মার্কিং স্কিম।

মার্কিং স্কিম প্রণয়নের যৌক্তিকতা:

১. মূল্যায়ন নির্দেশিকা একটি সুস্পষ্ট ডকুমেন্ট বলে মূল্যায়ন যথার্থ হয়।
২. উত্তরপত্র মূল্যায়নকারীগণ ইচ্ছে মার্কিং স্কিম মূল্যায়ন করতে পারেন না বলে মূল্যায়ন নিরপেক্ষ হয়।
৩. পরীক্ষার্থীর উত্তরপত্রের অতি বা অবমূল্যায়ন হয় না।

মূল্যায়নকারীভেদে একই উত্তর মূল্যায়নে পার্থক্য হয় কেন?

১. প্রতিটি প্রশ্নের বিপরীতে কতটুকু লিখলে বা কী লিখলে কত নম্বর দেয়া হবে তার নির্দেশনা দেয়া থাকে না।
২. কোন প্রকার মূল্যায়ন নির্দেশিকা বা মার্কিং স্কিম সরবরাহ করা হয় না।
৩. মূল্যায়ন করার জন্য অপেক্ষাকৃত কম সময় দেয়া হয়।
৪. অপেক্ষাকৃত কম অভিজ্ঞতাসম্পন্ন এবং পর্যাপ্ত বিষয়জ্ঞানহীন শিক্ষককে পরীক্ষক ও প্রধান পরীক্ষক হিসেবে নিয়োগ দেয়া হয়।
৫. পরীক্ষকের এ সংক্রান্ত কাজে মূল্যবোধের অভাব।
৬. মূল্যায়নকালীন কোন প্রকার পরিবীক্ষণ করার ব্যবস্থা/সুযোগ নেই।

কীভাবে সারা দেশব্যাপী মূল্যায়নে পার্থক্য সর্বনিম্ন বা অভিন্ন করা সম্ভব?

১. প্রতিটি বিষয়ের জন্য স্বব্যখ্যায়িত মূল্যায়ন নির্দেশিকা বা মার্কিং স্কিম সরবরাহ করা
২. মূল্যায়ন করার জন্য পর্যাপ্ত সময় দেয়া।
৩. অভিজ্ঞতাসম্পন্ন এবং পর্যাপ্ত বিষয়জ্ঞানসম্পন্ন শিক্ষককে পরীক্ষক ও প্রধান পরীক্ষক হিসেবে নিয়োগ দেয়া হয়।
৪. পরীক্ষকের এ সংক্রান্ত কাজে মূল্যবোধের সৃষ্টি করা।
৫. মূল্যায়নকালীন সুসংগঠিত পরিবীক্ষণের সুযোগ সৃষ্টি করা।

সহায়ক তথ্য-১৫

মূল্যায়নকারীর জন্য মূল্যায়ন পূর্ব-করণীয়ঃ

১. প্রতিটি অভীক্ষাপদ মনোযোগ দিয়ে পড়বেন।
২. উত্তরপত্র মূল্যায়নের আগে উত্তরপত্র মূল্যায়নকারীকে প্রধান পরীক্ষক/নেপ কর্তৃক সরবরাহকৃত বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা ভাল করে পড়ে প্রতিটি অভীক্ষাপদের উত্তর কী হবে তা নিশ্চিত হতে হবে।
২. বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকায় প্রতিটি অভীক্ষাপদের জন্য যে নির্দেশনা দেয়া থাকে—তা অনুসরণ করতে হবে। উল্লেখ্য মূল্যায়নকারীকে সংশ্লিষ্ট বিষয়ের পাঠ্যবই ও তার বিষয়বস্তু, যোগ্যতা ইত্যাদি বিষয় সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণা থাকতে হবে।
৩. যদি উত্তরপত্র মূল্যায়ন নির্দেশিকায় কোন অস্পষ্টতা দেখা যায় তবে তা স্পষ্টীকরণের জন্য প্রধান পরীক্ষক/নেপ এর সংশ্লিষ্ট বিষয়ের অভীক্ষা পদ প্রণয়নকারীগণের সহায়তা নিতে হবে।
৪. কোন উত্তর সম্পর্কে মূল্যায়নকারী নিশ্চিত না হয়ে কেবলমাত্র আন্দাজের উপর ভিত্তি করে মূল্যায়ন করা যাবে না।
৫. উত্তরপত্র (খাতা) প্যাকেট সংগ্রহ করার পর প্যাকেটের ভিতর খাতার সংখ্যা গণনা করে দেখতে হবে। কোন প্রকার অসংগতি দেখা গেলে, খাতা সরবরাহকারীকে অবহিত করতে হবে।

উত্তরপত্র মূল্যায়নকালীন সময়ে করণীয় :

১. মূল্যায়নকারীকে ধৈর্যসহকারে উত্তরপত্র মূল্যায়ন করতে হবে।
১. মূল্যায়নকারী মূল্যায়নকালে সম্পূর্ণ নিরপেক্ষ ভূমিকা পালন করবেন। মূল্যায়নকারীকে সর্বদা মনে রাখতে হবে যে, তিনি বিচারকের দায়িত্ব পালন করছেন।
৩. উত্তরপত্র মূল্যায়নকারী উত্তরপত্রের প্রতিটি শব্দ/বাক্য/বানান প্রভৃতি মনোযোগ সহকারে পড়ে মূল্যায়ন নির্দেশনা অনুযায়ী নম্বর প্রদান করবেন।
৪. পরীক্ষার্থীভেদে সংক্ষিপ্ত এবং রচনামূলক প্রশ্নের উত্তর ভিন্ন হতে পারে। সে ক্ষেত্রে অর্থগত, ভাবগত ও Communicating Value-এর ভিত্তিতে মূল্যায়ন নির্দেশনা অনুযায়ী নম্বর প্রদান করা বাঞ্ছনীয় হবে। নির্দিষ্ট সময় অন্তর সংক্ষিপ্ত এবং রচনামূলক প্রশ্নের উত্তর পুনর্মূল্যায়ন করা উচিত।
৫. যেহেতু হাতের সুন্দর লেখার জন্য কোন নম্বর সুনির্দিষ্ট করা নেই— কাজেই পরীক্ষার্থীর হাতের লেখা সুন্দর না হলেও যদি প্রকৃত পাঠ উদ্ধার করা যায় এবং উত্তর প্রদান সঠিক হয় তবে পূর্ণ নম্বর দিতে হবে।
৬. বহুনির্বাচনী প্রশ্নের জন্য প্রশ্নপত্রে যে নির্দেশনা প্রদান করা আছে – তা যথাযথভাবে অনুসরণ করবেন।
৭. অভীক্ষার উত্তরের যথার্থ ও সুনির্দিষ্টতার দিকে লক্ষ রেখে মূল্যায়ন করতে হবে।
৮. প্রতিটি অভীক্ষা পদের (প্রশ্নের) উত্তর মূল্যায়ন করেছেন কিনা – তা মূল্যায়নকারীকে যাচাই করতে হবে।
৯. প্রতিটি উত্তরের জন্য নির্দেশনা মোতাবেক নম্বর প্রদান করা হয়েছে কিনা – তা পুনঃ নিরীক্ষা করতে হবে।
১০. নম্বর প্রদানের ক্ষেত্রে ঘষামাজা (Over Writing) করা যাবে না। প্রয়োজনে একটানে কেটে সঠিক নম্বর বসিয়ে পাশে অনুস্বাক্ষর করতে হবে।

মূল্যায়নের পর করণীয় :

১. পরীক্ষার্থীর রোল নম্বর অনুযায়ী পরীক্ষিত উত্তরপত্রগুলো সাজাতে হবে।
২. প্রতিটি নম্বর ফর্দের নিচে মূল্যায়নকারীকে যথাস্থানে স্বাক্ষর করতে হবে। নম্বর ফর্দে নম্বর উত্তোলনে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা করা যাবে না। প্রয়োজনে একটানে কেটে সঠিক নম্বর বসিয়ে পাশে অনুস্বাক্ষর করতে হবে।
৩. সকল প্রকার গোপনীয়তা বজায় রাখতে হবে।

মূল্যায়নকারী যা করবেন না :

১. এক বসায় ৫-১০ টির বেশি উত্তরপত্র মূল্যায়ন করবেন না।
২. নিজের ব্যক্তিগত অভিমতের ভিত্তিতে উত্তর মূল্যায়ন করা যাবে না।

৩. উত্তরপত্র যেখানে সেখানে অযত্নে ফেলে রাখা যাবে না।
৪. অমনোযোগী হয়ে বা কোন প্রকার খোশ-গল্পে মত্ত হয়ে উত্তরপত্র মূল্যায়ন করা যাবে না।
৫. অপরিষ্কার লেখা দেখে অধৈর্য হওয়া যাবে না এবং সুন্দর লেখা বা অপরিষ্কার লেখার জন্য অধিক/ কম নম্বর প্রদান করা যাবে না।

প্রধান পরীক্ষকের দায়িত্ব ও কর্তব্য:

১. মূল্যায়নকারীদের সহায়তায় মূল্যায়ন নির্দেশিকা প্রণয়ন করা।
২. প্রয়োজনে মূল্যায়নকারীকে সহায়তা প্রদান করা।
৩. ৫-১০% পরীক্ষিত উত্তরপত্র মূল্যায়ন করা। মূল্যায়নকারী কর্তৃক উত্তরপত্র মূল্যায়নে কোন ব্যত্যয় হয়ে থাকলে তা রেকর্ড করা এবং মূল্যায়নকারীকে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করা।
৪. যদি কোন উত্তরপত্র মূল্যায়নকারী কর্তৃক মূল্যায়িত না হয়ে থাকে তবে তা মূল্যায়ন করা।
৫. পুনর্মূল্যায়নে সবুজ কলম ব্যবহার করতে হবে এবং অনুস্বাক্ষর করতে হবে।
৬. এক প্যাকেটের খাতা যেন অন্য প্যাকেটের সাথে মিশে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে।
৭. প্রতি উত্তরপত্রের নির্ধারিত স্থানে অনুস্বাক্ষর করতে হবে।।

নিরীক্ষকের দায়িত্ব ও কর্তব্য:

১. প্রতিটি প্রশ্নের উত্তরের বিপরীতে প্রদত্ত নম্বর সঠিকভাবে উত্তরপত্রের কভার পৃষ্ঠায়/নম্বর ফর্দে লেখা হয়েছে কিনা তা নিরীক্ষা করা। যদি কোন নম্বর লেখা না হয়ে থাকে তবে তা নীল কালিতে লেখা।
২. যদি কোন প্রশ্নের উত্তর মূল্যায়নকারী কর্তৃক মূল্যায়িত না হয়ে থাকে তবে তা প্রধান পরীক্ষককে অবহিত করা।
৩. প্রদত্ত নম্বরসমূহ গণনা করে মোট নম্বর সঠিকভাবে লেখা হয়েছে কিনা তা নিরীক্ষণ করা।
৪. যদি কোন উত্তরের বিপরীতে অধিক বা কম নম্বর প্রদান করা হয়ে থাকে তবে তা নিজে মূল্যায়ন না করা। বিষয়টি প্রধান পরীক্ষককে অবহিত করা যেতে পারে।
৫. এক প্যাকেটের খাতা যেন অন্য প্যাকেটের সাথে মিশে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে।
৬. নিরীক্ষণ শেষে প্রতি উত্তরপত্রের কভার পৃষ্ঠার নির্ধারিত স্থানে অনুস্বাক্ষর করতে হবে।।

পরীক্ষকের দায়িত্ব ও কর্তব্য:

১. উত্তরপত্র মূল্যায়নকারীগণের মাঝে উত্তরপত্র বিতরণ করা এবং তার রেকর্ড সংরক্ষণ করা।
২. বিতরণের পূর্বে প্রতিটি খাতায় কোড নম্বর দেয়া হয়েছে কিনা তা যাচাই করা।
৩. যদি কোন উত্তরপত্রে কোন অসংগতি দেখা যায় তবে তা কর্তৃপক্ষ/প্রধান পরীক্ষককে অবহিত করা। নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা।
৪. এক প্যাকেটের খাতা যেন অন্য প্যাকেটের সাথে মিশে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে।
৫. নিরীক্ষিত উত্তরপত্র গণনা করে সংগ্রহ করা।

দিন-৩

অধিবেশন-৩

১। অধিবেশন শিরোনাম: টেস্ট এ্যাডমিনিস্ট্রেশন

২। মূলভাব: মানসম্মত যোগ্যতাভিত্তিক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজন আনন্দদায়ক শিখন শেখানো কার্যক্রম পরিচালনা, যোগ্যতাভিত্তিক অভীক্ষাপদ প্রণয়ন এবং সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে পরীক্ষা গ্রহণ। পরীক্ষা গ্রহণের জন্য প্রত্যাবেক্ষককে অনেকগুলো নিয়ম-নীতি মেনে পরীক্ষার কক্ষে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করা প্রয়োজন। এ অধিবেশনে সে বিষয়ে আলোকপাত করা হবে।

৩। সময়: ১ ঘণ্টা ১৫ মিনিট

৪। শিখনফল: অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

- টেস্ট এডমিনিস্ট্রেশন এর জন্য করণীয় কাজগুলো সনাক্ত করতে পারবেন।
- যোগ্যতাভিত্তিক অভীক্ষা ব্যবহার করে শিখন মূল্যায়নের যৌক্তিকতা ব্যাখ্যা করতে পারবেন।

৫। সহায়ক সামগ্রী: ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর/ফ্লিপচার্ট/পোস্টার পেপার/বিষয়ভিত্তিক অভীক্ষা ইত্যাদি।

৬। পদ্ধতি ও কৌশল: মিথস্ক্রিয়া, জোড়ায় ও দলীয় আলোচনা, প্লেনারি আলোচনা ইত্যাদি।

৭। কার্যাবলি:

কাজ-১: টেস্ট এডমিনিস্ট্রেশন এর জন্য করণীয় কাজগুলো সনাক্ত করা

সময়: ৩০ মিনিট

- অংশগ্রহণকারীদের মধ্যে কতজন গত সমাপনী পরীক্ষায় প্রত্যাবেক্ষকের দায়িত্ব পালন করেছেন তা জেনে নিন। তাদের মধ্যে ২/৩ জনের অভিজ্ঞতা শুনুন। অংশগ্রহণকারীদের ৩টি দলে ভাগ করুন। ৩ দলে ৩টি কাজ-প্রত্যাবেক্ষণের পূর্বের কাজ, প্রত্যাবেক্ষণকালীন কাজ, প্রত্যাবেক্ষণ পরবর্তী কাজ দলে আলোচনা করে লিখতে বলুন। এ কাজের জন্য ১০ মিনিট সময় দিন।
- ১০ মিনিট পর সংশ্লিষ্ট দলে প্রত্যাবেক্ষণের পূর্বের কাজ, প্রত্যাবেক্ষণকালীন কাজ, প্রত্যাবেক্ষণ পরবর্তী কাজের সহায়ক তথ্য-১৬ দিন। সহায়ক তথ্য পড়ে প্রয়োজনীয় সংযোজন বিয়োজন করে দলীয় কাজের তালিকা চূড়ান্ত করতে বলুন। এজন্য আরো ১০ মিনিট সময় দিন।
- ২০ মিনিট পর দলীয় কাজ উপস্থাপন করতে বলুন। এক দলের উপস্থাপন কালে অন্য দলকে প্রশ্ন (যদি থাকে) করতে বলুন। নিজে ফলাবর্তন দিন। সকলের সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ দিন। বিতরণ করুন।

কাজ-২: যোগ্যতাভিত্তিক অভীক্ষা ব্যবহার করে শিখন মূল্যায়নের যৌক্তিকতা ব্যাখ্যা করা

সময়: ৩০ মিনিট

- প্রত্যেক অংশগ্রহণকারীকে একটি করে মতামত পত্র (কর্মপত্র-৭) দিন। প্রত্যেককে মতামত পত্রটি পড়ে প্রযোজ্য ঘরে টিক দিতে বলুন। এজন্য ১০ মিনিট সময় দিন।
- ১০ মিনিট পরে প্রতিটি বিবৃতির বিপরীতে কতজন কোন মতায় তাদের অভিব্যক্তি প্রদান করেছেন তা সাদা বোর্ডে সংগ্রহ করুন। সংগৃহীত মতামতের ভিত্তিতে যোগ্যতাভিত্তিক অভীক্ষা ব্যবহার করে শিখন মূল্যায়নের যৌক্তিকতা বিষয়টি প্রতিষ্ঠিত করুন।
- একইভাবে ৩ দিন ব্যাপী এ প্রশিক্ষণ কার্যক্রমের ফলপ্রসূতা প্রশিক্ষণ মূল্যায়ন মতামতপত্র দিয়ে যাচাই করুন।
- এ প্রশিক্ষণ সম্পর্কে ২/৩ জন অংশগ্রহণকারীদের তাদের মতামত ব্যক্ত করতে বলুন।
- যোগ্যতাভিত্তিক অভীক্ষা/অভীক্ষাপদ ব্যবহার করে শিখন মূল্যায়নের জন্য অনুপ্রাণিত করুন এবং সকলকে ধন্যবাদ দিয়ে এ প্রশিক্ষণ কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করুন।

৭। মূল্যায়ন:

সময়: ৫ মিনিট

অধিবেশনের শিখনফল অর্জিত হয়েছে কি না তা নিম্নরূপে পর্যবেক্ষণ করে যাচাই করুন।

ক) টেস্ট এডমিনিস্ট্রেশন এর জন্য করণীয় কাজগুলো কী তা সনাক্ত করতে বলুন।

খ) অংশগ্রহণকারীদের পরীক্ষাগ্রহণ সংক্রান্ত ধারণা সুস্পষ্ট হয়েছে কিনা তা সনাক্ত যাচাই করুন।

৮। অনুচিন্তন: অধিবেশন শেষে অধিবেশনের বিষয়বস্তু উপস্থাপনা, ব্যবহৃত পদ্ধতি ও কৌশল ইত্যাদির মান নিরূপণ ও বৃদ্ধির জন্য নিম্নের বিষয়গুলো চিন্তা করুন-

ক) অধিবেশনের নির্ধারিত শিখনফল অর্জন উপযোগী কার্যাবলীপরিচালিত হয়েছে কিনা?

খ) অধিবেশন অংশগ্রহণমূলক ও আনন্দায়ক ছিল কি না?

গ) এই অধিবেশনের বিষয়বস্তু উপস্থাপনের পর এতদসংক্রান্ত বিষয়ে আরও জানার জন্য আগ্রহ সৃষ্টি করতে পেরেছে কি না?

সহায়ক তথ্য-১৬

প্রত্যাবেক্ষণের পূর্বের কাজ

১. প্রতিদিন নির্ধারিত সময়ের কমপক্ষে ৪৫ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে।
২. পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে খাতা নিয়ে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে।

৩. পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে উত্তর লেখার জন্য খাতা পরীক্ষার্থীদের মাঝে বিতরণ করতে হবে।
৪. খাতার নির্ধারিত জায়গায় পরীক্ষার্থীর নামসহ প্রয়োজনীয় তথ্য লেখার নির্দেশনা দিতে হবে।
৫. প্রবেশপত্রের বিপরীত পাশে লিখিত নির্দেশনা পরীক্ষার্থীরা পড়েছে কিনা এবং পড়ে বুঝেছে কি না তা জিজ্ঞাস করে জেনে নিন। না পড়ে থাকলে পড়ে বুঝিয়ে দিন।
৬. উত্তরপত্রে প্রয়োজনীয় মার্জিন এবং প্রত্যেক লাইনের মধ্যে যথোপযুক্ত ফাঁক রেখে উত্তর লিখতে নির্দেশনা দিন।
৭. পরীক্ষার কক্ষে কোনকিছুর প্রয়োজন হলে বা কোনো জিজ্ঞাসা থাকলে পরীক্ষার্থীকে কেবল দাঁড়িয়ে প্রত্যাবেক্ষকের দৃষ্টি আকর্ষণ করতে হবে একথা জানিয়ে দিন।
৮. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রে উল্লেখিত ২ ঘন্টা সময় ধরে উত্তর লিখতে পারবে-এ কথা জানিয়ে দিন। বিশেষ চাহিদাসম্পন্ন পরীক্ষার্থীদের জন্য অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবে বলে উল্লেখ করুন।
৯. পরীক্ষা সমাপ্তির পর প্রত্যেক পরীক্ষার্থীকে কর্তব্যরত প্রত্যাবেক্ষকের নিকট উত্তরপত্র দাখিল করে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে হবে একথা জানিয়ে দিতে হবে।

প্রত্যাবেক্ষণকালীন কাজ

১. পরীক্ষা চলাকালীন সময়ে শিক্ষার্থীদের কোন প্রশ্ন বুঝতে সমস্যা হলে- প্রশ্নে কী চাওয়া হয়েছে তা বলে দিতে হবে।
২. প্রতিটি উত্তরপত্রের নির্দিষ্টস্থানে স্বাক্ষর করে তারিখ দিতে হবে।
৩. শিক্ষার্থীদের সাথে উত্তম আচরণ করতে হবে।
৪. শিক্ষার্থীদের যে কোন প্রশ্ন সাদরে গ্রহণ করতে এবং যথাসম্ভব হাসিমুখে তার জবাব দিতে হবে।
৫. পরীক্ষার হলে ভয়ভীতিহীন পরিবেশ বজায় রাখতে হবে।
৬. নির্ধারিত সময়ের ৫ মিনিট পূর্বে শিক্ষার্থীদের অবহিত করতে হবে যে, আর ৫মিনিট সময় বাকী আছে।
৭. নির্ধারিত সময় শেষ হওয়ার পর উত্তরপত্র সংগ্রহ করতে হবে।
৮. সকল উত্তরপত্র সংগ্রহ করার পর শিক্ষার্থীর সংখ্যার সাথে মেলাতে হবে।
৯. পরীক্ষার্থীদের হাজিরা সিটে স্বাক্ষর গ্রহণ করা।
১০. দায়িত্ব পালন কালে কোন সমস্যা দেখা দিলে তা তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে।

প্রত্যাবেক্ষণ উত্তর/পরবর্তী কাজ কাজ :

১. প্রত্যাবেক্ষক হিসেবে প্রতিটি পরীক্ষার্থীর খাতায় স্বাক্ষর করা আছে কি না তা যাচাই করে দেখতে হবে।
২. উত্তরপত্র ও হাজিরা সিট কেন্দ্র সচিব বা তার মনোনীত ব্যক্তির নিকট জমা দিতে হবে।
৩. পরীক্ষার হল বা কোন পরীক্ষার্থী সম্পর্কে কোন তথ্য দেওয়ার থাকলে তা কেন্দ্র সচিবকে অবহিত করতে হবে।
- ৪.

কর্মপত্র-৭

মতামতপত্র

যোগ্যতাভিত্তিক অভীক্ষা ব্যবহার করে শিখন মূল্যায়নের যৌক্তিকতার মতামত পত্র: প্রযোজ্য ক্ষেত্রে টিক(✓) দিন।

শিক্ষার্থীর শিখন যাচাই	শুধু জ্ঞানমূলক	শুধু জ্ঞানমূলক ও অনুধাবনমূলক	জ্ঞানমূলক, অনুধাবনমূলক ও প্রয়োগমূলক	শুধু জ্ঞানমূলক	শুধু জ্ঞানমূলক ও অনুধাবনমূলক	জ্ঞানমূলক, অনুধাবনমূলক ও প্রয়োগমূলক
	বহুনির্বাচনী অভীক্ষাপদ ব্যবহার করে			কাঠামোবদ্ধ অভীক্ষাপদ ব্যবহার করে		
খুব দরকার						

দরকার						
সামান্য দরকার						
দরকার নেই						

দিন-৩
অধিবেশন-৪

১। অধিবেশন শিরোনাম: মূল্যায়ন অনুশীলন ও উত্তরপত্র মূল্যায়ন পর্যালোচনা

২। মূলভাব: অনুশীলনের মাধ্যমে কোন কাজের দক্ষতা অর্জিত হয়। কোন কাজ যত অনুশীলন করা যাবে, ততই সে কাজে অনুশীলনকারী দক্ষ হয়ে ওঠবেন, এ কথা প্রমানিত সত্য। পক্ষান্তরে পর্যালোচনার মাধ্যমে পেশাগত দক্ষতা উন্নয়নের দিক নির্দেশনা পাওয়া যায়। গঠনমূলক দিক নির্দেশনা অনুসরণের মাধ্যমে পেশাগত দক্ষতা উন্নয়ন অব্যাহত রাখা সম্ভব। এ অধিবেশন সে সুযোগ সৃষ্টি করবে।

৩। সময়: ১ ঘণ্টা ১৫ মিনিট

৪। শিখনফল: অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

- মার্কিং স্কিম অনুসরণে উত্তরপত্র মূল্যায়ন করতে পারবেন।
- গঠনমূলকভাবে মূল্যায়ন পর্যালোচনা করতে পারবেন।

৫। সহায়ক সামগ্রী : ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর/ফ্লিপচার্ট/পোস্টার পেপার/বিষয়ভিত্তিক উত্তরপত্র ইত্যাদি।

৬। পদ্ধতি ও কৌশল: মিথস্ক্রিয়া, জোড়ায় ও দলীয় আলোচনা, প্লেনারি আলোচনা ইত্যাদি।

৭। কার্যাবলি:

কাজ-১: মার্কিং স্কিম অনুসরণে উত্তরপত্র মূল্যায়ন করা

সময়: ৩০ মিনিট

- প্রত্যেক অংশগ্রহণকারীকে একটি করে বিষয়ভিত্তিক উত্তরপত্র দিন (আপনার উপজেলার মডেল টেস্টের প্রশ্নপত্র, উত্তরপত্র ও মার্কিং স্কিম সংগ্রহ করে রাখুন)। বিশেষভাবে উল্লেখ্য যে, উত্তর পত্রের কভার পৃষ্ঠা অবশ্যই যেন প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা-২০১৪-এর অনুরূপ হয়। বিষয়ভিত্তিক মার্কিং স্কিমের/ নির্দেশনার আলোকে উত্তর মূল্যায়ন করতে বলুন। এজন্য ২০ মিনিট সময় দিন। নির্দেশ দিন যে, কভার পৃষ্ঠায় যথাযথভাবে মূল্যায়নকৃত নম্বর লিখতে হবে। মূল্যায়নকারীকে নাম লিখতে ও স্বাক্ষর করতে বলুন।
- মূল্যায়নকৃত উত্তরপত্রগুলো সংগ্রহ করণ ও প্রধান পরীক্ষকদের দিয়ে মূল্যায়ন করার জন্য সংরক্ষণ করণ।

কাজ-২: প্রধান পরীক্ষক হিসেবে মার্কিং স্কিম অনুসরণে উত্তরপত্র মূল্যায়ন করা

সময়: ৩০ মিনিট

- প্রত্যেক অংশগ্রহণকারীকে বিষয়ভিত্তিক প্রধান পরীক্ষকের ভূমিকা পালন করতে বলুন। প্রত্যেককে একটি করে বিষয়ভিত্তিক উত্তরপত্র দিন। বিষয়ভিত্তিক মার্কিং স্কিমের/ নির্দেশনার আলোকে উত্তর মূল্যায়ন করতে বলুন। এজন্য ২০ মিনিট সময় দিন। প্রধান পরীক্ষক হিসেবে মূল্যায়নকৃত উত্তরপত্রের নির্ধারিত স্থানে নাম ও স্বাক্ষর করতে বলুন।
- এবার প্রধান পরীক্ষক হিসেবে মূল্যায়নকারীর (পরীক্ষকের) মূল্যায়ন মান নিরূপন করণ। যথাযথভাবে মূল্যায়নের জন্য 'ক'; ১০% মূল্যায়ন পার্থক্যের জন্য 'খ'; ৩০% মূল্যায়ন পার্থক্যের জন্য 'গ' এবং ৪০% মূল্যায়ন পার্থক্যের জন্য গ্রেড প্রদান করণ। উল্লেখ্য 'গ' ও 'ঘ' গ্রেড প্রাপ্ত পরীক্ষকগণ পরবর্তী বছরের জন্য পরীক্ষক হিসেবে দায়িত্ব পালনে অযোগ্য বলে বিবেচিত হবে।

কাজ-৩: গঠনমূলকভাবে মূল্যায়ন পর্যালোচনা

৩০ মিনিট

- প্লেনারি আলোচনার আয়োজন করণ। উত্তরপত্র মূল্যায়ন অধিবেশনের কার্যক্রমের বিভিন্ন দিক সম্পর্কে অংশগ্রহণকারীদের গঠনমূলক পর্যালোচনা করতে বলুন। সকলের অংশগ্রহণ নিশ্চিত করণ।
- প্রয়োজনীয় ফলাবর্তন দিন এবং অধিবেশনের সমাপ্তি ঘোষণা করণ।

৭। মূল্যায়ন:

সময়: ৫ মিনিট

অধিবেশনের শিখনফল অর্জিত হয়েছে কি না তা নিম্নরূপে পর্যবেক্ষণ করে যাচাই করণ।

ক) উত্তরপত্র মূল্যায়নকারী হিসেবে প্রধান পরীক্ষকের করণীয় কী?

খ) মার্কিং স্কিম কী? প্রধান পরীক্ষকের জন্য মার্কিং স্কিমের প্রয়োজনীয়তা কী?

৮। অনুচিন্তন: অধিবেশন শেষে অধিবেশনের বিষয়বস্তু উপস্থাপনা, ব্যবহৃত পদ্ধতি ও কৌশল ইত্যাদির মান নিরূপণ ও বৃদ্ধির জন্য নিম্নের বিষয়গুলো চিন্তা করণ-

ক) অধিবেশনের নির্ধারিত শিখনফল অর্জন উপযোগী কার্যাবলী পরিচালিত হয়েছে কিনা?

খ) অধিবেশন অংশগ্রহণমূলক ও আনন্দায়ক ছিল কি না?

এই অধিবেশনের বিষয়বস্তু উপস্থাপনের পর এতদসংক্রান্ত বিষয়ে আরও জানার জন্য আগ্রহ সৃষ্টি করতে পেরেছে কি না?

সহায়ক তথ্য-১৭

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা-২০১৪

জেলা:

অফিসের ব্যবহারের জন্য

নিরীক্ষকের স্বাক্ষর	
প্রধান পরীক্ষকের স্বাক্ষর	

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা-২০১৪

উপজেলা/থানা:

জেলা:

অফিসের ব্যবহারের জন্য

প্রশ্ন নং	উপক্রমিক প্রাপ্ত নম্বর					প্রাপ্ত নম্বর							
	(১)	(২)	(৩)	(৪)	(৫)								
১	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)								
	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)								
	(১৬)	(১৭)	(১৮)	(১৯)	(২০)								
	(২১) হতে (৪০) উপক্রমিক প্রাপ্ত মোট নম্বর												
	২	ক	খ	গ	ঘ		ঙ	চ	ছ	জ	ঝ	ঞ	
	৩	ক	খ	গ	ঘ		ঙ	চ	ছ	জ	ঝ	ঞ	
	৪	ক	খ	গ	ঘ		ঙ	চ	ছ	জ	ঝ	ঞ	
৫	ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ	ঞ			
৬	ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ	ঞ			
৭													
৮													
৯													
১০													
১১													
১২													
১৩													
১৪													
১৫													
১৬													
প্রাপ্ত সর্বমোট নম্বর													

পরীক্ষার্থীর

নাম:

রোল নম্বর:

বিষয়:

কেন্দ্রের নাম:

পরীক্ষার্থীর স্বাক্ষর:

পরীক্ষার তারিখ:

.....

ইনভিজিলেটরের স্বাক্ষর, পূর্ণ নাম ও তারিখ

অতিরিক্ত লুজ শিট সরবরাহকারী ইনভিজিলেটর প্রতিটির জন্য নিম্নে একটি করে স্বাক্ষর করবেন:

১।

২।

৩।

৪।

৫।



অতিরিক্ত লুজ শিট সংখ্যা কক্ষ পরিদর্শক (১+১+...
এভাবে) লিপিবদ্ধ
করবেন:

পরীক্ষকের স্বাক্ষর ও পরীক্ষক নং	
---------------------------------	--

বিস্তৃত শিক্ষাক্রম
বিষয়: বাংলা ভাষা
পঞ্চম শ্রেণি

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	ভাববস্তু	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ (প্রযোজ্য ক্ষেত্রে)
ভাষাদক্ষতা: শোনা					
১. বাংলা ভাষার গঠন- বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা লাভ করা।	১.১ বাংলা যুক্তবর্ণ সহযোগে গঠিত শব্দ শুনে বুঝতে পারবে। ১.২ সহজ বাক্য শুনে বুঝতে পারবে। ১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘো ষণা, আদেশ, উপদেশ শুনে বুঝতে পারবে।	১.১.১ - ১.২.১ উচ্চারিত পঠিত বাক্য, কথা মনোযোগ সহকারে শুনবে। ১.৩.১ নির্দেশনা শুনে পালন করবে। ১.৩.২ আদেশ শুনে পালন করবে। ১.৩.৩ উপদেশ শুনে পালন করবে। ১.৩.৪ ঘোষণা শুনে বুঝতে পারবে। ১.৩.৫ অনুরোধ শুনে বুঝতে পারবে। ১.৩.৬ শুদ্ধ উচ্চারণে প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। ১.৩.৭ রেডিও- টেলিভিশন সহ দর্শন ও শ্রুতি মাধ্যমের সংবাদ শুনে বুঝতে পারবে।	গদ্য- ১. দেশ ও মানুষ / স্বদেশ প্রেম ২. কুটির শিল্প/ লোকশিল্প ৩. মহৎ মানুষের জীবনী ৪. বিজ্ঞান ও পরিবেশ / আবিষ্কার ৫. প্রাণিজগৎ ৬. ধর্ম/ নৈতিকতা/ মূল্যবোধ/ চরিত্র গঠন ৭. রূপকথা / উপকথা/ লোককাহিনি ৮. গল্প ৯. বীরশ্রেষ্ঠ ১০. মুক্তিযুদ্ধ ১১. পুরাকী র্ত ১২. অভিযান ১৩. হাস্যরস/ রম্যরচনা ১৪. নাট্যাংশ ১৫. ঐতিহ্য	১. বাংলাদেশের প্রাকৃতিক বৈচিত্র্য - বাংলাদেশের মানুষের জীবনধারা ও আবহমান সংস্কৃতি - বাংলাদেশের ঘরবাড়ি, পশুপাখি - বাংলাদেশের পিঠাপুলি - বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা ২. -মৃৎশিল্প - বাংলাদেশের নকশিকাঁথা - বাঁশ, বেত ও কাঠের কাজ - কাঁসা, পিতল ও লোহার কাজ ৩. বিশিষ্ট কবি- সাহিত্যিক, খ্যাতিমান বিজ্ঞানী বা দেশবরেণ্য রাজনীতিবিদের জীবনকথা ৪. মহাকাশ জয়ে মানুষের অভিযান/ বিপন্ন পরিবেশ/ বিজ্ঞানের আবিষ্কার/ মহাবিশ্বের কথা/সাগরতলের রহস্য/-প্রাকৃতিক দুর্যোগ/ জলবায়ু পরিবর্তন ৫. বিলুপ্তপ্রায় প্রাণি/সুন্দরবনের প্রাণিজগৎ ৬. ধর্মের মূলবাণী অবলম্বনে গল্প / সততার গল্প/ নৈতিকতা/ নীতিবোধ বিষয়ে	শোনা প্রিয়/বিষয়-সংশ্লিষ্ট কবিতা আবৃত্তি শোনা প্রিয়/বিষয়-সংশ্লিষ্ট গান শোনা বলা প্রিয়/বিষয়-সংশ্লিষ্ট কবিতা আবৃত্তি করা প্রিয়/বিষয়-সংশ্লিষ্ট গান গাওয়া কৌতুক বলা ধাঁধা বলা কোনো কিছু দেখে কথায়

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	ভাববস্তু	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ (প্রয়োজ্য ক্ষেত্রে)
				গল্প/ চরিত্র গঠন বিষয়ে সহজ গল্প (পাঠ) ৭. দেশ বিদেশের রূপকথা/ বাংলাদেশের লোক কাহিনি ৮. সহজ ছোট গল্প ৯. একজন বীরশ্রেষ্ঠের কথা	
২. ছড়া, কবিতা, রূপকথা, গল্প ইত্যাদি শ্রুতিগ্রাহ্য সাহিত্য শুনে বুঝতে পারা ও আনন্দ লাভ করা।	২.১ ছড়া ও কবিতা শুনে মূল বিষয় ও ভাব অনুধাবন করতে পারবে। ২.২ গল্প ও রূপকথা শুনে ঘটনা, মূল বিষয় ও ভাব বুঝতে ও উপভোগ করতে পারবে।	২.১.১ ছড়া শুনে মূল ভাব বুঝতে পারবে। ২.১.২ কবিতা শুনে মূল ভাব বুঝতে পারবে। ২.৩.১ গল্প শুনে মূল বিষয় বুঝতে পারবে। ২.৩.২ গল্প শুনে মূলভাব বুঝতে পারবে। ২.৩.৩ রূপকথা শুনে মূল বিষয় বুঝতে পারবে। ২.৩.৪ রূপকথা শুনে মূলভাব বুঝতে পারবে।	১৬. ভ্রমণ ১৭. শহীদ বুদ্ধিজীবী	১০. একজন মুক্তিযোদ্ধার কাহিনি/ মুক্তিযুদ্ধের ঘটনা/ গল্প ১১. বাঙালির হিমালয় অভিযান (মুসা ইব্রাহিম) ১২. শিশুতোষ হাস্যরসাত্মক বা রম্য গল্প	বর্ণনা করা বেতার অনুষ্ঠান শুনে কথায় বর্ণনা করা কোনো বস্তু বা ব্যক্তির কাজ কথায় বর্ণনা করা বক্তৃতা, বিতর্ক ও ঘোষণায় অংশ নেওয়া পড়া গল্প পড়ে ভালো লাগা অংশের সরব পাঠ নাটকীয় সংলাপের সরব পাঠ লেখা কোনো কিছু দেখে লিখে প্রকাশ করা কোনো বস্তু বা ব্যক্তির কাজ লিখে বর্ণনা করা
৩. কথো পকথন, বর্ণনা ইত্যাদি শ্রুতিগ্রাহ্য বিষয় শুনে বুঝতে পারা।	৩.১ নাটকের সংলাপ ও বর্ণনা শুনে বুঝতে পারবে। ৩.২ - ৩.৩ - ৩.৪ - ৩.৫ পাঠে ও অন্যান্য রচনায় ব্যবহৃত সংখ্যাচক শব্দ শুনে	৩.১.১ নাটকের সংলাপ শুনে বুঝতে পারবে। ৩.১.২ বর্ণনা শুনে বুঝতে পারবে। ৩.২ - ৩.৩ - ৩.৪ - ৩.৫.১ পাঠে ও অন্যান্য রচনায় ব্যবহৃত সংখ্যাচক শব্দ শুনে বুঝতে পারবে	কবিতা ১. ছন্দপ্রধান ২. স্বাধীনতা ৩. ভাষা ৪. প্রকৃতি ৫. উদ্দীপনা ৬. কাহিনিমূলক ৭. হাস্যরসাত্মক/ ব্যঙ্গ কবিতা	১৪. শিশুতোষ নাটকের অংশ বিশেষ ১৫. মসলিনের কথা ১৫. জাপান/ইউরো প/আমেরিকা/ সার্কভুক্ত দেশে কিংবা বাংলাদেশের দর্শনীয় স্থানে ভ্রমণ ১৭. শহীদ বুদ্ধিজীবীদের কথা ১৮. উপমহাদেশের স্বাধীনতা সংগ্রামের গল্প	বিবিধ গল্পের বই পড়ে অভিমন্যু প্রকাশ (চরিত্র বর্ণনা, গল্পের সমাপ্তি সম্পর্কে মতামত, পত্রিকার খবর পড়ে বর্ণনা করা (পড়া ও বলা) শ্রুতলিপি (শোনা ও লেখা) কোন বিষয়ে বা সমস্যা সমাধানে দলগত আলোচনা করা পত্রমিতালি করা ও পত্রবন্ধুদের

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	ভাববস্তু	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ (প্রয়োজ্য ক্ষেত্রে)
	বুঝতে পারবে।				সম্পর্কে বলা
ভাষাদক্ষতা: বলা					
১. বাং লা ভাষার গঠন- বৈশিষ্ট্য সম্পর্কিত ধারণা প্রয়োগ করে কথা বলতে পারা।	১.১ যুক্তবর্ণ সহযোগে তৈরি শব্দ ও অনুরূপ শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। ১.২ - ১.৩ নির্দেশ দিতে এবং অনুরোধ, প্রশ্ন ও ঘোষণা করতে পারবে।	১.১.১ যুক্তবর্ণ সহযোগে তৈরী শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। ১.১.২ যুক্তবর্ণ সহযোগে তৈরী শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। ১.২ - ১.৩.১ নির্দেশ দিতে পারবে। ১.৩.২ অনুরোধ করতে পারবে। ১.৩.৩ শুদ্ধ উচ্চারণে প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। ১.৩.৪ শুদ্ধ উচ্চারণে ঘোষণা করতে পারবে।	৮. নীতিকথা / উপদেশ ৯. মানবতাবোধ ১০. নির্মল আনন্দ ১১. বিশ্ব ভ্রাতৃত্ব ১২. প্রার্থনা ১৩. অনুবাদ কবিতা ১৪. গ্রামীণ জীবন/ নগরজীবন/ ১৫. প্রকৃতি/ ঋতু		বোধশক্তি পরীক্ষা (শোনা, বলা, পড়া ও লেখা) পরিকল্পিত অগ্রগতি যাচাই পরীক্ষায় অংশগ্রহণ সাক্ষাৎকার গ্রহণ জরিপে অংশ নেওয়া দেয়াল পত্রিকা তৈরি পোস্টার তৈরি বর্ণ/ শব্দ নিয়ে খেলা (বলা/ লেখা) সৃজনশীল কাজে অংশ নেওয়া (একক ও দলগত)
২. ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথ ন, বর্ণনা ইত্যাদি বুঝে বলতে পারা।	২.১ প্রমিত উচ্চারণে ও ছন্দ বজায় রেখে কবিতা আবৃত্তি করতে পারবে। ২.২ কবিতা সম্পর্কিত প্রশ্নের উত্তর এবং কবিতার মূলভাব বলতে পারবে। ২.৩ - ২.৪ গল্প ও রূপকথার	২.১.১ প্রমিত উচ্চারণে ও ছন্দ বজায় রেখে কবিতা আবৃত্তি করতে পারবে। ২.২.১ কবিতা সম্পর্কিত প্রশ্নের উত্তর দিতে পারবে। ২.২.২ কবিতার মূলভাব বলতে পারবে। ২.২.৩ প্রমিত উচ্চারণে ও ছন্দ বজায় রেখে সমমানের কবিতা আবৃত্তি করতে পারবে। ২.৩.১ - ২.৪.১ গল্পের মূল বিষয় বলতে পারবে। ২.৪.২ গল্পের মূলভাব			

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	ভাববস্তু	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ (প্রযোজ্য ক্ষেত্রে)
	<p>মূল বিষয় ও ভাব বলতে পারবে।</p> <p>২.৫ নাটকের সংলাপ বলতে পারবে ও বিষয় বর্ণনা করতে পারবে।</p> <p>২.৬ -</p> <p>২.৭ বাংলা দেশের প্রাকৃতিক বৈচিত্র্য সম্পর্কে বলতে পারবে।</p> <p>২.৮ পাঠে ও অন্যান্য ক্ষেত্রে ব্যবহৃত সংখ্যাবাচক শব্দ গুণভাবে বলতে পারবে।</p>	<p>বলতে পারবে।</p> <p>২.৪.৩ রূপকথার মূল বিষয় বলতে পারবে।</p> <p>২.৪.৪ রূপকথার মূলভাব বলতে পারবে।</p> <p>২.৫.১ নাটকের সংলাপ বলতে ও বিষয় বর্ণনা করতে পারবে।</p> <p>২.৫.২ নাটকের অভিনয়ে অংশ নিতে পারবে।</p> <p>২.৫.৩ সহজ বিষয় বর্ণনা করতে পারবে।</p> <p>২.৬.১ -</p> <p>২.৭.১ বাংলাদেশের প্রাকৃতিক বৈশিষ্ট্য সম্পর্কে বলতে পারবে।</p> <p>২.৭.২ বাংলাদেশের প্রাকৃতিক বৈচিত্র্য সম্পর্কে বলতে পারবে।</p> <p>২.৮.১ পাঠে ব্যবহৃত সংখ্যাবাচক শব্দ গুণভাবে বলতে পারবে।</p> <p>২.৮.২ অন্যান্য ক্ষেত্রে ব্যবহৃত সংখ্যাবাচক শব্দ গুণভাবে বলতে পারবে।</p>			
৩. সহপাঠী ও অন্যদের সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারা।	<p>৩.১ প্রমিত উচ্চারণে সকলের সঙ্গে কথা বলতে পারবে।</p> <p>৩.২ আনুষ্ঠা নিক আনুষ্ঠানিক পরিবেশে</p>	<p>৩.১.১ প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে।</p> <p>৩.২.১ সম্মান ও সৌজন্য প্রকাশ করে কথা বলতে পারবে।</p>			

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	ভাববস্তু	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ (প্রয়োজ্য ক্ষেত্রে)
	মৌখিক আদব- কায়দাসহ কথা বলতে পারবে।				
৪. বিভিন্ন বিষয়ে মতামত প্রদান ও অনুভূতি ব্যক্ত করতে পারা।	৪.১ বিভিন্ন বিষয়ে যুক্তিসহ মত ও অনুভূতি প্রকাশ করতে পারবে।	৪.১.১ বিভিন্ন বিষয়ে মত প্রকাশ করতে পারবে। ৪.১.২ বিভিন্ন বিষয়ে অনুভূতি প্রকাশ করতে পারবে।			
ভাষাদক্ষতা: পড়া					
১. স্পষ্ট, শুদ্ধ ও প্রমিত উচ্চারণে পড়তে পারা।	১.১ - ১.২ - ১.৩ পাঠে ও সমমানের বইয়ে ব্যবহৃত যুক্তব্যঞ্জন সংবলিত শব্দ ও বাক্য শুদ্ধভাবে পড়তে পারবে। ১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের পাঠ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে সাবলীলভাবে পড়তে পারবে। ১.৫ বিরাম চিহ্ন দেখে অর্থযতি ও	১.১.১ - ১.২.১ - ১.৩.১ পাঠে ব্যবহৃত যুক্তব্যঞ্জন সম্বলিত শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। ১.৩.২ পাঠে ব্যবহৃত যুক্তব্যঞ্জন সম্বলিত শব্দ যোগে গঠিত বাক্য সাবলীলভাবে পড়তে পারবে। ১.৩.৩ সমমানের বইয়ে ব্যবহৃত যুক্তব্যঞ্জন সম্বলিত শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। ১.৩.৪ সমমানের বইয়ে ব্যবহৃত যুক্তব্যঞ্জন সম্বলিত শব্দ যোগে গঠিত বাক্য সাবলীলভাবে পড়তে পারবে। ১.৪.১ পাঠ্যপুস্তকের পাঠ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে			

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	ভাববস্তু	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ (প্রয়োজ্য ক্ষেত্রে)
	শ্বাসযতি বজায় রেখে স্তবক ও অনুচ্ছেদ পড়তে পারবে।	সাবলীলভাবে পড়তে পারবে। ১.৪.২ সমমানের বইয়ের পাঠ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে সাবলীলভাবে পড়তে পারবে। ১.৫.১ বিরাম চিহ্ন দেখে অর্থযতি ও শ্বাসযতি বজায় রেখে স্তবক সাবলীলভাবে পড়তে পারবে। ১.৫.২ বিরাম চিহ্ন দেখে অর্থযতি ও শ্বাসযতি বজায় রেখে সাবলীলভাবে অনুচ্ছেদ পড়তে পারবে।			
২. ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথ ন, বর্ণনা ইত্যাদি পড়ে মূলভাব বুঝতে পারা।	২.১ পাঠ্যবই ও সমমানের বইয়ের ছড়া ও কবিতা পড়ে মূলভাব বুঝতে পারবে। ২.২ পাঠ্যবই ও সমমানের বইয়ের ছড়া ও কবিতা দেখে দেখে সাবলীলভ াবে আবৃত্তি করতে	২.১.১ পাঠ্যবইয়ের ছড়া পড়ে মূলভাব বুঝতে পারবে। ২.১.২ পাঠ্যবইয়ের কবিতা পড়ে মূলভাব বুঝতে পারবে। ২.১.৩ সমমানের বইয়ের ছড়া পড়ে মূলভাব বুঝতে পারবে। ২.১.৪ সমমানের বইয়ের কবিতা পড়ে মূলভাব বুঝতে পারবে। ২.২.১ পাঠ্যবইয়ের ছড়া সাবলীলভাবে আবৃত্তি করতে পারবে। ২.২.২ পাঠ্যবইয়ের কবিতা সাবলীলভাবে আবৃত্তি করতে পারবে।			

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	ভাববস্তু	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ (প্রয়োজ্য ক্ষেত্রে)
	পারবে। ২.৩ - ২.৪ গল্প ও রূপকথার পড়ে মূল বিষয় ও ভাব বুঝতে পারবে। ২.৫ নাটকের সংলাপ ও নির্দিষ্ট বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে। ২.৬ পাঠে ও অন্যান্য রচনায় ব্যবহৃত সংখ্যাবাচক শব্দ পড়তে পারবে। ২.৭ বাংলাদেশের প্রাকৃতিক বৈচিত্র্য বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।	২.২.৩ সমমানের বইয়ের ছড়া সাবলীলভাবে আবৃত্তি করতে পারবে। ২.২.৪ সমমানের বইয়ের কবিতা সাবলীলভাবে আবৃত্তি করতে পারবে। ২.৩.১ - ২.৪.১ গল্প পড়ে মূল বিষয় বুঝতে পারবে। ২.৪.২ গল্প পড়ে মূলভাব বুঝতে পারবে। ২.৪.৩ রূপকথা পড়ে মূল বিষয় বুঝতে পারবে। ২.৪.৪ গল্পকথা পড়ে মূলভাব বুঝতে পারবে। ২.৫.১ নাটকের সংলাপ পড়ে বুঝতে পারবে। ২.৫.১ নির্দিষ্ট বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে। ২.৬.১ পাঠে ব্যবহৃত সংখ্যাবাচক শব্দ পড়তে পারবে। ২.৬.২ অন্যান্য রচনায় ব্যবহৃত সংখ্যাবাচক শব্দ পড়তে পারবে। ২.৭.১ বাংলাদেশের প্রাকৃতিক বৈচিত্র্য বিষয়ে বর্ণনা পড়তে পারবে। ২.৭.২ বাংলাদেশের প্রাকৃতিক বৈচিত্র্য বিষয়ে বর্ণনা পড়ে বুঝতে পারবে।			
৩. হাতের	৩.১ নিজের ও	৩.১.১ নিজের লেখা			

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	ভাববস্তু	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ (প্রয়োজ্য ক্ষেত্রে)
লেখা ও মুদ্রিত লেখা পড়তে পারা।	অন্যের লেখা চিঠি, দরখাস্ত ও ফরম পড়তে পারবে। ৩.২ বিভিন্ন ধরনের সহজ সংকেত/ নির্দেশ, ব্যক্তি ও প্রতিষ্ঠানে র নামফলক , বিজ্ঞাপন, দেয়ালপ ত্র, প্রচারপত্র ইত্যাদি পড়তে ও বুঝতে পারবে। ৩.৩ পাঠ্যপু স্তকের সমমানসম্প ন্ন শিশুতোষ বই এবং শিশুদের পাতা পত্রিকা পড়ে বুঝতে পারবে।	দরখাস্ত পড়তে পারবে। ৩.১.২ নিজের লেখা ফরম পড়তে পারবে। ৩.১.৩ অন্যের লেখা দরখাস্ত পড়তে পারবে। ৩.১.৪ অন্যের লেখা ফরম পড়তে পারবে। ৩.২.১ বিভিন্ন ধরনের সহজ সংকেত/ নির্দেশ পড়ে বুঝতে পারবে। ৩.২.২ ব্যক্তির নামফলক পড়তে ও বুঝতে পারবে। ৩.২.৩ প্রতিষ্ঠানের নামফলক পড়তে ও বুঝতে পারবে। ৩.২.৪ বিভিন্ন ধরনের বিজ্ঞাপন পড়ে বুঝতে পারবে। ৩.২.৫ দেয়ালপত্র পড়ে বুঝতে পারবে। ৩.২.৬ বিভিন্ন ধরনের সহজ প্রচারপত্র পড়ে বুঝতে পারবে। ৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ বই পড়ে বুঝতে পারবে। ৩.৩.২ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ ম্যাগাজিন পড়তে পারবে। ৩.৩.৩ পত্র-পত্রিকার শিশুদের পাতা পড়ে বুঝতে পারবে।			

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	ভাববস্তু	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ (প্রয়োজ্য ক্ষেত্রে)
ভাষাদক্ষতা : লেখা					
১. স্পষ্ট, পরিচ্ছন্ন ও গুদ্রভাবে লেখতে পারা।	১.১ - ১.২ - ১.৩ - ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে নতুন নতুন শব্দ গঠন করে বাক্যে প্রয়োগ করতে পারবে। ১.৫ পাঠ ও পাঠবহির্ভূত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। ১.৬ বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য লেখতে পারবে। ১.৭ পাঠে ও অন্যান্য রচনায় ব্যবহৃত সংখ্যাবাচক শব্দ লিখতে পারবে। ১.৮ পাঠ ও পাঠবহির্ভূত ত	১.১.১ - ১.২.১ - ১.৩.১ - ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙ্গে লিখতে পারবে। ১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে নতুন নতুন শব্দ লেখতে পারবে। ১.৪.৩ যুক্তব্যঞ্জন সহযোগে গঠিত নতুন নতুন শব্দ ব্যবহার করে বাক্য লিখতে পারবে। ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। ১.৫.২ পাঠ বহির্ভূত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। ১.৬.১ বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে। ১.৭.১ পাঠে ব্যবহৃত সংখ্যাবাচক শব্দ লেখতে পারবে। ১.৭.২ অন্যান্য রচনায় ব্যবহৃত সংখ্যাবাচক শব্দ লেখতে পারবে। ১.৮.১ পঠিত বিষয়ে শ্রুতলিপি লেখতে পারবে। ১.৮.২ পাঠবহির্ভূত বিষয়ে শ্রুতলিপি			

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	ভাববস্তু	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ (প্রয়োজ্য ক্ষেত্রে)
	শ্রুতলিপি লিখতে পারবে।	লিখতে পারবে।			
২. ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদির বিষয়বস্তু ও মূলভাব বুঝে লিখতে পারা।	২.১ পাঠ্যবই ও সমমানের বইয়ের ছড়া ও কবিতা লিখতে পারবে। ২.২ - ২.৩ পাঠ্যবই ও সমমানের বইয়ের ছড়া, কবিতা, গল্প, রূপকথা, কথোপকথন, বর্ণনা ইত্যাদির বিষয়ে পড়ে মূলভাব লিখতে পারবে।	২.১.১ পাঠ্যবইয়ের ছড়া লিখতে পারবে। ২.১.২ পাঠ্যবইয়ের কবিতা লিখতে পারবে। ২.১.৩ সমমানের বইয়ের ছড়া লিখতে পারবে। ২.১.৪ পাঠ্যবই বইয়ের কবিতা লিখতে পারবে। ২.১.৫ সমমানের বইয়ের কবিতা লিখতে পারবে। ২.২.১ - ২.৩.১ পাঠ্যবইয়ের ছড়ার মূলভাব লিখতে পারবে। ২.৩.২ পাঠ্যবইয়ের কবিতার মূলভাব লিখতে পারবে। ২.৩.৩ পাঠ্যবইয়ের গল্প পড়ে মূলভাব লিখতে পারবে। ২.৩.৪ পাঠ্যবইয়ের রূপকথা পড়ে মূলভাব লিখতে পারবে। ২.৩.৫ কথোপকথনে র বিষয় পড়ে লিখতে পারবে। ২.৩.৬ পাঠ্যবইয়ের নির্দিষ্ট বিষয়ের বর্ণনা পড়ে মূলভাব লিখতে পারবে।			

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	ভাববস্তু	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ (প্রয়োজ্য ক্ষেত্রে)
	২.৪ - ২.৫ বাংলা দেশের প্রাকৃতিক বৈচিত্র্য বিষয়ের বর্ণনা লিখতে ও প্রশ্নোত্তর লিখতে পারবে।	২.৩.৭ সমমানের বইয়ের ছড়ার মূলভাব লিখতে পারবে। ২.৩.৮ সমমানের বইয়ের কবিতার মূলভাব লিখতে পারবে। ২.৩.৯ সমমানের রূপকথা পড়ে মূলভাব লিখতে পারবে। ২.৩.১০ সমমানের গল্প পড়ে মূলভাব লিখতে পারবে। ২.৩.১১ সমমানের নির্দিষ্ট বিষয়ে বর্ণনা পড়ে মূলভাব লিখতে পারবে। ২.৩.১২ পাঠসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। ২.৪.১ ২.৫.১ বাংলাদেশের প্রাকৃতিক বৈচিত্র্য বিষয়ের বর্ণনা লিখতে পারবে। ২.৫.২ বাংলাদেশের প্রাকৃতিক বৈচিত্র্য বিষয়-সংশ্লিষ্ট প্রশ্নোত্তর লিখতে পারবে।			
৩. পর্যবেক্ষণ, অভিজ্ঞতা ও মনোভাব গুণ্ড ও স্পষ্টভাবে নিজের ভাষায় লিখে প্রকাশ করতে পারা।	৩.১ ছবি দেখে দৃষ্ট বিষয়ে রচনা লিখতে পারবে। ৩.২ অভিমত সহ পরিচিত পরিবেশ ও অভিজ্ঞতা র বিবরণ	৩.১.১ ছবি দেখে দৃষ্ট বিষয়ে রচনা লিখতে পারবে। ৪.১.১ অভিমত সহ পরিচিত পরিবেশ ও অভিজ্ঞতার বিবরণ লিখতে পারবে। ৩.৩.১ সহজ ভাষায় রচনা লিখতে পারবে।			

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	ভাববস্তু	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ (প্রয়োজ্য ক্ষেত্রে)
	লিখতে পারবে। ৩.৩ সহজ ভাষায় রচনা লিখতে পারবে।	৩.৩.২ পাঠবহির্ভূত কোন বিষয়ে নিজের মনোভাব লিখতে পারবে।			
৪. সাধারণ চিঠি ও দরখাস্ত লিখতে পারা এবং ফরম পূরণ করতে পারা।	৪.১ সহজ ভাষায় চিঠি, দরখাস্ত লিখতে ও ফরম পূরণ করতে পারবে। ৪.২ - ৪.৩ -	৪.১.১ সহজ ভাষায় চিঠি লিখতে পারবে। ৪.১.২ দরখাস্ত লিখতে পারবে। ৪.১.৩ ফরম পূরণ করতে পারবে। ৪.২.১ - ৪.৩.১ -			

Curriculum
Subject : English
Class-5

TERMINAL COMPETENCIES	ATTAINABLE COMPETENCIES	LEARNING OUTCOMES	CONTENTS	PLANNED ACTIVITIES
Listening				
1. to recognize basic English sound differences, stress and intonation.	<p>1.1 to recognize sound differences in the context of words.</p> <p>1.2 to recognize which syllable in a word is stressed.</p> <p>1.3 to recognize which words in a sentence are stressed.</p> <p>1.4 to recognize and use intonation patterns for Wh- and Yes/No questions, greetings and statements.</p>	<p>Students will be able to :</p> <p>1.1.1 recognize sound differences in the context of words.</p> <p>1.2.1 recognize which syllable in a word is stressed.</p> <p>1.3.1 recognize which words in a sentence are stressed.</p> <p>1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.</p> <p>1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.</p>	<p>Words, phrases, sentences showing sound differences.</p> <p>Sounds : / / / / / / / /</p> <p>Words with stressed syllables.</p> <p>Sentences with stress on different words showing different meanings.</p> <p>Sentences and dialogues using statements, greetings, introduction questions, answers and farewells to practise intonation.</p>	<p>T. activities: Teacher says words, phrases clearly focusing on sounds.</p> <p>Ss. activities: Students listen and repeat. Identify words they hear from minimal pairs. Students listen to audio text or Teacher reading a dialogue to become familiar to rising and falling intonation patterns.</p>
2. to understand simple commands, instructions and requests and carry them out.	<p>2.1 to carry out simple commands and instructions.</p> <p>2.2 to carry out a set of commands and instructions.</p>	<p>Students will be able to :</p> <p>2.1.1 carry out simple commands and instructions.</p> <p>2.2.1 carry out a set of commands and</p>	<p>Commands and instructions. (dialogues, recipes, Announcements), etc.</p> <p>Requests (short</p>	<p>T. activities: Teacher uses textbook, audio tape or CD, and demonstrates instructions/ commands/ requests.</p> <p>Ss. activities:</p>

TERMINAL COMPETENCIES	ATTAINABLE COMPETENCIES	LEARNING OUTCOMES	CONTENTS	PLANNED ACTIVITIES
	b) The hare thought that the tortoise is far behind. or, He thought if he slept the tortoise couldn't catch him.	1 mark for writing either of the given sentences or writing any similar meaning sentence.
	g) We should not laugh at the small creature. One can achieve the goal when he/she do work steadily. We should not keep any work incomplete.	1 marks each for writing the given 3 sentences or their equal meaning sentences. The students will be awarded if the written sentences bear communicative purposes.

7.

Questions	Answers	Marking Instructions
Rearrange the given sentences to make a meaningful story: “ 1 x5=5 The people who were on the spot took the boy t a nearest hospital. One day a boy was crossing a busy road on foot. But finally the doctors could not save the boy from the cruel death. The boy was given emergency treatment there. At that time a truck ran over the boy and the boy was seriously wounded.	One day a boy was crossing a busy road on foot. At that time a truck ran over the boy and the boy was seriously wounded. The people who were on the spot took the boy to a nearest hospital. The boy was given emergency treatment there. But finally the doctors could not save the boy from the cruel death.	1 marks each for writing each sentence in correct orde.

8.

Questions	Answers	Marking Instructions
8. Rewrite the following sentences using capital letters and punctuation marks where necessary: 1x5=5 how are you rahim asks karim	“How are you, Rahim” ask Karim.	1 marks each for writing capital letters and punctuation marks correctly.

9.

Questions	Answers	Marking Instructions
(a) must, maintain, discipline, we. (b) she, does, where, live? (c) policy, the, honesty, best, is. (d) believes, who, liar, a? (e) my, gardening, hobby, is.	(a) We must maintain discipline., (b) Where does she live? (c) Honesty is the best policy. (d) Who believes a liar? (e) Gardening is my hobby.	1 marks each for rewriting the each sentence correctly.

10.

Questions	Answers	Marking Instructions
(a) জন্মদিন একটি স্মরণীয় দিন। (b) ধীর ও স্থির ভাবে দৌড়ে জেতা যায়। (c) দশটা পাঁচ মিনিট বাজে। (d) কক্সবাজার সবচেয়ে জনপ্রিয় পর্যটন কেন্দ্র (e) বাদল জিনিসপত্র তৈরিতে দক্ষ।	a) Birthday is a memorable day. b) Slow and steady wins the race. c) It is ten past five minutes. d) Cox's bazar is the most popular tourist palce. e) Badal is expert/ at home in making things.	1 marks each for writing each Bangla sentence into English correctly.

11.

Questions	Answers	Marking Instructions
Maria can not see the spring day. She can't see the lovely flowers. She can not see the green leaves on the trees. She can not see the colours because she is visually impaired. She has been visually impaired since birth. 1x5=5	মারিয়া বসন্তের দিন দেখতে পারে না। সে সুন্দর ফুল দেখতে পারে না। সে সবুজ পাতা দেখতে পারে না। সে রং দেখতে পারে না কারণ সে দৃষ্টিপতিবন্ধী। সে জন্ম থেকে দৃষ্টিপতিবন্ধী।	1 marks each for writing each English sentence into Bangla properly.

12.

Questions	Answers	Marking Instructions
Suppose you are Salma/Sumon. You want to go the hospital. Now you make a dialogue using would or could to ask a man. 5		1 mark for each speech line. If anyone writes more than 5 speech lines, they should not be penalized.

13.

Questions	Answers	Marking Instructions
Suppose your name is Mim/Mamun. Your parents are Ms Nahida and Abu Sayed. Your date of birth is 24 January, 2003. You are going to	Name: Mamun Father's Name: Abu sayed Mother's Name: Ms Nahida Date of Birth: 24 January, 2003 Class in Which admission is for: 5 Signature: Mamun	1 marks each for writing information against each blank correctly.

admitted to a new school. Now fill in the following form.		
---	--	--

14.

Questions	Answers	Marking Instructions
<p>14. Write a short composition on- ‘the olympic game’ 10</p> <p>(a) What is the olympic game?</p> <p>(b) How many countries participate in it?</p> <p>(c) Where does the tradition of olympic games come from?</p> <p>(d) Who is the father of modern olympic games?</p> <p>(f) How many athletes compete is the olympic games?</p>		<p>a) 1 mark each for writing 5 sentences for given each question.</p> <p>b) 1 mark for writing atleast 3 sentences using correct capital letters.</p> <p>c) 1 mark for writing 2 sentences using correct verb form.</p> <p>d) 1 mark for less than 5 incorrect spelling in the writing.</p> <p>e) 1 mark for writing 10 sentences.</p> <p>f) 1 mark for using relevant vocabulary</p>

14.

Questions	Answers	Marking Instructions
<p>15.</p> <p>Suppose you are Jimi/Jony. You are going to celebrate your next Birthday. Now write a letter to your friend Ruma/Rony to attend the party. 10</p>		<p>a) 1 mark for writing heading & date either right or left top corner</p> <p>b) 1 mark for writing the greeting or salutation, for example, (Formal)Dear Simin/My dear Simin, (Informal) Hi Simin/ Hi</p> <p>c) 6 marks for writing the body of the letter.</p> <p>*1 marks for writing when the birthday is celebrating,</p> <p>*1 marks for how it is celebrating,</p> <p>*1 marks for inviting the friend,</p> <p>*1 marks for writing atleast 3 sentences in the body part.</p> <p>*1 marks for writing 2 grammatically correct sentences.</p> <p>*1 marks for using relevant vocabulary.</p> <p>d) 1 marks for Closing, for example: (formal)Your loving friend/ your friend/ (Informal) Love</p> <p>e) 1 marks for Sender name/signature</p>

-o-

মডেল টেস্ট-১, ময়মনসিংহ সদর
(প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৩ এর জন্য)

মার্কিং স্কীম/ উত্তরপত্র মূল্যায়ন নির্দেশনা
বিষয়: গণিত, পূর্ণমান - ১০০

তারিখ: ০৮ অক্টোবর ২০১৩

সাধারণ নির্দেশনা:

৫. একটি পুরো উত্তরপত্র একজন মার্কার/পরীক্ষক কর্তৃক মূল্যায়ন করতে হবে।
৬. মার্কিং স্কীমে বিকল্প উত্তরমালাসহ প্রতিটি উত্তর সঠিক বলে গণ্য হবে।
৭. মার্কিং স্কীমে উত্তরমালার বাইরে যদি পরীক্ষার্থীর উত্তর সঠিক হয় তবে তাকে যথাযথ/নির্ধারিত নম্বর প্রদান করতে হবে।
৮. গাণিতিক সমস্যা সমাধানে পাঠ্যবইয়ের উদাহরণ অনুসরণযোগ্য। তবে পাঠ্যবইয়ের বাইরের গ্রহণযোগ্য সমস্যা সমাধান প্রক্রিয়ায়ও যথাযথ নম্বর প্রদান করতে হবে।
৯. পরীক্ষার্থীর কোন প্রশ্নের জবাবে/মূল্যায়নে ০ (শূন্য) নম্বর প্রদান করার পূর্বে ভালভাবে চিন্তা করতে হবে।
১০. মূল্যায়ন সম্পর্কিত যে কোনো জটিলতায় প্রধান পরীক্ষকের সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবেন। অধিক প্রয়োজনে নেপ এর বিষয় বিশেষজ্ঞগণের সাথে আলোচনা করা যেতে পারে।

(১, ২, ৩ এবং ১৩ নং প্রশ্নসহ ১০টি প্রশ্নের উত্তর দিতে হবে।)

আবশ্যিক প্রশ্ন-১: বহু নির্বাচনী অভীক্ষাপদ (যোগ্যতাভিত্তিক) (i-x):

- প্রতিটি প্রশ্নের ৪টি বিকল্প উত্তর দেওয়া আছে। তা থেকে শুধুমাত্র সঠিক উত্তরটি বাছাই করে খাতায় লিখতে হবে। উদাহরণস্বরূপ, যদি কোনো পরীক্ষার্থী প্রশ্ন- ১। এর i) এ উত্তর হিসেবে 'ঘ/ ঘ. উৎপাদক/ উৎপাদক' - এর যে কোনো একটি লিখলে পূর্ণ নম্বর পাবে।
- প্রতিটি প্রশ্নের সঠিক উত্তর প্রদানের জন্য ১ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর প্রদান করা যাবে।
- ১নং এর ১০টি বহু নির্বাচনী অভীক্ষাপদের প্রাপ্ত নম্বর উত্তরপত্রের কভার পেইজে ১নং এর উপক্রমিক (১) থেকে (১০) এ প্রাপ্ত নম্বর উঠাতে হবে। যা পরবর্তীতে টেস্ট আইটেম অ্যানালাইসিস/ গবেষণা সংক্রান্ত কাজে ব্যবহৃত হবে।

১। সঠিক উত্তরটির ক্রমিক নং উত্তরপত্রে লেখ:

১ × ১০ =

১০

i) গুণনীয়কের অপর নাম কী?

ক. লসাগু

খ. গসাগু

গ. গড়

ঘ. উৎপাদক

উত্তর: ঘ

ii) ১ হেক্টর = কত?

ক. ১০০০ বর্গমিটার

খ. ১০০ বর্গমিটার

গ. ১০, ০০০ বর্গমিটার

ঘ. ১০ বর্গমিটার

উত্তর: গ

iii) ১৫% = কত?

ক. $\frac{৫}{২}$

খ. $\frac{৩}{২০}$

গ. $\frac{১}{১০}$

ঘ. $\frac{৭}{৫০}$

উত্তর: খ

iv) ভাজক ২৩, ভাগফল ৪০৯ ও ভাগশেষ ৮। ভাজ্য কত?

ক. ৭০০৫

খ. ৯৪১৫

গ. ৮১৪৯

ঘ. ৬৫২০

উত্তর: খ

v) লাভ বা ক্ষতি কিসের ওপর নির্ভর করে?

ক. দ্রব্যের ওপর

খ. বিক্রয়মূল্যের ওপর

গ. ক্রয়মূল্যের ওপর

ঘ. বিক্রোতার ওপর

উত্তর: গ

vi) $1.0 - 0.1 + 0.01 =$ কত?

ক. ০.৯১ খ. ০.৮০

গ. ১.১১ ঘ. ০.৯৯


উত্তর: ক

vii) যে ভগ্নাংশের লব হর অপেক্ষা বড় তা-

ক. প্রকৃত ভগ্নাংশ খ. অপ্রকৃত ভগ্নাংশ

গ. মিশ্র ভগ্নাংশ ঘ. কোনটিই নয়

উত্তর: খ

viii)  একটি বর্গ হলে \angle খগঘ = কত?

ক. ৮০° খ. ১৮০°

গ. ১০০° ঘ. ৯০°

উত্তর: ঘ

ix) $৭৮ \times ২৫ + (৭৮ \div ৩)$ কত?

ক. ১৯৫ খ. ১৯৭৬

গ. ১৯৮০ ঘ. ৭৫

উত্তর: খ

x) কোনটি যোগের সংক্ষিপ্ত রূপ?

ক. যোগফল খ. গুণ

গ. ভাগ ঘ. সরল

উত্তর: খ

আবশ্যিক প্রশ্ন-২: সংক্ষেপে উত্তর দাও (ক-এ৩):

- প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ নম্বর পাবে। ১০টি প্রশ্নের সঠিক উত্তরের জন্য সর্বোচ্চ ১০ নম্বর পাবে।
- সমাধান প্রক্রিয়াসহ যথাযথ উত্তর/ অর্থবোধক বাক্য/ শুধুমাত্র সঠিক উত্তর লিখলে পূর্ণ ১ নম্বর দেওয়া যাবে।

২. নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর উত্তরপত্রে লিখ:

$১ \times ১০ = ১০$

ক) নিঃশেষে বিভাজ্য না হলে ভাজক = কত?

সমাধান: ভাজ্য = ভাজক \times ভাগফল + ভাগশেষ

খ) কত লিটার = ১ ঘন লিটার?

সমাধান: ১ ঘনলিটার = ১০০০ লিটার

গ) ৮৫° কোণের পূরক কোণ কত ডিগ্রী?

সমাধান: ৮৫° কোণের পূরক কোণ হলো ৫° ।

ঘ) গড় নির্ণয়ের সূত্রটি লেখ।

সমাধান: গড় = রাশিগুলোর যোগফল \div রাশিগুলোর সংখ্যা

ঙ) বৃত্তের কেন্দ্রগামী জ্যা কে কী বলে?

সমাধান: বৃত্তের কেন্দ্রগামী জ্যা কে ব্যাস বলে।

চ) ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্রটি লেখ।

সমাধান: ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ (ভূমি \times উচ্চতা)

ছ) লসাগু এর পূর্ণ রূপ কী?

সমাধান: লসাগু এর পূর্ণ রূপ হলো লঘিষ্ঠ সাধারণ গুণিতক।

জ) মুনাফা = কী?

সমাধান: মুনাফা = $\frac{\text{হার} \times \text{আসল} \times \text{সময়}}{১০০}$

ঝ) স্থূলকোণী ত্রিভুজের কয়টি সূক্ষকোণ থাকে?

সমাধান: স্থূলকোণী ত্রিভুজের দুইটি সূক্ষকোণ থাকে।

ঞ) খোলা বাক্য কী?

সমাধান: অক্ষর প্রতীক বা অজানা সংখ্যা বা রাশি নির্দেশ করে এমন প্রতীক সংবলিত গাণিতিক বাক্যকে খোলা বাক্য বলে।
যেমন, $(ক+৫) \times ৩ = ৪৫$ ।

৩. ৩৮ হালি কলার দাম ১২১৬ টাকা হলে-
ক) ১টি কলার দাম কত? $\frac{১২১৬}{৩৮} = ৮$

$$২ \times ৫ = ১০$$

সমাধান: ১টি কলার দাম = $\frac{১২১৬}{৩৮}$ টাকা = ৮ টাকা

খ) ১ ডজন কলার দাম কত?

সমাধান: ১ ডজন কলার দাম = ৮×১২ টাকা = ৯৬ টাকা

গ) ১২৮ টাকায় কয়টি কলা পাওয়া যাবে?

সমাধান: ১২৮ টাকায় কলা পাওয়া যাবে $(১২৮ \div ৮)$ টি = ১৬ টি

ঘ) ১ ডজন আর ১টি কলার দামের পার্থক্য কত?

সমাধান: ১ ডজন আর ১টি কলার দামের পার্থক্য হলো = $(৯৬ - ৮)$ টাকা = ৮৮ টাকা

ঙ) কত টাকা থাকলে ১০টি কলা পাওয়া যাবে?

সমাধান: ১০টি কলার দাম = (৮×১০) টাকা = ৮০ টাকা

সুতরাং ৮০ টাকা থাকলে ১০টি কলা পাওয়া যাবে।

প্রশ্ন ৪ - ১২ নং পর্যন্ত যে কোন ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে :

- প্রতিটি প্রশ্নের পূর্ণমান ১০। যৌক্তিক ধাপ বা যথাযথ সমাধান প্রক্রিয়া অবলম্বন করে সঠিকভাবে সমস্যা সমাধান করে প্রত্যাশিত উত্তর লিখলে প্রতিটির জন্য পূর্ণ নম্বর প্রদান করতে হবে।
- পরীক্ষার্থী গাণিতিক সমস্যা সমাধানে: (ক) সমস্যা অনুধাবন (Understanding the Problem) তথা সমস্যাটিতে কী কী দেওয়া আছে, কী কী তথ্য অজানা রয়েছে অথবা তথ্য দেওয়া আছে যা দরকার নেই, কী বের করতে বলা হয়েছে, (খ) সমস্যা সমাধান প্রক্রিয়া (Process), (গ) সঠিক হিসাব-নিকাশ (Calculation) এবং (ঘ) প্রত্যাশিত উত্তর প্রদান (Expected Answer) প্রভৃতি দিকগুলোর প্রতি খেয়াল রেখে মূল্যায়নকৃত নম্বর প্রদান করতে হবে।
- সমস্যা সমাধানে প্রত্যাশিত উত্তর পর্যন্ত পরীক্ষার্থী না পৌঁছলেও তার সমস্যা অনুধাবন ও যথাযথ সমস্যা সমাধান প্রক্রিয়ার ওপর আংশিক নম্বর প্রদান করতে হবে।
- কোনো পরীক্ষার্থী যদি ৪ থেকে ১২ পর্যন্ত ৬টির বেশি প্রশ্নের উত্তর প্রদান করে, সেক্ষেত্রে পরীক্ষার্থীর উত্তরপত্রে ধারাবাহিকভাবে প্রথম ৬টি প্রদত্ত উত্তর/সমাধান বিবেচনায় এনে অবশিষ্টগুলো অতিরিক্ত (মূল্যায়ন বহির্ভূত) লিখে দিতে হবে।

নম্বর বন্টন

৪. একটি কাজ ৩০ জন লোক ১৮ দিনে সম্পন্ন করতে পারে। কাজটি ১২ দিনে সম্পন্ন করতে হলে আরও কতজন লোকের প্রয়োজন হবে?

সমাধান:

কাজটি ১৮ দিনে সম্পন্ন করতে পারে ৩০ জন লোকে

\therefore " ১ " " " " " ৩০×১৮ " "

\therefore " ১২ " " " " " $\frac{৩০ \times ১৮}{১২}$ " = ৪৫ জন লোকে

\therefore আরও লোক নিয়োগ করতে হবে = $(৪৫ - ৩০)$ জন = ১৫ জন

৫. অপু ও দীপুর গড় বয়স ২২ বছর, দীপু ও টীপুর গড় বয়স ২৪ বছর। অপু বয়স ২১ বছর; দীপু ও টীপুর বয়স কত?

সমাধান:

যেহেতু অপু ও দীপুর গড় বয়স ২২ বছর

সুতরাং, অপু ও দীপুর মোট বয়স (২২×২) বছর = ৪৪ বছর

\therefore অপু বয়স ২১ বছর হলে দীপুর বয়স হবে $(৪৪ - ২১)$ বছর = ২৩ বছর

আবার, যেহেতু দীপু ও টীপুর গড় বয়স ২৪ বছর

সুতরাং, দীপু ও টীপুর মোট বয়স (২৪×২) বছর = ৪৮ বছর

\therefore টীপুর বয়স হবে $(৪৮ - ২৩)$ বছর = ২৫ বছর

সুতরাং, দীপু ও টীপুর বয়স যথাক্রমে ২৩ বছর ও ২৫ বছর।

৬. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ১৩৭, ২১২ ও ৪৫২ কে ভাগ দিলে প্রতি ক্ষেত্রে ২ অবশিষ্ট থাকে।

সমাধান:

সুতরাং, নির্ণেয় সংখ্যাটি হবে (১৩৭-২) বা, ১৩৫, (২১২-২) বা, ২১০ এবং (৪৫২-২) বা ৪৫০ এর গসাণ্ড। →

এবার ১৩৫, ২১০ এবং ৪৫০ এর এর গসাণ্ড নির্ণয় করি।

$$১৩৫ = ৩ \times ৩ \times ৩ \times ৫$$

$$২১০ = ২ \times ৩ \times ৫ \times ৭$$

$$৪৫০ = ২ \times ৩ \times ৩ \times ৫ \times ৫$$

সুতরাং, সংখ্যাগুলোর গসাণ্ড = $৩ \times ৫ = ১৫$

সুতরাং, নির্ণেয় সংখ্যাটি ১৫।

} →

৭. মিজান সাহেবের সম্পত্তির $\frac{৩}{২০}$ অংশের মূল্য ৬০,০০০ টাকা। ঔ সম্পত্তির $\frac{১}{১০}$ অংশের মূল্য কত?

সমাধান:

যেহেতু মিজান সাহেবের সম্পত্তির,

$\frac{৩}{২০}$ অংশের মূল্য ৬০,০০০ টাকা →

\therefore ১ বা সম্পূর্ণ অংশের মূল্য $\frac{৬০,০০০ \times ২০}{৩}$ টাকা = ৪,০০,০০০ টাকা →

\therefore $\frac{১}{১০}$ অংশের মূল্য $\frac{৪০,০০০}{১০}$ টাকা = ৪০,০০০ টাকা। →

সুতরাং, মিজান সাহেবের সম্পত্তি অংশের মূল্য ৪০,০০০ টাকা।

৮. উর্মি ও মৌমি যথাক্রমে ১কুড়ি লিচুর .৫ অংশ ও .৪ অংশ করে নিল। প্রত্যেকে কয়টি করে লিচু পেল?

সমাধান:

এক কুড়ি লিচু = ২০টি লিচু →

\therefore উর্মি লিচু নিল (২০ \times .৫) টি = ১০.০ টি = ১০টি →

\therefore মৌমি লিচু নিল (২০ \times .৪) টি = ৮.০ টি = ৮টি →

সুতরাং, উর্মি ও মৌমি লিচু পেল যথাক্রমে ১০টি ও ৮ টি।

৯. একটি কলম ৫০ টাকায় কিনে ৫৫ টাকায় বিক্রয় করা হলো। এতে শতকরা কত লাভ হলো?

সমাধান:

কলমটি ৫০ টাকায় কিনে ৫৫ টাকায় বিক্রয় করায় মোট লাভ হলো = (৫৫-৫০) টাকা = ৫ টাকা। →

৫০ টাকায় লাভ হয় ৫ টাকা →

১ " " " " $\frac{৫}{৫০}$ " →

১০০ " " " $\frac{৫ \times ১০০}{৫০}$ " = ১০ টাকা →

সুতরাং, নির্ণেয় লাভ ১০%।

১০. একটি ত্রিভুজাকার ক্ষেত্রের ভূমির পরিমাপ ৫৬ মিটার ও উচ্চতা ২৪ মিটার। ক্ষেত্রফল কত?

সমাধান:

দেওয়া আছে, ত্রিভুজাকার ক্ষেত্রটির ভূমি = ৫৬ মিটার →

উচ্চতা = ২৪ মিটার

আমরা জানি,

ত্রিভুজাকার ক্ষেত্রের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times (\text{ভূমি} \times \text{উচ্চতা})$ বর্গ একক \rightarrow ২

\therefore উক্ত ত্রিভুজাকার ক্ষেত্রটির ক্ষেত্রফল = $(\frac{1}{2} \times ৫৬ \times ২৪)$ বর্গ মিটার
= ৬৭২ বর্গমিটার \rightarrow ৬

সুতরাং, ত্রিভুজাকার ক্ষেত্রটির ক্ষেত্রফল = ৬৭২ বর্গমিটার।

১১. একটি বাঁশের $\frac{1}{2}$ অংশ কাদায়, $\frac{2}{5}$ অংশ পানিতে এবং বাকী অংশ পানির উপরে আছে। পানির উপরে কত অংশ আছে?

সমাধান:

বাঁশটির কাদায় আছে $\frac{1}{2}$ অংশ এবং পানিতে আছে $\frac{2}{5}$ অংশ

\therefore কাদায় ও পানিতে মোট আছে $(\frac{1}{2} + \frac{2}{5})$ অংশ = $\frac{1+2}{5}$ অংশ = $\frac{3}{5}$ অংশ \rightarrow ৫

ধরি, বাঁশটির সম্পূর্ণ অংশের দৈর্ঘ্য ১

\therefore পানির উপরে আছে = $(1 - \frac{3}{5})$ অংশ = $\frac{5-3}{5}$ অংশ = $\frac{2}{5}$ অংশ \rightarrow ৫

১২. দুইটি সংখ্যার গুণফল ৪৩২৯০। একটি সংখ্যা ৫৫৫ হলে অপরটি কত?

সমাধান:

দেওয়া আছে, দুইটি সংখ্যার গুণফল ৪৩২৯০ এবং এর একটি সংখ্যা ৫৫৫ \rightarrow ২

\therefore অপর সংখ্যাটি = $(৪৩২৯০ \div ৫৫৫)$

এখানে,

$$\begin{array}{r} ৫৫৫ \overline{) ৪৩২৯০} \\ \underline{৩৮৮৫} \\ ৪৪৪০ \\ \underline{৪৪৪০} \\ ০ \end{array}$$

\therefore অপর সংখ্যাটি = ৭৮।

১৩. (ক) চোখের আন্দাজে একটি বর্গ আঁক যার প্রতিটি বাহুর দৈর্ঘ্য ৪ সেমি।

(খ) চিত্রসহ সংজ্ঞা লেখ (যে কোনো দুইটি):

আয়ত, সামান্তরিক, রম্বস


সমাধান:

(ক) এর নম্বর বণ্টন:

- সঠিকভাবে ৪সেমি বাহুবিশিষ্ট বর্গ অঙ্কনের জন্য = ২ নম্বর
- বর্গ বা অক্ষর দিয়ে চিত্রের বর্ণনা/ব্যখ্যা/বিশ্লেষণ = ২ নম্বর

[বর্গ অঙ্কন নির্দেশনা:

১. ৪ সেমি দৈর্ঘ্যের একটি রেখা আঁকুন।
২. দুইটি ত্রিভুজাকৃতি রুলার ব্যবহার করে অঙ্কিত রেখার দুই প্রান্তে ৪ সেমি পরিমাণ দুইটি লম্বরেখা আঁকুন।
৩. রেখা দুইটির অপর প্রান্তগুলো সংযুক্ত করুন।]



(খ) এর নম্বর বণ্টন:

প্রতিটি/ যে কোনটির চিত্রসহ সংজ্ঞা লিখনে-

- সঠিকভাবে চিত্র অঙ্কন = ১ নম্বর
- বর্গ বা অক্ষর দিয়ে বর্ণনা/ব্যখ্যা/বিশ্লেষণ = ১ নম্বর
- যথাযথ সংজ্ঞা লিখন = ১ নম্বর

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ
প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৩
মডেল মার্কিং নির্দেশনা
বিষয়: পরিবেশ পরিচিতি বিজ্ঞান
পূর্ণমান - ১০০

বহু নির্বাচনী প্রশ্ন (MCQ)

১ নং প্রশ্নের জন্য মার্কিং নির্দেশনা :

- শিক্ষার্থী সঠিক উত্তরটি উত্তরপত্রে লিখবে।
- কোন শিক্ষার্থী যদি শুধুমাত্র সঠিক উত্তরের ক্রমিকটি উত্তরপত্রে লিখলেও পূর্ণ নম্বর পাবে।
- প্রতি প্রশ্নের সঠিক উত্তরের জন্য পূর্ণ নম্বর পাবে। আংশিক নম্বর প্রদানের কোন সুযোগ নাই।
অর্থাৎ প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ নম্বর পাবে। ৪০টি প্রশ্নের সঠিক উত্তরের জন্য সর্বোচ্চ $(1 \times 40) = 40$ নম্বর পাবে।
- ভুল উত্তরের জন্য কোন নম্বর পাবে না।
- বানান ভুলের জন্য কোন নম্বর কর্তন করা যাবে না।
- নম্বর প্রদানের ক্ষেত্রে কোনরূপ কাটা কিংবা ঘষা-মাজা কিংবা ওভার রাইটিং করা যাবে না।
- প্রদত্ত নম্বর কোন কারণে সংশোধনের প্রয়োজন হলে একটানে কেটে পার্শ্বে অনুস্বাক্ষর করতে হবে।
- অস্পষ্টতা কিংবা দুর্বোধ্যতার কারণে হাতের লেখা পড়তে না পারলে কোন নম্বর দেয়া যাবে না।

১। সঠিক উত্তরটি খাতায় লেখ-

- (১) কোন যানবাহনটি বায়ু দূষিত করে?
ক) মটরগাড়ি
- (২) কোনটি জীবের শরীরে শক্তি উৎপাদনে প্রধান ভূমিকা রাখে?
খ) ভাত
- (৩) পানি ও বায়ু কোন ধরনের পদার্থ?
ক) স্বচ্ছ পদার্থ
- (৪) বালি ও লোহার গুঁড়োর মিশ্রণ থেকে কী দিয়ে তুমি লোহার গুঁড়োকে আলাদা করবে?
ঘ) চুম্বক দণ্ড
- (৫) পৃথিবীর প্রকৃত আকার কেমন?
ক) গ্লোব আকৃতির
- (৬) বেশি ভিটামিন ও মিনারেল পাওয়ার জন্য তুমি নিচের কোন সারির খাদ্যগুলো বেশি খাবে?
ক) ফল ও সবজি
- (৭) নিচের কোন সারির দুটি উদ্ভিদে ফুল হয় না?
গ) শৈবাল, ছত্রাক
- (৮) নিচের কোন প্রাণীটি কম পানি খেয়ে বাঁচতে পারে?
গ) উট
- (৯) নিচের কোনটি এক প্রান্ত হতে অন্য প্রান্তে দ্রুত তথ্য বা সংবাদ প্রেরণ করতে ব্যবহার করা হয়?
খ) ইন্টারনেট
- (১০) নিচের কোনটি কৃষি ক্ষেত্রের প্রযুক্তি?
খ) পাওয়ার টিলার
- (১১) কোনটি প্রযুক্তির দ্বারা প্রভাবিত নয়?
ঘ) দিন ও রাত্রির দৈর্ঘ্য
- (১২) তুমি তোমার এলাকার মানুষকে নিচের কোন রং এর নলকূপের পানি পান করতে নিষেধ করবে?
খ) লাল
- (১৩) নিচের কোন লক্ষণটি দেখে তুমি বুঝবে একজন লোক সোয়াইন ফ্লুতে আক্রান্ত হয়েছে?
গ) নাক দিয়ে পানি
- (১৪) কোনটি অনবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ?
খ) বায়ু
- (১৫) অনেক তথ্য অল্প জায়গাতে এবং সহজে বহন করার জন্য তুমি নিচের কোন যন্ত্রটি ব্যবহার করবে?
ক) পেনড্রাইভ
- (১৬) সাইকাস কোন ধরনের উদ্ভিদ?
খ) নগ্নবীজী উদ্ভিদ

- (১৭) কাশফুল কোন ঋতুতে ফোটে?
গ) শরৎ
- (১৮) কোনটি অমেরুদণ্ডী প্রাণী?
গ) চিথড়ি
- (১৯) তাপে কোন ভিটামিন নষ্ট হয়?
গ) ভিটামিন 'সি'
- (২০) শীতকালীন ফল কোনটি?
ক) কমলালেবু
- (২১) কোন প্রাণীটি ফুলকার সাহায্যে শ্বাসকার্য চালায়?
খ) মাছ
- (২২) সামুদ্রিক মাছে কোনটি প্রচুর পরিমাণে পাওয়া যায়?
খ) আয়োডিন
- (২৩) কোনটি বায়ুবাহিত রোগ?
গ) জন্ডিস
- (২৪) কোনটি বিদ্যুৎ পরিবাহী?
ঘ) মানুষের দেহ
- (২৫) কোনটি ছোঁয়াচে রোগ?
গ) পাঁচড়া
- (২৬) বিষধর সাপের কয়টি বিষদাঁত থাকে?
ক) দুটি
- (২৭) স্যালাইন তৈরির উপাদান নয় কোনটি?
ঘ) লেবুর রস
- (২৮) নিচের কোনটি যকৃৎের রোগ?
গ) জন্ডিস
- (২৯) কোনটি পদার্থ নয়?
গ) শব্দ
- (৩০) কোনটি মৌলিক পদার্থ?
গ) নিয়ন
- (৩১) আদমশুমারি কত বছর অন্তর হয়?
খ) দশ বছর
- (৩২) নিচের চারটির মধ্যে কোনটি উপগ্রহ?
গ) মঙ্গল
- (৩৩) শরীরের ভেতরে ভাঙা হাড়কে শনাক্ত করতে কোনটি ব্যবহার করা হয়?
ক) এক্স-রে
- (৩৪) রেডিও টেলিভিশনে কীভাবে তথ্য প্রবাহ হয়?
ঘ) একমুখী ও দ্বিমুখী
- (৩৫) মাটি দূষণের জন্য দায়ী -
ক) প্লাস্টিক
- (৩৬) কোনটি স্বচ্ছ পদার্থ?
গ) বায়ু
- (৩৭) পরিবেশ দূষণের প্রাকৃতিক কারণ কোনটি?
খ) বর্জ্য পোড়ান
- (৩৮) কম্পিউটারের যে অংশ তথ্য প্রক্রিয়া করে তাকে কী বলে?
গ) মাইক্রোপ্রসেসর
- (৩৯) পরীক্ষা-নিরীক্ষা থেকে প্রাপ্ত জ্ঞানকে কী বলা হয়?
গ) বিজ্ঞান
- (৪০) সৌরজগতের কোনটির নিজের আলো আছে?
গ) সূর্য

২। নিচের বাক্যগুলো উত্তরপত্রে লিখে উপযুক্ত শব্দ দ্বারা শূন্যস্থান পূরণ কর।

মার্কিং নির্দেশনা:

- শিক্ষার্থীরা উপযুক্ত শব্দ উত্তরপত্রে লিখলে প্রতিটির জন্য ১ নম্বর পাবে। অর্থাৎ ১০টি সঠিক শূন্যস্থাপনা উপযুক্ত শব্দের জন্য সর্বোচ্চ (১X১০) = ১০ নম্বর পাবে।
- বানান ভুলের জন্য কোন নম্বর কাটা যাবে না।
- বানান ভুল বা অন্য কোন কারণে আংশিক নম্বর দেয়া যাবে না।
- নম্বর প্রদানের ক্ষেত্রে কোনরূপ কাটা কিংবা ঘষা-মাজা কিংবা ওভার রাইটিং করা যাবে না।
- প্রদত্ত নম্বর কোন কারণে সংশোধনের প্রয়োজন হলে একটানে কেটে পার্শ্বে অনুস্বাক্ষর করতে হবে।
- অস্পষ্টতা কিংবা দুর্বোধ্যতার কারণে হাতের লেখা পড়তে না পারলে কোন নম্বর দেয়া যাবে না।

উত্তর

ক) খাদ্য	চ) নিরাপদ
খ) বাস্প	ছ) আলো
গ) পরিবেশ	জ) পরিবেশকে
ঘ) পরমানু	ঝ) সম্পদ
ঙ) জাঙ্ক	ঞ) আদ্রতা

৩। সংক্ষেপে উত্তর লেখ

মার্কিং নির্দেশনা:

- শিক্ষার্থীরা ১০টি প্রশ্নের সবগুলোর উত্তর সংক্ষেপে লিখবে। প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য শিক্ষার্থীরা ১ নম্বর পাবে। অর্থাৎ ১০টি সঠিক উত্তরের সর্বোচ্চ (১X১০) = ১০ নম্বর পাবে।
- ভুল উত্তরের জন্য কোন নম্বর পাবে না।
- বানান ভুলের জন্য কোন নম্বর কর্তন করা যাবে না।
- হাতের লেখা ভাল-মন্দে কারণে নম্বর প্রদানের ক্ষেত্রে কোন রকম প্রভাব ফেলা যাবে না।
- শিক্ষার্থী পাঠ্যপুস্তকের নির্ধারিত উত্তরের বাইরেও কোন প্রশ্নের সঠিক উত্তর লিখলে নম্বর প্রদান করা যাবে।
- নম্বর প্রদানের ক্ষেত্রে কোনরূপ কাটা কিংবা ঘষা-মাজা কিংবা ওভার রাইটিং করা যাবে না।
- প্রদত্ত নম্বর কোন কারণে সংশোধনের প্রয়োজন হলে একটানে কেটে পার্শ্বে অনুস্বাক্ষর করতে হবে।
- অস্পষ্টতা কিংবা দুর্বোধ্যতার কারণে হাতের লেখা পড়তে না পারলে কোন নম্বর দেয়া যাবে না।

ক) একটি সংক্রামক রোগের নাম লেখ। উত্তর: এইডস একটি সংক্রামক রোগে।

খ) সবচেয়ে আধুনিক প্রযুক্তি কী? উত্তর: সবচেয়ে আধুনিক হলো তথ্যপ্রযুক্তি।

গ) নক্ষত্র কাকে বলে? উত্তর: যে সকল জ্যোতিষ্কের নিজস্ব আলো আছে তাদেরকে তারকা বা নক্ষত্র বলে।

ঘ) এসিড বৃষ্টি কী? উত্তর: সালফার ডাই-অক্সাইড মিশ্রিত বৃষ্টিকে এসিড বৃষ্টি বলে।

ঙ) উইন্ডমিল কী? উত্তর: বায়ু প্রবাহকে কাজে লাগিয়ে সেচের কাজে ব্যবহৃত প্রযুক্তি হল উইন্ডমিল।

চ) একটি কৃষি প্রযুক্তির নাম লেখ। উত্তর: ড্রামসিডার।

ছ) সবুজ উদ্ভিদ খাদ্য তৈরির সময় কোন গ্যাস গ্রহণ করে? উত্তর: সবুজ উদ্ভিদ খাদ্য তৈরির সময় কার্বন ডাই-অক্সাইড গ্রহণ করে।

জ) চিপসের প্যাকেটে কোন গ্যাস ব্যবহার করা হয়? উত্তর: চিপসের প্যাকেটে নাইট্রোজেন গ্যাস ব্যবহার করা হয়।

ঝ) উদ্ভিদ মাটি থেকে কীসের সাহায্যে পুষ্টি উপাদান শোষণ করে? উত্তর: উদ্ভিদ মূলের দ্বারা মাটি থেকে পুষ্টি উপাদান শোষণ করে।

ঞ) হাম ও বসন্ত রোগ জীবাণু কীসের মাধ্যমে ছড়ায়? উত্তর: হাম ও বসন্ত বায়ুর মাধ্যমে ছড়ায়।

৪। কাঠামোবদ্ধ প্রশ্ন (ক ও খ নং প্রশ্নসহ যে কোন আটটি প্রশ্নের উত্তর দাও):

মার্কিং নির্দেশনা:

- ১০টি প্রশ্ন হতে শিক্ষার্থীরা ক ও খ নং প্রশ্নসহ যে কোন ৮টি প্রশ্নের উত্তর লিখবে। অর্থাৎ ৮টি সঠিক উত্তরের সর্বোচ্চ (৫X৮) = ৪০ নম্বর পাবে। ৮ টির অতিরিক্ত প্রশ্নের উত্তর লিখলে কোন নম্বরের পাবে না।
- প্রশ্নের উত্তর পড়ে শিক্ষার্থীর বক্তব্য পরিষ্কার হলে এবং উত্তর প্রাসঙ্গিক হলে প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শিক্ষার্থীরা ৫ নম্বর করে পাবে।
- ভুল উত্তরের জন্য কোন নম্বর পাবে না।
- বানান ভুলের জন্য কোন নম্বর কর্তন করা যাবে না।
- নম্বর প্রদানের ক্ষেত্রে কোনরূপ কাটা কিংবা ঘষা-মাজা কিংবা ওভার রাইটিং করা যাবে না।
- প্রদত্ত নম্বর কোন কারণে সংশোধনের প্রয়োজন হলে একটানে কেটে পার্শ্বে অনুস্বাক্ষর করতে হবে।
- প্রশ্নের চাহিদা অনুযায়ী আংশিক সঠিক উত্তরের জন্য আংশিক নম্বর পাবে।
- শিক্ষার্থী পাঠ্যপুস্তকের নির্ধারিত উত্তরের বাইরেও কোন প্রশ্নের সঠিক উত্তর লিখলে নম্বর প্রদান করা যাবে।
- অস্পষ্টতা কিংবা দুর্বোধ্যতার কারণে হাতের লেখা পড়তে না পারলে কোন নম্বর দেয়া যাবে না।

- হাতের লেখা ভাল-মন্দের কারণে নম্বর প্রদানের ক্ষেত্রে কোন প্রভাব ফেলা যাবে না।

ক) বায়ু দূষণের পাঁচটি কারণ উল্লেখ কর।

বায়ু দূষণের কারণ-

- ১) ইটের ভাটা থেকে কাল ধোঁয়া নির্গত হওয়া।
- ২) কলকারখানা ও যানবাহনের কালো ধোঁয়া নির্গত হওয়া।
- ৩) রাস্তাঘাটে, নদীনালায়, যেখানে সেখানে ময়লা আবর্জনা ফেলা।
- ৪) কয়লার ব্যবহার বৃদ্ধি পাওয়া।
- ৫) রান্নার কাজে কাঠের জ্বালানী ব্যবহার করা।

(এ ছাড়াও বায়ু দূষণের যে কোন গ্রহণযোগ্য কারণ লিখলে পূর্ণ নম্বর পাবে)

৫টি বায়ু দূষণের কারণ লিখলে ৫ নম্বর পাবে। প্রতিটি সঠিক কারণের জন্য ১ নম্বর পাবে।

খ) সংক্রামক রোগ থেকে রক্ষা পাওয়ার জন্য তোমার ছোট ভাই মবিনকে পাঁচটি উপদেশ দাও।


সংক্রামক রোগ থেকে রক্ষা পাওয়ার জন্য আমার ভাইকে -

১. পরিষ্কার পরিচ্ছন্নডুব থাকতে বলবো।
২. যেখানে সেখানে কফ, খুতু ফেলতে নিষেধ করবো।
৩. হাচি, কাশি হলে মুখে হাত বা রুমাল দিয়ে ঢাকতে বলবো।
৪. জামা-কাপড়, বালিশ, বিছানা, চাদর ইত্যাদি পরিষ্কার রাখতে বলবো।

(এ ছাড়াও সংক্রামক রোগ থেকে রক্ষা পাওয়ার জন্য যে কোন গ্রহণযোগ্য কারণ লিখলে পূর্ণ নম্বর পাবে)

৫টি উপদেশ লিখলে ৫ নম্বর পাবে। প্রতিটি সঠিক উপদেশ জন্য ১ নম্বর পাবে।

গ) চিত্রসহ পানি চক্র ব্যাখ্যা কর।



চিত্র: পানি চক্র

চিত্রের জন্য ২ নম্বর পাবে। (বি.দ্র: পরীক্ষার্থীকে পেনসিল/কলম দিয়ে পানি চক্র দেখাবে)

সূর্যতাপ পুকুর, খাল, বিল, নদী ও সমুদ্রের পানিকে জলীয় বাষ্পে পরিণত করে। জলীয় বাষ্প বায়ুমন্ডলের উপরের দিকে উঠে ঠাণ্ডা হয়ে ক্ষুদ্র পানিকণায় পরিণত হয়। ক্ষুদ্র পানিকণা একত্রে হয়ে আকাশে মেঘ হিসাবে ঘুরে বেড়ায়। মেঘের পানিকণাগুলো একত্রিত হয়ে বৃষ্টিরূপে মাটিতে পড়ে। বৃষ্টির পানি গড়িয়ে গড়িয়ে নদীর পানির সাথে মেশে। এভাবে ভূ-পৃষ্ঠের পানি থেকে জলীয় বাষ্প, জলীয় বাষ্প থেকে মেঘ, মেঘ থেকে বৃষ্টি হিসেবে আবার ভূ-পৃষ্ঠে ফিরে আসে। এভাবে পানি চক্রাকারে ঘোরে।

(ব্যাখ্যার জন্য ৩ নম্বর পাবে)

ঘ) বায়ু প্রবাহ কী? বায়ু প্রবাহের তিনটি ব্যবহার লেখ।

বায়ু স্বাভাবিকভাবে উচ্চ চাপের স্থান থেকে নিম্নচাপের স্থানের দিকে চলাচল করে। একে বায়ু প্রবাহ বলে।

২ নম্বর

বায়ু প্রবাহের তিনটি ব্যবহার-

১. কলকারখানা চালাতে
২. সেচের কাজে
৩. কাপড় শুকাতে।

(এ ছাড়াও বায়ু প্রবাহের যে কোন গ্রহণযোগ্য কারণ লিখলে পূর্ণ নম্বর পাবে)

৩টি ব্যবহার লিখলে ৩ নম্বর পাবে। প্রতিটি সঠিক ব্যবহার জন্য ১ নম্বর পাবে।


ঙ) শক্তির অপচয় ঘটে এমন ঘটনার পাঁচটি উদাহরণ দাও।

১. অপ্রয়োজনে বাতি বৈদ্যুতিক জ্বালানো
২. শীতকালে বৈদ্যুতিক পাখা চালানো
৩. রান্নার শেষে গ্যাসের চুলা জ্বালানো
৪. বিদ্যুত আসার পরও জেনারেটর চালানো
৫. অপ্রয়োজনে এয়ারকুলার চালানো

(এ ছাড়াও বিদ্যুতের অপচয়ের সম্পর্কিত যে কোন সঠিক উদাহরণ লিখলে পূর্ণ নম্বর পাবে)

৫টি ব্যবহার লিখলে ৫ নম্বর পাবে। প্রতিটি সঠিক ব্যবহার জন্য ১ নম্বর পাবে।

চ) সৌরজগতের একটি চিত্র অংকন কর।



চিত্র : সৌরজগৎ

ছ) বিজ্ঞানের অপব্যবহারের পাঁচটি উদাহরণ দাও।

বিজ্ঞানের অপব্যবহার-

১. গাড়ি থেকে নির্গত গ্যাস ও ধোঁয়া পরিবেশকে দূষিত করছে।
২. জমিতে ব্যবহৃত কীটনাশক পুকুর ও জলাশয়ের মাছকে ধ্বংস করছে।
৩. যুদ্ধে অস্ত্র ব্যবহারের ফলে অনেক নিরীহ মানুষের প্রাণ হারাচ্ছে।
৪. অতিরিক্ত টেলিভিশন ও কম্পিউটার ব্যবহারের ফলে স্বাস্থ্যের ক্ষতি হচ্ছে।
৫. অতিরিক্ত কার্বন ডাই-অক্সাইড বৃদ্ধির ফলে পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে।

(এ ছাড়াও বিজ্ঞানের অপব্যবহার সম্পর্কিত সঠিক উদাহরণ লিখলে পূর্ণ নম্বর পাবে)

৫টি সঠিক উত্তরের জন্য ৫ নম্বর পাবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ নম্বর পাবে।

জ) তথ্য সংরক্ষণের উপায়গুলো লেখ।

সংগৃহীত তথ্য সংরক্ষণের জন্য কম্পিউটারের মেনুবারের বাম দিকে ফাইল সেলেস্ট করে **Save as** নির্বাচন করে **File, Name** এর জায়গায় ফাইলের নাম ও **Save in** এ সংরক্ষণের স্থান নির্দিষ্ট করে সংরক্ষণ করতে হবে। এছাড়া মাউস দিয়ে দরকারি অংশ নির্বাচন করে তা কপি করার পর কম্পিউটারের মেমরি বা পেনড্রাইভে **Paste** করতে হবে।

(সঠিক উত্তরের জন্য ৫ নম্বর পাবে।)

ঝ) কালবৈশাখী ঝড় কেন হয় তা ব্যাখ্যা কর।

বৈশাখ মাসে সাধারণত সূর্য বাংলাদেশ ও তার দক্ষিণে বঙ্গোপসাগর ও ভারত মহাসাগরের উপর খাড়াভাবে কিরণ দেয়। ফলে এ অঞ্চলের বায়ু সকাল থেকে দুপুরের রোদের তাপে হালকা হয়ে উপরের দিকে উঠে যায়। এভাবে বিকেলের দিকে এ অঞ্চলের নিম্নচাপের সৃষ্টি হয়। এ সময় দেশের উত্তর ও হিমালয়ের দিকে বায়ুর চাপ বেশি। তাই উচ্চচাপের উত্তরাঞ্চল থেকে বায়ু প্রবল বেগে দক্ষিণ দিকে নিম্নচাপ অঞ্চলের দিকে ধাবিত হয়। এরফলে কালবৈশাখী ঝড় হয়।

(সঠিক উত্তরের জন্য ৫ নম্বর পাবে।)

ঞ) প্রাকৃতিক পরিবেশের ওপর অধিক জনসংখ্যার পাঁচটি প্রভাব লেখ।

প্রাকৃতিক পরিবেশের ওপর অধিক জনসংখ্যার প্রভাব -

১. অধিক বাসস্থান তৈরির ফলে অনেক ফসলি জমি নষ্ট হচ্ছে।
২. বাসস্থান ও কাঠের চাহিদা মেটানোর জন্য গাছপালা বিনষ্ট হচ্ছে।
৩. অধিক ফসলের জন্য রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহারের ফলে নদী ও পুকুরের পানি দূষিত হচ্ছে।
৪. স্ট্রিমার ও অন্যান্য জলযান থেকে নির্গত বর্জ্য ও মানুষের মলমূত্র নদীতে মিশে নদীর পানি দূষিত হচ্ছে।
৫. পাহাড় কাটা ও নদী ভরাটের ফলে পাহাড় ও নদী বিলুপ্ত হচ্ছে।

(এ ছাড়াও প্রাকৃতিক পরিবেশের ওপর অধিক জনসংখ্যার প্রভাব সম্পর্কিত সঠিক উত্তর লিখলে পূর্ণ নম্বর পাবে।)

(সঠিক উত্তরের জন্য ৫ নম্বর পাবে।)

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ
প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা-২০১৩
মার্কিং স্কিম
বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়
পূর্ণমান-১০০

বহু নির্বাচনী প্রশ্ন:

১ নং প্রশ্নের জন্য মার্কিং নির্দেশনা:

- প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য পূর্ণ নম্বর অর্থাৎ ১ পাবে। আংশিক নম্বর প্রদানের কোন সুযোগ নেই।
 - ভুল উত্তরের জন্য শূন্য (০) পাবে অর্থাৎ কোন নম্বর প্রদান করা যাবে না।
 - বানান ভুলের জন্য কোন নম্বর কর্তন করা যাবে না।
 - নম্বর প্রদানের ক্ষেত্রে কোনরূপ কাটা-কাটি, ঘষা-মাজা বা ওভার রাইটিং করা যাবে না।
 - প্রদত্ত নম্বর কোন কারণে সংশোধনের প্রয়োজন হলে একটানে কেটে পার্শ্বে লিখে অনুস্বাক্ষর করতে হবে।
 - অস্পষ্টতা বা দূর্বোধ্যতার কারণে হাতের লেখা পড়া না গেলে কোন নম্বর দেয়া যাবে না।
- ১। সঠিক উত্তরটি ইত্তর পত্রে লেখ: $1 \times 80 = 80$
- (১) ৬ দফা আন্দোলন হয় কত সালে?
উ: (ক) ১৯৬৯ সালে
- ২। কোন ধর্নি শুললে পাক হানাদারদের বুক ভয়ে কেঁপে উঠত?
উ: (খ) জয় বাংলা
- ৩। কিশোরগঞ্জ ব্যতীত সমগ্র ময়মনসিংহ মুক্তিযুদ্ধে কত নম্বর সেক্টরে ছিল?
উ: (গ) সেক্টর ১১
- ৪। কতসালে নবাব সিরাজ উদ্দৌলা মাত্র ২২ বছর বয়সে বাংলার নবাব হন?
উ: (খ) ১৭৫৬ সালে
- ৫। রায় দুর্লভ কে ছিলেন?
উ: (গ) বণিক
- ৬। রাজা মানিক চন্দ্রের স্ত্রীর কাহিনী কোন জায়গার সঙ্গে জড়িত?
উ: (ঘ) ময়নামতি
- ৭। কোনটি প্রধান অর্থকরী কৃষিদ্রব্য নয়?
উ: (ক) ধান
- ৮। বাংলাদেশে প্রতি কতজনের জন্য মাত্র ১ (এক) জন প্রশিক্ষণ প্রাপ্ত চিকিৎসক রয়েছে?
উ: (ক) ৪০৪৩ জনের
- ৯। জলবায়ু পরিবর্তনের ফলে ২০৫০ সালের মধ্যে বাংলাদেশের কত শতাংশ এলাকা সমুদ্রে তলিয়ে যেতে পারে?
উ: (ক) ২০
- ১০। মানবাধিকারকে কী করা উচিত?
উ: (ঘ) শ্রদ্ধা করা
- ১১। দেশের উন্নতির জন্য কোন ধরনের নাগরিক অত্যন্ত প্রয়োজন?
উ: (ক) শিক্ষিত
- ১২। কী দেখে ভোট দেয়া উচিত?
উ: (ঘ) প্রার্থীর যোগ্যতা
- ১৩। অটিস্টিক শিশু কাকে বলে?
উ: (ঘ) বিকাশগত সমস্যায় আক্রান্ত শিশুকে
- ১৪। বাংলাদেশ কী ধরণের রাষ্ট্র?
উ: (ক) গণতান্ত্রিক রাষ্ট্র
- ১৫। বেগম রোকেয়াকে কে বাড়ীতে লেখা-পড়া শেখাতেন?
উ: (ঘ) তার বড় ভাই
- ১৬। মুজিব নগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন?
উ: (ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
- ১৭। মুক্তিযুদ্ধে সর্বোচ্চ বীরত্ব সূচক উপাধি কোনটি?
উ: (ঘ) বীর শ্রেষ্ঠ
- ১৮। কবে পলাশীর যুদ্ধ হয়েছিল?
উ: (ঘ) ১৭৫৭ সালের ২৩ শে জুন
- ১৯। ১৯০৫ সালে কী হয়েছিল?
উ: (খ) বাংলা ভাগ

- ২০। কোন রাজার শাসন আমলে সোমপুর মহাবিহার নির্মিত হয়?
উঃ (ক) ধর্মপাল
- ২১। কোথায় বাংলাদেশের লোকশিল্প যাদুঘর প্রতিষ্ঠা করা হয়েছে?
উঃ (ঘ) সোনারগাঁও
- ২২। বাংলাদেশের প্রধান খাদ্য জাতীয় ফসল কোনটি?
উঃ (ক) ধান
- ২৩। বাংলাদেশের মোট জাতীয় আয়ে শিল্পের অবদান শতকরা কত ভাগ?
উঃ (গ) ৩০%
- ২৪। দেশের অর্থনৈতিক উন্নয়নের উপাদান কয়টি?
উঃ (খ) দুইটি
- ২৫। বাংলাদেশে প্রতি বছর কী পরিমাণ খাদ্য ঘাটতি হয়?
উঃ (ক) প্রায় ২৫ লক্ষ টন
- ২৬। প্রতিবছর কত হেক্টর জমি নদী ভাঙ্গনের শিকার হয়?
উঃ (ঘ) ১০,০০০
- ২৭। শুষ্ক ও অপরিষ্কৃত বৃষ্টিপাতের কারণে কী হয়?
উঃ প্রায় ২৫ লক্ষ টন
- ২৮। কোনটি মানবাধিকারের লক্ষণ?
উঃ ((ঘ) শিক্ষার সুযোগ না দেয়া
- ২৯। মানবাধিকার বাস্তবায়নের দায়িত্ব কার?
উঃ (ঘ) পরিবার, সমাজ ও রাষ্ট্র
- ৩০। কোনটি সমাজের প্রতি আমাদের দায়িত্বের অবহেলা?
উঃ (ক) অন্যের ক্ষতি করা
- ৩১। বাংলাদেশে কত বছর বয়স হলে নাগরিক ভোট দিতে পারে?
উঃ (ক) ১৮
- ৩২। অটস্টিক বন্ধুরা কেমন আচরণ করে?
উঃ (গ) চুপচাপ নিজেই নিয়ে ব্যস্ত থাকে
- ৩৩। গণতান্ত্রিক পদ্ধতিতে কিসের ভিত্তিতে সিদ্ধান্ত নেয়া হয়?
উঃ (ঘ) অধিকাংশের মতে
- ৩৪। গণতন্ত্রের অর্থ কী?
উঃ (ঘ) জনগণের শাসন
- ৩৫। একটি দেশের উন্নয়নের মূলে কী রয়েছে।
উঃ (গ) মানুষ
- ৩৬। কোন তারিখে আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়?
উঃ (ঘ) ৮ই এপ্রিল
- ৩৭। পাঁচ পীরের মাজার কোথায় অবস্থিত?
উঃ (ক) সোনারগাঁও
- ৩৮। নবাব আব্দুল গণির পুত্রের নাম কী?
উঃ (খ) আহসান উল্লাহ
- ৩৯। বাংলাদেশের সভ্যতা, সংস্কৃতি ও অর্থনীতির সাথে কোন শিল্প ঘনিষ্ঠভাবে সম্পর্ক যুক্ত?
উঃ (ঘ) ক্ষুদ্র ও কুটির শিল্প
- (৪০) রাস্তায় চলার সময় আমাদের কী করা উচিত নয়?
উঃ (ঘ) রাস্তার মাঝ দিয়ে হাটা

২ নং প্রশ্নের জন্য মার্কিং নির্দেশনা:

- শিক্ষার্থীরা উপযুক্ত শব্দ বা শব্দসমূহ বসিয়ে শূন্যস্থান পূরণ করলে প্রতিটি উত্তরের জন্য পূর্ণ নম্বর অর্থাৎ ১ নম্বর পাবে
- শূন্যস্থান পূরণ না করলে কোন নম্বর পাবে না
- ভুল উত্তরের জন্য কোন নম্বর দেয়া যাবে না অর্থাৎ শূন্য (০) পাবে
- বানান ভুলের জন্য কোন নম্বর কাটা যাবে না
- বানান ভুল বা অন্যকোন কারণে আংশিক নম্বর দেয়া যাবে না
- নম্বর প্রদানের ক্ষেত্রে কোনরূপ কাটা-কাটি, ঘষা-মাজা বা ওভার রাইটিং করা যাবে না।
- প্রদত্ত নম্বর কোন কারণে সংশোধনের প্রয়োজন হলে একটানে কেটে পার্শ্বে লিখে অনুস্বাক্ষর করতে হবে।
- অস্পষ্টতা বা দূর্বোধ্যতার কারণে হাতের লেখা পড়া না গেলে কোন নম্বর দেয়া যাবে না।

২। শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ: $1x10 = 10$

- (ক) ৩০ লক্ষ
- (খ) স্বাধীন নবাব
- (গ) বৌদ্ধ
- (ঘ) ভারসাম্যহীন
- (ঙ) নেতিবাচক
- (চ) আয়
- (ছ) গুণ
- (জ) বিশৃংখলা
- (ঝ) রেগে
- (ঞ) রাষ্ট্র

৩ নং প্রশ্নের জন্য মার্কিং নির্দেশনা:

- সঠিক ও প্রাসঙ্গিক প্রতিটি উত্তরের জন্য শিক্ষার্থীরা পূর্ণ নম্বর অর্থাৎ ১ নম্বর পাবে
- ভুল উত্তরের জন্য কোন নম্বর দেয়া যাবে না অর্থাৎ শূন্য (০) পাবে
- বানান ভুলের জন্য কোন নম্বর কাটা যাবে না
- বানান ভুল বা অন্যকোন কারণে আংশিক নম্বর দেয়া যাবে না
- হাতের লেখা ভাল-মন্দের কারণে নম্বর প্রদানের ক্ষেত্রে কোন প্রভাব পড়বে না
- নম্বর প্রদানের ক্ষেত্রে কোনরূপ কাটা-কাটি, ঘষা-মাজা বা ওভার রাইটিং করা যাবে না।
- প্রদত্ত নম্বর কোন কারণে সংশোধনের প্রয়োজন হলে একটানে কেটে পার্শ্বে লিখে অনুস্বাক্ষর করতে হবে।
- অস্পষ্টতা বা দূর্বোধ্যতার কারণে হাতের লেখা পড়া না গেলে কোন নম্বর দেয়া যাবে না।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তর পত্রে লেখ: $1x10 = 10$

- (ক) আতাউল গণি ওসমানী
- (খ) সিরাজ উদ্দৌলা ও ইংরেজ বণিকদের মধ্যে
- (গ) লম্বা ৩.৩৫ এবং চওড়া ০.৯১
- (ঘ) পাট ও চা
- (ঙ) খাদ্য, বস্ত্র, শিক্ষা, চিকিৎসা ও বাসস্থান
- (চ) কোন স্থানের স্বল্প সময়ের (১-৭ দিনের) গড় অবস্থাকে আবহাওয়া বলে।
- (ছ) মানুষ হিসেবে ভালভাবে বেঁচে থাকার অধিকারকে মানবাধিকার বলে।
- (জ) দুর্ঘটনায় পড়তে হয়
- (ঝ) অটিজম নামের বিকাশগত সমস্যায় আক্রান্ত শিশুদের অটিষ্টিক শিশু বলে।
- (ঞ) সবার মতামতের ভিত্তিতে অর্থাৎ গণতান্ত্রিক পদ্ধতিতে দলনেতা নির্বাচন করা উচিত।

৪ নং প্রশ্নের জন্য মার্কিং নির্দেশনা:

- সঠিক ও প্রাসঙ্গিক প্রতিটি উত্তরের জন্য শিক্ষার্থীরা পূর্ণ নম্বর অর্থাৎ ৫ নম্বর পাবে
- ভুল উত্তরের জন্য কোন নম্বর দেয়া যাবে না অর্থাৎ শূন্য (০) পাবে
- বানান ভুলের জন্য কোন নম্বর কাটা যাবে না
- বানান ভুল বা অন্যকোন কারণে আংশিক নম্বর দেয়া যাবে না
- হাতের লেখা ভাল-মন্দের কারণে নম্বর প্রদানের ক্ষেত্রে কোন প্রভাব পড়বে না
- নম্বর প্রদানের ক্ষেত্রে কোনরূপ কাটা-কাটি, ঘষা-মাজা বা ওভার রাইটিং করা যাবে না।
- প্রদত্ত নম্বর কোন কারণে সংশোধনের প্রয়োজন হলে একটানে কেটে পার্শ্বে লিখে অনুস্বাক্ষর করতে হবে।
- অস্পষ্টতা বা দূর্বোধ্যতার কারণে হাতের লেখা পড়া না গেলে কোন নম্বর দেয়া যাবে না।
- অতিরিক্ত প্রশ্নের উত্তর লেখার জন্য কোন নম্বর প্রদান যাবে না।

৪। ক ও খ নং প্রশ্নসহ যে কোন ৮টি প্রশ্নের উত্তর দাও: $5x8 = 80$

(ক) পাকিস্তানী শাসকগোষ্ঠীর দীর্ঘ ২৩ বছরের শাসন ও শোষণের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য এবং চূড়ান্ত মুক্তির জন্য মুক্তিযুদ্ধ হয়েছিল।

মুক্তিযোদ্ধারা চূড়ান্ত বিজয়ের লক্ষ্যে নিজের জীবন বিপন্ন করেছিল। সাধারণ মানুষ তাদের ভরসা ও সাহস জুগিয়েছিল। আর যুদ্ধের শেষের দিকে প্রতিবেশী রাষ্ট্র ভারত সামরিক শক্তি দিয়ে সাহায্য করে। এভাবে মুক্তিযুদ্ধের চূড়ান্ত বিজয় অর্জিত হয়।

অথবা অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর

(খ) মানুষ হিসেবে সুস্থ ও সুন্দরভাবে বেঁচে থাকার অধিকার গুলোকে মৌলিক মানবাধিকার বলে।

চারটি মৌলিক মানবাধিকার হল:

১। শিক্ষা লাভের অধিকার

২। নিরাপত্তা লাভের অধিকার

৩। সম্পত্তি লাভের অধিকার

৪। মত প্রকাশের অধিকার

অথবা অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর

(গ) ১। মুক্তিযুদ্ধের ফলে আমরা এদেশ পেয়েছি

২। মুক্তিযুদ্ধের ফলে আমরা আজ স্বাধীন

৩। মুক্তিযুদ্ধের ফলে আমরা একটা ভূখন্ড পেয়েছি

৪। মুক্তিযুদ্ধের ফলে আমরা একটি পতাকা পেয়েছি

৫। মুক্তি যুদ্ধের ফলে আমরা বিশ্বে পরিচিতি পেয়েছি

অথবা অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর

(ঘ) ইংরেজদের সাথে নবাবের বিরোধ, মীর জাফর ও ঘসেটি বেগমের ষড়যন্ত্র ইত্যাদি কারণে পলাশীর যুদ্ধ হয়েছিল। পলাশীর যুদ্ধের ফলে বাংলার স্বাধীনতা সূর্য অস্তমিত হয় এবং এদেশে ইংরেজ শাসনের সূত্রপাত ঘটে।

অথবা অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর

(ঙ) ১। এগুলো আমাদের অমূল্য সম্পদ

২। এগুলো নিয়ে আমরা গর্ববোধ করি

৩। বিদেশিরা এগুলো দেখতে আসে

৪। এতে আমরা অর্থনৈতিকভাবে লাভবান হই

৫। এগুলো আমাদের সংস্কৃতির ধারক ও বাহক

অথবা অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর

(চ) ১। শিক্ষিত করে গড়ে তোলা

২। প্রশিক্ষিত করে গড়ে তোলা

৩। দক্ষ করে গড়ে তোলা

৪। কর্মক্ষম করে গড়ে তোলা

৫। গুণগত মান বৃদ্ধি

অথবা অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর

(ছ) ১। শান্ত থাকতে হবে

২। ছুটাছুটি করা যাবে না

৩। শক্ত আসবাবপত্রের নিচে আশ্রয় নিতে হবে

৪। বিছানায় থাকলে বালিশ দিয়ে মাথা ঢেকে রাখতে হবে

৫। প্রাথমিক চিকিৎসা ব্যবস্থা বাড়িতে রাখতে হবে।

অথবা অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর

(জ) ১। রাষ্ট্র পরিচালনার জন্য কর প্রয়োজন

২। নাগরিকদের সুযোগ-সুবিধার জন্য কর প্রয়োজন

৩। সরকারি প্রতিষ্ঠান চালানোর জন্য কর প্রয়োজন

৪। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন দেওয়ার জন্য কর প্রয়োজন

৫। দেশের উন্নয়ন মূলক কাজের জন্য কর প্রয়োজন।

অথবা অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর

(ঝ) ১। শারীরিক ভাবে সম্পূর্ণ সুস্থ

২। নিজেকে নিয়ে মগ্ন থাকে

৩। চুপচাপ থাকতে পছন্দ করে

৪। সবার সাথে মিশতে চায় না

৫। শব্দশুনলে উত্তেজিত হয়

অথবা অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর

(ঞ) ১। গণতান্ত্রিক পদ্ধতিতে সিদ্ধান্ত নিলে সবাই খুশী হয়

২। গণতান্ত্রিক পদ্ধতিতে সিদ্ধান্ত নিলে সমাজে শান্তি বজায় থাকে

৩। এ পদ্ধতিতে সবাই মত প্রকাশ করতে পারে

৪। জনগন তাদের পছন্দমত প্রার্থী নির্বাচন করতে পারে

৫। শান্তিপূর্ণ সমাজ গঠনে এ পদ্ধতিই উত্তম

অথবা অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৩

মডেল টেস্ট -১

বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা

পূর্ণমান -১০০

মার্কিং স্কিম

১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লিখ :

(প্রতিটি উত্তরের জন্য ১ নম্বর করে পাবে, ০/১ হিসেবে নম্বর প্রদান করতে হবে)

- | | |
|---------------------|-------------------------|
| ১.(ঘ) অন্তর | ২.(ঘ) নিত্যকর্ম |
| ৩.(ঘ) মোক্ষলাভ | ৪.(ঘ) বহু |
| ৫.(ক) বৃন্দাবনে | ৬.(গ) অমরাবতী |
| ৭.(খ) ভীম | ৮.(ক) ধর্মক্ষেত্র |
| ৯.(খ) শিব | ১০.(গ) দশটি |
| ১১.(গ) শেষ | ১২.(খ) ব্রহ্ম |
| ১৩.(ক) প্রভু | ১৪.(ঘ) পদ্মনাভ |
| ১৫.(ক) দেবতাদের | ১৬.(ক) পৃথিবীতে |
| ১৭.(খ) চিরন্তন | ১৮.(ঘ) ছয় |
| ১৯.(খ) পাপীদের | ২০.(ক) ধর্মের |
| ২১.(গ) ধর্মের কথা | ২২.(গ) চারটি |
| ২৩.(ক) ব্রহ্ম | ২৪.(ক) মা |
| ২৫.(খ) অর্জুনের | ২৬.(খ) রামকৃষ্ণ |
| ২৭.(ঘ) ৪টি | ২৮.(ঘ) ভাই |
| ২৯.(ঘ) ঈশ্বর | ৩০.(ক) উপাসনার |
| ৩১.(গ) শিষ্টাচার | ৩২.(ক) দেবর্ষি |
| ৩৩.(খ) দ্বাপরযুগে | ৩৪.(ঘ) পরমতসহিষ্ণুতা |
| ৩৫.(ক) ক্ষত্রিয় | ৩৬.(খ) কাম ধেনু |
| ৩৭.(ক) অনেক যোদ্ধার | ৩৮.(ঘ) পাঁচজন |
| ৩৯.(ক) যোগ ব্যায়াম | ৪০.(গ) স্বাস্থ্যবান হয় |

প্রশ্ন	উত্তর	মার্কিং স্কিম
২নং শূণ্যস্থান পূরণ কর: (ক) যোগ সাধনের পদ্ধতি উদ্ভাবন করেছিলেন -----	(ক) মুনি-ঋষিরা	০/১
(খ) শরীর ও মনকে সুস্থ রাখার নাম-----	(খ) স্বাস্থ্য	০/১
(গ)----- ব্যক্তি সব সময় সকলের মঙ্গল কামনা করেন।	(গ) অহিংস	০/১
(ঘ) নশ ও ভদ্র আচরণকে ----বলে।	(ঘ) শিষ্টাচার	০/১
(ঙ) হিন্দু ধর্মাবলম্বীরা উপাসনালয়কে বলেন -----	(ঙ) মন্দির	০/১
(চ) হিন্দু ধর্মের প্রাচীন নাম ----	(চ) সনাতন ধর্ম	০/১
(ছ) আসন অর্থ -----	(ছ) যোগ ব্যায়ামের পদ্ধতি	০/১
(জ) দেবতার সামনে বসে ----- উপাসনা করতে হয়।	(জ) সাকার	০/১
(ঝ) নিয়মিত উপাসনা করা আমাদের - -----	(ঝ) সৎপথে পরিচালিত করে	০/১
(ঞ) ঈশ্বর সকল----- মধ্যে আছেন।	(ঞ) জীবের	০/১
৩ সর্ৎক্ষিপ্ত উত্তর প্রশ্ন : (ক) জীব বলতে কি বুঝ?	(ক) যার জীবন আছে সেই জীব।	০/১
(খ) ঈশ্বর যখন কোন রূপ ধারণ করেন তখন তাকে কী বলে ?	(খ) দেব-দেবী বলে	০/১
(গ) ব্রহ্মা কীসের দেবতা?	(গ) সৃষ্টির দেবতা	০/১

(ঘ) দুইজন দেব-দেবীর নাম লিখ।	(ঘ) শিব, দুর্গা	০/১
(ঙ) ঈশ্বরের স্বরূপ কী?	(ঙ) নিরাকার ঈশ্বর হলো ব্রহ্ম ব্রহ্মের আরেক নাম ঈশ্বর, ব্রহ্ম বা ঈশ্বর যখন আমাদের কৃপা করেন, জগতের মঙ্গল করেন, তখন তাকে বলা হয় ভগবান। সুতরাং ব্রহ্ম, ঈশ্বর, ভগবান, দেব দেবী এবং আত্মা - আলাদা কিছু নয়। একই ঈশ্বরের ভিন্ন ভিন্ন নাম ও পরিচয়।	০/১
(চ) মোক্ষ কাকে বলে?	(চ) 'মোক্ষ' শব্দের অর্থ মুক্তি। জন্মান্তর বা পুনর্জন্মের আবর্ত থেকে ঈশ্বর বা পরমাত্মা বা পরম ব্রহ্মের সঙ্গে জীবাত্মার মিলনই হলো মুক্তি বা মোক্ষ।	০/১
(ছ) নিত্যকর্ম কত প্রকার ও কী কী?	(ছ) নিত্যকর্ম ছয় প্রকার। ১. প্রাতঃকৃত্য, ২. পূর্বাহ্ন কৃত্য, ৩. মধ্যাহ্ন কৃত্য, ৪. অপরাহ্ন কৃত্য, ৫. সায়াহ্ন কৃত্য, ৬. রাত্রিকৃত্য	০/১
(জ) রাম কেন বনে গমন করেছিলেন?	(জ) পিতৃ আদেশ পালনের জন্য।	০/১
(ঝ) যোগ বলতে কি বুঝ?	(ঝ) যোগ শব্দের অর্থ দুটো, (১) ঈশ্বরের সঙ্গে যোগ, (২) চিত্তবৃত্তির নিরোদ	০/১
(ঞ) আসন বলতে কি বুঝ?	(ঞ) যোগ ব্যায়ামের বিশেষ পদ্ধতিকে আসন বলে।	০/১
৪নং (১) বেদসংহিতা বলতে কি বুঝ? চারটি বেদসংহিতা সম্পর্কে সংক্ষেপে লেখ।	১. বেদ ঈশ্বরের বানী। বিভিন্ন মুনি-ঋষি এই বানী সমূহ দর্শন করেছেন, সেগুলো লিপিবদ্ধ করে সংহত করেছেন। তাই এর নাম দেয়া হয়েছে সংহিতা বা বেদ সংহিতা। ঋগ্বেদ - এতে দেবতাদের স্তুতি ও প্রার্থনার মন্ত্র রয়েছে। যজুর্বেদ - এর মন্ত্রগুলো যজ্ঞের সময় উচ্চারণ করা হয়। সামবেদ - মন্ত্রগুলো গানের মত দেবতাদের উদ্দেশ্যে এগুলো সুর দিয়ে গাওয়া হয়। অথর্ববেদ - চিকিৎসা বিজ্ঞান, বাস্তববিদ্যা (গৃহনির্মাণ) ইত্যাদিসহ জীবনের অন্যান্য বিষয় সম্পর্কে আলোচনা হয়।	প্রথম অংশের জন্য পাবে ১ নম্বর+ চারটি বেদ সংহিতার প্রত্যেকটির জন্য ১ নম্বর করে ৪ নম্বর, মোট ৫ নম্বর পাবে
(২) শিষ্টাচারের প্রয়োজনীয়তা সম্পর্কে পাঁচটি বাক্য লিখ।	২. (ক) শিষ্টাচার চরিত্রকে সুন্দর ও উন্নত করে। (খ) সজ্জন ও ধার্মিক হতে সাহায্য করে (গ) মানুষের মন জয় করা যায়। (ঘ) ভালোবাসা পাওয়া যায়। (ঙ) সম্মান পাওয়া যায়।	প্রতিটি বাক্যের জন্য ১ নম্বর করে পাবে।
(৩) ঈশ্বর সম্পর্কে সংক্ষেপে লেখ। (পাঁচটি বাক্য)	৩. (ক) ঈশ্বর এক ও অদ্বিতীয়। (খ) তিনি সর্বশক্তিমান। (গ) ঈশ্বর আমাদের সৃষ্টি করেছেন (ঘ) নিরাকার ঈশ্বরকে ব্রহ্ম বলে। (ঙ) ঈশ্বর শব্দটির অর্থ হলো প্রভু। (চ) ঈশ্বর যখন আমাদের কৃপা করেন, জগতের মঙ্গল করেন তখন তাকে ভগবান বলে।	প্রতিটি বাক্যের জন্য ১ নম্বর করে পাবে।

<p>(৪) প্রার্থনার প্রয়োজনীয়তা কী? (পাঁচটি বাক্যে লেখ)</p>	<p>৪.(ক) প্রার্থনার মাধ্যমে আমরা ঈশ্বরের নিকট প্রানের আবেদন জানাই। (খ) ঈশ্বরের দয়ার উপর সবকিছু নির্ভর করে। (গ) শুভ কাজ শুরু পূর্বে আমরা ঈশ্বরের নিকট প্রার্থনা করি। (ঘ) বিপদ থেকে মুক্তির জন্য আমরা ঈশ্বরের নিকট প্রার্থনা করি। (ঙ) নিজের ও অন্যের মঙ্গলের জন্য আমরা ঈশ্বরের নিকট প্রার্থনা করি।</p>	<p>প্রতিটি বাক্যের জন্য ১ নম্বর করে পাবে।</p>
<p>(৫) জন্মান্তর কাকে বলে? এ সম্পর্কে চারটি বাক্য লেখ।</p>	<p>৫. আত্মার পুনঃপুন জন্ম গ্রহন করাই হলো জন্মান্তর। (ক) আত্মা কর্ম অনুসারে ফল লাভ করে। (খ) কর্মফল অনুযায়ী জন্ম লাভ করে। (গ) কর্মফল এক জনমে শেষ হয় না। (ঘ) কর্মফল শেষ না হওয়া পর্যন্ত আত্মা জন্মলাভ করে।</p>	<p>প্রথম অংশের জন্য ১ নম্বর পাবে। পরের অংশে প্রতিটি বাক্যের জন্য ১ নম্বর করে পাবে। মোট ৫ নম্বর</p>
<p>(৬) মার্গারেট কেন স্বামী বিবেকানন্দের শিষ্যত্ব গ্রহণ করণে? (পাঁচটি বাক্য লেখ)</p>	<p>৬. (ক) মার্গারেট চার্চের সংকীর্ণতা থেকে মুক্তি চেয়েছিলেন। (খ) স্বামীজির হিন্দুধর্ম দর্শন সংক্রান্ত বক্তৃতা তাকে আকৃষ্ট করে। (গ) স্বামীজির কাজকর্মে তিনি মুগ্ধ ছিলেন। (ঘ) বেদান্তের ধর্মমত তাকে মুগ্ধ করেছিল। (ঙ) তাই স্বামীজির শিষ্যত্ব গ্রহণ করে ভারতবাসীর সেবায় আত্ম নিয়োগ করেন</p>	<p>প্রতিটি বাক্যের জন্য ১ নম্বর করে পাবে। মোট ৫ নম্বর</p>
<p>(৭) “সাধনার পথ বহু কিন্তু ঈশ্বর এক” - কথাটি বুঝিয়ে লেখ। (পাঁচটি বাক্যে লেখ)</p>	<p>৭.(ক) ঈশ্বর এক ও অদ্বিতীয়। (খ) সকল ধর্মই নিজের মুক্তি চায়। (গ) জীব জগতের কল্যান চায়। (ঘ) উপাস্যের পথ ভিন্ন কিন্তু উপাস্য এক। (ঙ) বিভিন্ন ধর্মাবলম্বী বিভিন্ন ভাবে একই সৃষ্টিকর্তার উপাসনা করে।</p>	<p>প্রতিটি বাক্যের জন্য ১ নম্বর করে পাবে। মোট ৫ নম্বর</p>
<p>(৮) “শিষ্টাচার একটি নৈতিক গুণ এবং ধর্মের অঙ্গ” -বর্ণনা কর। (পাঁচটি বাক্য লেখ)</p>	<p>৮.(ক) নশ্র ভদ্র আচরণই শিষ্টাচার। (খ) শিষ্টাচার ধর্মের অঙ্গ। (গ) শিষ্টাচারের মাধ্যমে ছোট বড় সমবয়সী সবার নিকট সম্মান পাওয়া যায়। (ঘ) জীবের মধ্যে ঈশ্বর বিরাজমান। (ঙ) জীবের প্রতি শ্রদ্ধা প্রদর্শনের মাধ্যমে ঈশ্বরের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা যায়।</p>	<p>প্রতিটি বাক্যের জন্য ১ নম্বর করে পাবে। মোট ৫ নম্বর</p>
<p>(৯) ব্রাহ্মণের ঘরে কান্নার রোল উঠেছিল কেন? (পাঁচটি বাক্যে লেখ)</p>	<p>৯. (ক) একচক্রা নগরের বনে এক রাক্ষস বাস করত। (খ) রাক্ষসকে পালান্দ্রমিক ভাবে প্রতিদিন আহারের জন্য একজন মানুষ, দু’টি মহিষ, এবং অনেক ভাত দিতে হত। (গ) ঘটনার দিন ব্রাহ্মণ পরিবারের পালা ছিল। (ঘ) পরিবারের সদস্যরা কেউ কাউকে রাক্ষসের</p>	<p>প্রতিটি বাক্যের জন্য ১ নম্বর করে পাবে। মোট ৫ নম্বর</p>

	<p>নিকট যেতে দিতে চাচ্ছিল না।</p> <p>(ঙ) এ কারণে ব্রাহ্মণ পরিবারে কান্নার রোল উঠেছিল।</p>	
<p>(১০) ভীম কিভাবে রাক্ষসকে হত্যা করেন।</p>	<p>১০. (ক) ভীম রাক্ষসের খাবার নিয়ে বনে গেল।</p> <p>(খ) রাক্ষসকে না পেয়ে সে নিজেই খাবার খেতে শুরু করল।</p> <p>(গ) রাক্ষস এসে দেখে খুব রেগে গেল।</p> <p>(ঘ) রাক্ষস ভীমকে মারতে থাকল।</p> <p>(ঙ) ভীম খাবার শেষ করে রাক্ষসকে এক আছাড় দিয়ে মেরে ফেলল।</p>	<p>প্রতিটি বাক্যের জন্য ১ নম্বর করে পাবে।</p>